বার্ষিক প্রতিবেদন
২০২২-২০২৩

বাঁচবে সময়, বাঁচবে পরিবেশ
যানজট কমাবে মেট্রোরেল

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

ভূমিকা

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে অত্যাধুনিক গণপরিবহন হিসেবে Mass Rapid Transit (MRT) বা মেট্রোরেল নেটওয়ার্কের পরিকল্পনা, সার্ভে, ডিজাইন, অর্থায়ন, নির্মাণ, পরিচালনা ও রক্ষণাবেক্ষণের নিমিত্ত The Companies Act 1994 অনুযায়ী গত ০৩ জুন ২০১৩ তারিখ শতভাগ সরকারি মালিকানাধীন Dhaka Mass Transit Company Limited (DMTCL) গঠন করা হয়। এই কোম্পানির Authorized Share Capital ১০ (দশ) হাজার কোটি টাকা এবং Paid-up Capital ৫০০ (পাঁচশত) কোটি টাকা।

রূপকল্প

বাঁচবে সময়, বাঁচবে পরিবেশ
যানজট কমাবে মেট্রোরেল

অভিলক্ষ্য

দ্রুতগামী, নিরাপদ, নির্ভরযোগ্য, শীতাতপ নিয়ন্ত্রিত, সময়-সাশ্রয়ী, বিদ্যুৎ চালিত, পরিবেশবান্ধব ও দূরনিয়ন্ত্রিত অত্যাধুনিক প্রযুক্তিনির্ভর স্মার্ট গণপরিবহন ব্যবস্থা প্রবর্তনের মাধ্যমে ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসন

পরিচালনা পরিষদ

Dhaka Mass Transit Company Limited (DMTCL)-এর ১১ সদস্য বিশিষ্ট একটি পরিচালনা পরিষদ রয়েছে (পরিশিষ্ট-ক)। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ পরিচালনা পরিষদের চেয়ারম্যান। পরিচালনা পরিষদের প্রথম সভা গত ১৬ নভেম্বর ২০১৪ তারিখ অনুষ্ঠিত হয়। এরই ধারাবাহিকতায় ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত পরিচালনা পরিষদের মোট ৫৩টি সভা অনুষ্ঠিত হয়েছে (পরিশিষ্ট-খ)। তন্মধ্যে ২০২২-২০২৩ অর্থবছরে পরিচালনা পরিষদের মোট ৭টি সভা অনুষ্ঠিত হয়। সভাসমূহে গৃহীত ৪০টি সিদ্ধান্তের মধ্যে সকল সিদ্ধান্তই ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছে। ০১ জুলাই ২০২২ থেকে ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত যাঁরা পরিচালনা পরিষদের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন তাঁদের তালিকা পরিশিষ্ট-গ তে দেয়া হয়েছে।

বার্ষিক সাধারণ সভা

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর ৯ম বার্ষিক সাধারণ সভা গত ২০ ডিসেম্বর ২০২২ তারিখ অনুষ্ঠিত হয়। এই সভায় কোম্পানির ৩০ জুন ২০২২ তারিখে সমাপ্ত বছরের হিসাব বিবরণী, নিরীক্ষকের প্রতিবেদন, পরিচালকমন্ডলীর প্রতিবেদন, পরিচালকগণের নির্বাচন/পুনঃনির্বাচন এবং কোম্পানির নিরীক্ষক পুনঃনিয়োগ ও ফি পুনঃনির্ধারণ অনুমোদন করা হয়।

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর ৯ম বার্ষিক সাধারণ সভা

উল্লেখ্য যে, ডিএমটিসিএল-এর প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম, ষষ্ঠ, সপ্তম এবং অষ্টম বার্ষিক সাধারণ সভা যথাক্রমে গত ১৬ নভেম্বর ২০১৪ তারিখ, ৩১ ডিসেম্বর ২০১৫ তারিখ, ২৮ ডিসেম্বর ২০১৬ তারিখ, ২৭ ডিসেম্বর ২০১৭ তারিখ, ২৬ ডিসেম্বর ২০১৮ তারিখ, ২৩ ডিসেম্বর ২০১৯ তারিখ, ৩০ ডিসেম্বর ২০২০ তারিখ ও ২৯ ডিসেম্বর ২০২১ তারিখ অনুষ্ঠিত হয়েছিল।

সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০

সমৃদ্ধির অগ্রযাত্রায় বাংলাদেশ শিরোনামে প্রকাশিত নির্বাচনী ইশতেহার ২০১৮-তে বাংলাদেশে প্রথম উড়াল মেট্রোরেল বা এমআরটি লাইন-৬ নির্মাণ এবং ঢাকা মহানগরী ও পার্শ্ববর্তী এলাকার সমন্বয়ে মেট্রোরেল নেটওয়ার্ক গড়ে তোলার প্রতিশ্রুতি রয়েছে। সরকারের পঞ্চবার্ষিকী পরিকল্পনা এবং প্রেক্ষিত পরিকল্পনায় প্রতিশ্রুতির প্রতিফলন রয়েছে। এই প্রেক্ষাপটে ঢাকা মহানগরী ও পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে ডিএমটিসিএল-এর আওতায় অত্যাধুনিক প্রযুক্তিনির্ভর স্মার্ট গণপরিবহন হিসেবে ৬টি MRT বা মেট্রোরেলের সমন্বয়ে একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সরকার নিম্নোক্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করেছে:

ঢাকা মেট্রোরেল নেটওয়ার্ক নির্মাণের নিমিত্ত সরকারের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০

<table>
<tr><th>এমআরটি লাইনের নাম</th><th>লাইনের রং</th><th>পর্যায়</th><th>সম্ভাব্য সমাপ্তির সাল</th><th>ধরন</th></tr>
<tr><td>এমআরটি লাইন-৬</td><td>সবুজ</td><td>প্রথম</td><td>২০২৫</td><td>উড়াল</td></tr>
<tr><td>এমআরটি লাইন-১</td><td>লাল</td><td rowspan="2">দ্বিতীয়</td><td>২০২৬</td><td rowspan="5">উড়াল ও পাতাল</td></tr>
<tr><td>এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট</td><td>আকাশী</td><td>২০২৮</td></tr>
<tr><td>এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট</td><td>কমলা</td><td rowspan="3">তৃতীয়</td><td rowspan="3">২০৩০</td></tr>
<tr><td>এমআরটি লাইন-২</td><td>বেগুনি</td></tr>
<tr><td>এমআরটি লাইন-৪</td><td>নীল</td></tr>
</table>

এই কর্মপরিকল্পনা অনুসরণে উত্তরা উত্তর থেকে কমলাপুর পর্যন্ত ২১.২৬ কিলোমিটার দীর্ঘ ১৭টি স্টেশন বিশিষ্ট MRT Line-6 এর নির্মাণ কাজ early commissioning এর লক্ষ্যমাত্রা অর্জনে পুরোদমে এগিয়ে চলছে। ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত MRT Line-6 এর উত্তরা উত্তর হতে মতিঝিল পর্যন্ত অংশের বাস্তব গড় অগ্রগতি ৯৫.৩৯%। মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত অংশের পূর্ত কাজের অগ্রগতি ০৭.৫০%। ইলেকট্রিক্যাল ও মেকানিক্যাল সিস্টেম এবং রোলিং স্টক (রেলকোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ কাজের সমন্বিত অগ্রগতি ৯০.২৪%। আগামী অক্টোবর ২০২৩ মাসে সরকার আগারগাঁও থেকে মতিঝিল পর্যন্ত চালুর পরিকল্পনা গ্রহণ করেছে। ২০২৬ সালের ডিসেম্বর মাসের মধ্যে নির্মাণের জন্য নির্ধারিত বিমানবন্দর থেকে কমলাপুর পর্যন্ত ১৯.৮৭২ কিলোমিটার পাতাল মেট্রোরেল লাইন ও ১২টি পাতাল মেট্রোরেল স্টেশন বিশিষ্ট বিমানবন্দর রুট এবং নতুন বাজার থেকে পিতলগঞ্জ ডিপো পর্যন্ত ১১.৩৬৯ কিলোমিটার উড়াল মেট্রোরেল লাইন এবং ৭টি উড়াল ও ২টি পাতাল মেট্রোরেল স্টেশন বিশিষ্ট পূর্বাচল রুট সমন্বয়ে মোট ৩১.২৪১ কিলোমিটার দীর্ঘ বাংলাদেশের প্রথম পাতাল মেট্রোরেল MRT Line-1 এর নির্মাণ কাজ গত ০২ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ মাননীয় প্রধানমন্ত্রী শুভ উদ্বোধন করেন। কমলাপুর থেকে বিমানবন্দর রুটেই বাংলাদেশের প্রথম পাতাল বা Underground মেট্রোরেল নির্মিত হতে যাচ্ছে। ২০২৮ সালের মধ্যে ১৩.৫০ কিলোমিটার পাতাল ও ৬.৫০ কিলোমিটার উড়াল মেট্রোরেলের সমন্বয়ে হেমায়েতপুর থেকে ভাটারা পর্যন্ত মোট ২০ কিলোমিটার দীর্ঘ MRT Line-5: Northern Route নির্মাণের লক্ষ্যে Feasibility Study, Basic Design ও হেমায়েতপুর ডিপোর ভূমি অধিগ্রহণের কাজ সম্পন্ন হয়েছে। বর্তমানে Detailed Design এর কাজ শেষ পর্যায়ে রয়েছে। আগামী অক্টোবর ২০২৩ মাসে মাননীয় প্রধানমন্ত্রী এই লাইনের নির্মাণ কাজের শুভ উদ্বোধন করবেন বলে আশা করা যাচ্ছে। এটিই হবে ঢাকা মহানগরীর প্রথম পূর্ব-পশ্চিম MRT Corridor. ২০৩০ সালের মধ্যে গাবতলী থেকে আফতাব নগর পশ্চিম পর্যন্ত ১৩.১০ কিলোমিটার পাতাল এবং আফতাব নগর সেন্টার থেকে দাশেরকান্দি পর্যন্ত ৪.১০ কিলোমিটার উড়াল মোট ১৭.২০ কিলোমিটার দীর্ঘ এবং ১৫টি স্টেশন (পাতাল ১১টি এবং উড়াল ৪টি) বিশিষ্ট মেট্রোরেল নির্মাণের নিমিত্ত Feasibility Study ও Engineering Design সম্পন্ন হয়েছে। Feasibility Study এর ভিত্তিতে বিনিয়োগ প্রকল্পের ডিপিপি গত ২২ মার্চ ২০২৩ তারিখ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করা হয়। ২০৩০ সালের মধ্যে গাবতলী থেকে নিউমার্কেট-গুলিস্তান-কমলাপুর-সাইনবোর্ড হয়ে নারায়ণগঞ্জ জেলা সদর পর্যন্ত সম্ভাব্য মেইন লাইন এবং গুলিস্তান থেকে সদরঘাট পর্যন্ত ব্রাঞ্চ লাইন সমন্বয়ে সম্ভাব্য ৩৫ কিলোমিটার দীর্ঘ MRT Line-2 এবং কমলাপুর থেকে সাইনবোর্ড হয়ে নারায়ণগঞ্জ জেলার মদনপুর পর্যন্ত উড়াল ও পাতাল সমন্বয়ে সম্ভাব্য ১৬ কিলোমিটার দীর্ঘ MRT Line-4 নির্মাণের নিমিত্ত Feasibility Study করার জন্য উন্নয়ন সহযোগী সংস্থা অনুসন্ধান করা হচ্ছে।

ডিএমটিসিএল এর আওতায় বাস্তবায়নাধীন সরকারের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ অনুযায়ী মেট্রোরেল নেটওয়ার্ক

সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ পরবর্তী ভবিষ্যৎ পরিকল্পনা

মেট্রোরেল আইন ২০১৫ এর ধারা-১ এর উপধারা-(২) (ক) অনুযায়ী বাংলাদেশ সরকারের ঢাকা, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, গাজীপুর এবং নরসিংদী জেলাকে মেট্রোরেল নেটওয়ার্কের আওতায় আনার পরিকল্পনা রয়েছে। এই প্রেক্ষাপটে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ এর আওতায় MRT Line-2 এর মাধ্যমে নারায়ণগঞ্জ মহানগরীকে মেট্রোরেল নেটওয়ার্কের আওতায় আনা হচ্ছে।

দ্বিতীয় পর্যায়ে নিম্নোক্তভাবে MRT Line সমূহ বর্ধিত করার পরিকল্পনা রয়েছে:

- MRT Line-6-কে উত্তরা উত্তর মেট্রোরেল স্টেশন থেকে গাজীপুর জেলার টংগী পর্যন্ত;
- MRT Line-1-কে কমলাপুর মেট্রোরেল স্টেশন থেকে মুন্সিগঞ্জ জেলার ঝিলমিল পর্যন্ত এবং বিমানবন্দর মেট্রোরেল স্টেশন থেকে গাজীপুর জেলা সদর পর্যন্ত;
- MRT Line-5: Northern Route-কে হেমায়েতপুর মেট্রোরেল স্টেশন থেকে ঢাকা জেলার নবীনগর হয়ে বাইপাইল পর্যন্ত এবং ভাটারা মেট্রোরেল স্টেশন থেকে নারায়ণগঞ্জ জেলার ভুলতা পর্যন্ত; এবং
- MRT Line-5: Southern Route-কে দাশেরকান্দি মেট্রোরেল স্টেশন থেকে বরপা হয়ে নারায়ণগঞ্জ জেলার ভুলতা পর্যন্ত।

তৃতীয় পর্যায়ে নিম্নোক্তভাবে MRT Line সমূহ বর্ধিত করার পরিকল্পনা রয়েছে:

- MRT Line-6-কে উত্তরা উত্তর মেট্রোরেল স্টেশন থেকে ঢাকা জেলার আশুলিয়া হয়ে বাইপাইল পর্যন্ত;
- MRT Line-1-কে পূর্বাচল টার্মিনাল মেট্রোরেল স্টেশন থেকে নরসিংদী জেলার শেখেরচর পর্যন্ত;
- MRT Line-5: Northern Route-কে ভুলতা থেকে নরসিংদী জেলা সদর পর্যন্ত এবং নবীনগর থেকে মানিকগঞ্জ জেলা পর্যন্ত;
- MRT Line-2-কে নারায়ণগঞ্জ থেকে মুন্সিগঞ্জ জেলা সদর পর্যন্ত; এবং
- MRT Line-4-কে কাঁচপুর থেকে নারায়ণগঞ্জ জেলার বরপা পর্যন্ত।

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন জেলাসমূহের সমন্বয়ে গঠিত প্রস্তাবিত মেট্রোরেল নেটওয়ার্ক

এই প্রেক্ষাপটে Mid-term Review and Updating of Revised Strategic Transport Plan for DTCA Area (MTR-RSTP)-তে MRT Line সমূহের ভবিষ্যৎ পরিকল্পনা অন্তর্ভুক্ত করার প্রস্তাব সংশ্লিষ্ট প্রকল্প কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়েছে।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩

স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী বাংলার আকাশের ধ্রুবতারা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৩তম জন্মবার্ষিকী উদযাপন ও জাতীয় শিশু দিবস ২০২৩ উপলক্ষ্যে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড গত ১৭ মার্চ ২০২৩ তারিখ দিনব্যাপী কর্মসূচির আয়োজন করে। কর্মসূচিগুলোর অন্যতম হল: পথ শিশুদের আগারগাঁও মেট্রোরেল স্টেশন থেকে উত্তরা উত্তর মেট্রোরেল স্টেশন পর্যন্ত মেট্রো ট্রেনে ভ্রমণ, মেট্রোরেল প্রদর্শনী ও তথ্য কেন্দ্র পরিদর্শন, পথশিশুদের নিয়ে কেক কাটা, দিবসের প্রতিপাদ্য: **"স্মার্ট বাংলাদেশের স্বপ্নে বঙ্গবন্ধুর জন্মদিন, শিশুদের চোখ সমৃদ্ধির স্বপ্নে রঙিন"**-এর উপর আলোচনা সভা, দোয়া মাহফিল ও বিশেষ মোনাজাত এবং পবিত্র কোরআন খতম ও মাদ্রাসার এতিম শিশুদের উন্নতমানের খাবার পরিবেশন।

১৭ মার্চ ২০২৩ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে ডিএমটিসিএল এর দিনব্যাপী কর্মসূচির খণ্ডচিত্র

জাতীয় শোক দিবস ২০২২

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৭তম শাহাদত বার্ষিকী ও ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২২ উপলক্ষ্যে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর সাইট অফিসসমূহে (উত্তরা, আগারগাঁও, ফার্মগেইট ও গাবতলী) বাংলাদেশ ফ্ল্যাগ রুলস ১৯৭২ অনুযায়ী প্রত্যুষে জাতীয় পতাকা উত্তোলন করে অর্ধনমিত রাখা হয় এবং সূর্যাস্তের সঙ্গে সঙ্গে জাতীয় পতাকা নামিয়ে ফেলা হয়। ডিএমটিসিএল ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের সকল গ্রেডের কর্মচারীগণ আগস্ট ২০২২ মাসব্যাপী কালো ব্যাজ ধারণ করেন। ডিএমটিসিএল ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের ১০ম গ্রেড পর্যন্ত কর্মকর্তাগণ ব্যবস্থাপনা পরিচালক এঁর নেতৃত্বে শোক র‍্যালি করে ১৫ আগস্ট ২০২২ তারিখ ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। ফার্মগেটস্থ ডিএমটিসিএল এর সম্মেলন কক্ষে কর্মচারীগণ এক আলোচনা সভা ও দোয়া মাহফিলে অংশগ্রহণ করেন। ডিএমটিসিএল এবং এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের কর্মচারীগণ জাতীয় শোক দিবস ২০২২ উপলক্ষ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ আয়োজিত কেন্দ্রীয় রক্তদান কর্মসূচিতেও অংশগ্রহণ করেন।

১৫ আগস্ট ২০২২ তারিখ জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ডিএমটিসিএল এর উদ্যোগে ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ

১৫ আগস্ট ২০২২ তারিখ জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ফার্মগেটস্থ ডিএমটিসিএল এর সম্মেলন কক্ষে আয়োজিত আলোচনা সভা

১৫ আগস্ট ২০২২ তারিখ জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ফার্মগেটস্থ ডিএমটিসিএল এর সম্মেলন কক্ষে আয়োজিত দোয়া মাহফিল

জাতীয় শোক দিবস ২০২২ উপলক্ষ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ আয়োজিত কেন্দ্রীয় রক্তদান কর্মসূচিতে ডিএমটিসিএল এর কর্মচারিগণের রক্তদান

মুজিব কর্নার

MRT Line-6 এর উত্তরাস্থ ডিপোর প্রশাসনিক ভবনের নিচ তলায় **মুজিব কর্নার** স্থাপন করা হয়েছে। মুজিব কর্নারে স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর মুরাল, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান- একজন আপোষহীন মহানায়কের গল্প এবং জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর আত্মজীবনীমূলক বিভিন্ন গ্রন্থ সংরক্ষণ করা হয়েছে। আগামী ১৫ আগস্ট ২০২৩ তারিখ **মুজিব কর্নার** এর বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর **মুরালের বেদিতে** ডিএমটিসিএল এর পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণের পরিকল্পনা রয়েছে।

MRT Line-6 এর উত্তরাস্থ ডিপোর প্রশাসনিক ভবনের নিচ তলায় স্থাপিত **মুজিব কর্নার**

শেখ রাসেল দিবস উদ্‌যাপন

গত ১৮ অক্টোবর ২০২২ তারিখ **শেখ রাসেল দিবস** উদ্‌যাপন উপলক্ষ্যে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর উদ্যোগে এমআরটি লাইন-৬ এর ফার্মগেটস্থ সাইট অফিসের সম্মুখে শেখ রাসেল এর প্রতিকৃতি স্থাপন করা হয়। স্থাপিত প্রতিকৃতিতে ডিএমটিসিএল ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের পক্ষ থেকে কর্মচারিগণ পুষ্পস্তবক অর্পণ করেন। দিবসের প্রতিপাদ্য **"শেখ রাসেল দীপ্ত জয়োল্লাস, অদম্য আত্মবিশ্বাস"**।

শেখ রাসেল দিবস ২০২২ উদ্‌যাপন উপলক্ষ্যে টিম ডিএমটিসিএল কর্তৃক শেখ রাসেল এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ

বাংলাদেশের প্রথম মেট্রোরেল উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত বাণিজ্যিকভাবে চালু

মাননীয় প্রধানমন্ত্রী গত ২৮ ডিসেম্বর ২০২২ তারিখ উত্তরা ১৫ নম্বর সেক্টরের সি-১ ব্লকের খেলার মাঠে লক্ষাধিক সুধীজনের উপস্থিতিতে বাংলাদেশের গর্ব ও আকাঙ্ক্ষার প্রতীক MRT Line-6 এর উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত অংশ শুভ উদ্বোধন করেন। এরই মাধ্যমে বিশ্বের ১৯৩টি দেশের মধ্যে ৬০তম দেশ হিসেবে বাংলাদেশে মেট্রোরেল চালু হয়েছে (পরিশিষ্ট-ঘ)। উদ্বোধন অনুষ্ঠানটি একাধিক ধাপে সম্পন্ন হয়। এইগুলোর মধ্যে অন্যতম হল: সুধী সমাবেশে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনী ফলকের প্রতিরূপ উন্মোচন, ভাষণ প্রদান, স্মারক ডাক টিকেট ও প্রথম দিনের কভার এবং স্মারক নোট উন্মোচন; উত্তরা উত্তর মেট্রোরেল স্টেশন সংলগ্ন এলাকায় স্থাপিত মূল ফলক পরিদর্শন এবং মূল ফলকের পার্শ্বে তেঁতুল গাছের চারা রোপণ। মাননীয় প্রধানমন্ত্রী ও সফর সঙ্গীগণ MRT Pass ক্রয় করে উত্তরা উত্তর থেকে আগারগাঁও মেট্রোরেল স্টেশন পর্যন্ত মেট্রো ট্রেনে ভ্রমণ করেন। মেট্রো ট্রেনের প্রথম যাত্রায় মাননীয় প্রধানমন্ত্রীর সফর সঙ্গী হিসেবে যাঁরা ছিলেন তাঁদের মধ্যে অন্যতম হল: বীর মুক্তিযোদ্ধাগণ, মন্ত্রিপরিষদের সদস্যগণ, ঊর্ধ্বতন সামরিক ও বেসামরিক কর্মকর্তাগণ, মান্যবর রাষ্ট্রদূতগণ, উন্নয়ন সহযোগী সংস্থার প্রতিনিধিগণ, প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থী, উপজাতি, গার্মেন্টস কর্মী, মাদ্রাসা শিক্ষার্থী, ইমাম, পুরোহিত, বৌদ্ধ ভিক্ষু, খ্রিস্টান যাজক, ড্রাইভার, সবজি বিক্রেতা, রিক্সা চালক, দিনমজুর, কৃষক, অগ্নি সন্ত্রাসে আহত ব্যক্তিগণ।

মাননীয় প্রধানমন্ত্রী সবুজ পতাকা নাড়িয়ে বাংলাদেশের প্রথম মেট্রো ট্রেন চলাচলের শুভ সূচনা করেন

MRT Line-6 এর প্রথম অংশের শুভ উদ্বোধন উপলক্ষ্যে সুধী সমাবেশে মাননীয় প্রধানমন্ত্রী ভাষণ প্রদান করছেন

সবুজ পতাকা নাড়িয়ে বাংলাদেশের প্রথম মেট্রো ট্রেনের যাত্রার শুভ সূচনার পর মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সবুজ পতাকায় স্বাক্ষর

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক MRT Line-6 এর উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত অংশের শুভ উদ্বোধনের খন্ডচিত্র

নবনিযুক্ত মেট্রো ট্রেন অপারেটরগণের দেশে-বিদেশে প্রশিক্ষণ এবং অক্লান্ত পরিশ্রমে বাংলাদেশের প্রথম মেট্রো ট্রেনের প্রথম যাত্রা থেকেই বাংলাদেশী ট্রেন অপারেটরগণ মেট্রো ট্রেন পরিচালনা করেন। গত ২৮ ডিসেম্বর ২০২২ তারিখ মাননীয় প্রধানমন্ত্রী সবুজ পতাকা নাড়িয়ে বাংলাদেশের প্রথম মেট্রো ট্রেন চলাচলের যে শুভ সূচনা করেছিলেন সেই মেট্রো ট্রেনের ট্রেন অপারেটর ছিলেন জনাব আসমা আক্তার এবং মাননীয় প্রধানমন্ত্রী যে মেট্রো ট্রেনে ভ্রমণ করে বাংলাদেশে মেট্রোরেল যুগের শুভ সূচনা করেছিলেন সেই মেট্রো ট্রেনের ট্রেন অপারেটর ছিলেন জনাব মরিয়ম আফিজা।

ঢাকা মেট্রোরেলের সুশিক্ষিত ও প্রশিক্ষিত ট্রেন অপারেটরগণের একাংশ

MRT Line-6 এর উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত অংশের পরিচালন

MRT Line-6 এর উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত অংশ গত ২৮ ডিসেম্বর ২০২২ তারিখ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক শুভ উদ্বোধনের পর গত ২৯ ডিসেম্বর ২০২৩ তারিখ হতে এই অংশ জনসাধারণের চলাচলের জন্য উন্মুক্ত করা হয়। প্রথম অবস্থায় মাঝের কোনো স্টেশনে মেট্রে ট্রেন না থেমে উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত মেট্রো ট্রেন চলাচল করেছে। পর্যায়ক্রমে যাত্রীগণের অভ্যস্ততা এবং বাস্তব প্রেক্ষাপট বিবেচনায় মেট্রো ট্রেন থামার স্টেশন সংখ্যা এবং সময়সীমা বৃদ্ধি করা হয় (**পরিশিষ্ট-ঙ**)। মেট্রো ট্রেন থামার স্টেশন সংখ্যা এবং সময়সীমা বৃদ্ধির সঙ্গে সঙ্গে Peak Hour এবং Off- Peak Hour বিবেচনায় নিয়ে Headway তেও পরিবর্তন আনা হয় (**পরিশিষ্ট-চ**)। এখন শুক্রবার ব্যতীত প্রতিদিন সকাল ৮.০০ ঘটিকা থেকে রাত ৮ টা ৩০ মিনিট পর্যন্ত মেট্রো ট্রেন নিয়মিত চলাচল করছে।

গত ৩০ ডিসেম্বর ২০২২ তারিখ জনসাধারণ মেট্রোরেলে যাতায়াতের জন্য উচ্ছাস ও আনন্দে কাক ডাকা ভোরে লাইনে দাঁড়িয়েছেন

MRT Line-6 আগারগাঁও থেকে মতিঝিল পর্যন্ত চালুর পরিকল্পনা

আগামী অক্টোবর ২০২৩ মাসের শেষ সপ্তাহে MRT Line-6 আগারগাঁও থেকে মতিঝিল পর্যন্ত অংশ চালুর পরিকল্পনা রয়েছে। এই লক্ষ্য অর্জনে আগামী ০৭ জুলাই ২০২৩ তারিখ হতে এই অংশে মেট্রো ট্রেনের চলাচল পরীক্ষণ শুরুর পরিকল্পনা রয়েছে। এই পর্যায়ে Performance Test, System Integration Test, Trial Run ও Blank Operation করা হবে। ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত আগারগাঁও থেকে মতিঝিল পর্যন্ত অংশের কাজের গড় অগ্রগতি ৯৫.২০%।

MRT Line-6 মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত চালুর পরিকল্পনা

মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন অনুসরণে MRT Line-6 মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত ১.১৬ কিলোমিটার বর্ধিত করার নিমিত্ত ভূমি অধিগ্রহণ সম্পন্ন হয়েছে। নির্মাণ কাজ পুরোদমে এগিয়ে চলছে। ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত পূর্ত কাজের অগ্রগতি ০৭.৫০%। আগামী ডিসেম্বর ২০২৫ মাসে এই অংশ উদ্বোধনের পরিকল্পনা রয়েছে।

বার্ষিক উন্নয়ন কর্মসূচি

২০২২-২০২৩ অর্থবছরে ডিএমটিসিএল-এর আওতায় বৈদেশিক সহায়তাপুষ্ট ০৫টি প্রকল্প (০৩টি বিনিয়োগ প্রকল্প ও ০২টি কারিগরি সহায়তা প্রকল্প) বাস্তবায়নাধীন ছিল। এই প্রকল্পসমূহের অনুকূলে ২০২২-২০২৩ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে মোট বরাদ্দ ছিল ৪,১৬৪.৩৬ কোটি টাকা। তন্মধ্যে জিওবি ১,৭২৪.৩৬ কোটি টাকা ও প্রকল্প সহায়তা ২,৪৪০.০০ কোটি টাকা। এই অর্থ বরাদ্দের বিপরীতে মোট ব্যয় হয়েছে ৪,১৫৩.৬৩ কোটি টাকা। তন্মধ্যে জিওবি খাতে ব্যয় হয়েছে ১,৭১৪.৭৯ কোটি টাকা ও প্রকল্প সহায়তা খাতে ব্যয় হয়েছে ২,৪৩৮.৮৪ কোটি টাকা। এই ব্যয় ২০২২-২৩ অর্থবছরের মোট বরাদ্দের ৯৯.৭৪ শতাংশ। তন্মধ্যে জিওবি ৯৯.৪৫ শতাংশ এবং প্রকল্প সহায়তা ৯৯.৯৫ শতাংশ। উল্লেখ্য যে, ডিএমটিসিএল ২০১৭-২০১৮ অর্থবছরে মোট বরাদ্দের ৯৬.৩৬ শতাংশ, ২০১৮-২০১৯ অর্থবছরে মোট বরাদ্দের ১০২.২৮ শতাংশ, ২০১৯-২০২০ অর্থবছরের মোট বরাদ্দের ৮১.৭৫ শতাংশ, ২০২০-২০২১ অর্থবছরের মোট বরাদ্দের ৮২.৫৩ শতাংশ এবং ২০২১-২০২২ অর্থবছরের মোট বরাদ্দের ৯৯.৯৯ শতাংশ অর্থ ব্যয় করেছিল। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রকল্পভিত্তিক বরাদ্দ ও ব্যয় এবং বাস্তবায়নের শতকরা হার নিম্নে দেয়া হল:

(কোটি টাকায়)

প্রকল্পের নাম	মোট বরাদ্দ	মোট ব্যয়	শতাংশ
এমআরটি লাইন-৬	৩০৪৯.০০	৩০৪৭.৬৬	৯৯.৯৬
এমআরটি লাইন-১	৫৩৩.৪৪	৫৩২.৭৯	৯৯.৮৮
এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট	৩৫৬.০৯	৩৪৮.৯৪	৯৭.৯৯
এমআরটি লাইন-১ [ই/এস]	৮৬.৮৪	৮৫.৭৮	৯৮.৭৮
এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট [পিআরএফ]	১৩৮.৯৯	১৩৮.৪৬	৯৯.৬২
মোট	**৪১৬৪.৩৬**	**৪১৫৩.৬৩**	**৯৯.৭৪**

এমআরটি লাইন-৬ নির্মাণের জন্য গৃহীত ঋণের প্রথম কিস্তির চেক হস্তান্তর

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর আওতায় বাস্তবায়নাধীন ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬) এর বৈদেশিক সহায়তা অংশের কার্যক্রম পরিচালনার জন্য JICA'র সঙ্গে গত ২০ ফেব্রুয়ারি ২০১৩ তারিখ সম্পাদিত ঋণচুক্তি (JICA Loan Number BD-P69) এর বিপরীতে ডিএমটিসিএল ও অর্থ বিভাগের মধ্যে গত ২১ মে ২০১৩ তারিখ একটি Subsidiary Loan Agreement (SLA) স্বাক্ষরিত হয়। গৃহীত এই ঋণের বিপরীতে সুদসহ প্রথম কিস্তি ৫৫ কোটি ২৯ লক্ষ ৭৬ হাজার ৬০ টাকার চেক গত ১৯ জুন ২০২৩ তারিখ মাননীয় প্রধানমন্ত্রীর নিকট হস্তান্তর করা হয়।

অর্থ বিভাগ ও ডিএমটিসিএল এর মধ্যে স্বাক্ষরিত SLA এর প্রথম কিস্তির চেক মাননীয় প্রধানমন্ত্রীর নিকট হস্তান্তর

ডিএমটিসিএল এর সামাজিক দায়বদ্ধতা

গত ১২ জানুয়ারি ২০২৩ তারিখ মিসেস সানিয়া রানী রায়, স্বামী- জনাব সুকান্ত সাহা ডাক্তার দেখানোর উদ্দেশ্যে মেট্রো ট্রেনে চড়ে উত্তরা উত্তর থেকে আগারগাঁও মেট্রোরেল স্টেশনের উদ্দেশ্যে রওনা করেন। পথিমধ্যে মিসেস সানিয়া রানী রায় এঁর প্রসব বেদনা শুরু হয়। এই পরিস্থিতিতে মেট্রো স্টেশন এবং মেট্রো ট্রেনের Public Information System (PIS) এর মাধ্যমে সহযোগিতা চেয়ে ঘোষণা প্রদান করা হয়। এতে তাৎক্ষণিকভাবে একই মেট্রো ট্রেনের সহযাত্রী ডা. ফেরদৌসি আক্তার এবং মেট্রোরেলে স্বেচ্ছাসেবক হিসেবে কর্মরত বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজের স্কাউট জনাব সোনিয়া রানী দাস যাঁর Skilled Birth Attendance (SBA) সম্পর্কিত প্রশিক্ষণ রয়েছে এগিয়ে আসেন। ডিএমটিসিএল এর প্রাথমিক চিকিৎসা কেন্দ্রে দায়িত্বপ্রাপ্তদের সহযোগিতায় মিসেস সানিয়া রানী রায়-কে আগারগাঁও মেট্রোরেল স্টেশনের প্রাথমিক চিকিৎসা কেন্দ্রে নিয়ে যাওয়া হয়। ডা. ফেরদৌসি আক্তার, স্কাউট জনাব সোনিয়া রানী দাস এবং প্রাথমিক চিকিৎসা কেন্দ্রে দায়িত্বপ্রাপ্তদের সহযোগিতায় তিনি পুত্র সন্তানের জন্ম দান করেন। জন্ম দানের পর পর মা ও নবজাতককে ডিএমটিসিএল এর ব্যবস্থাপনায় ঢাকার ধানমন্ডিস্থ রেনেসাঁ হসপিটালে ভর্তি করা হয়। মা ও শিশুর প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষার পর হাসপাতাল কর্তৃপক্ষ জানান যে, মা ও নবজাতক সম্পূর্ণ সুস্থ আছেন। ডিএমটিসিএল এই জন্য গর্বিত এবং ডা. ফেরদৌসি আক্তার, স্কাউট জনাব সোনিয়া রানী দাস এবং প্রাথমিক চিকিৎসা কেন্দ্রে দায়িত্বপ্রাপ্তদের নিকট কৃতজ্ঞ। পরবর্তিতে মহাব্যবস্থাপক (অপারেশন), ডিএমটিসিএল এর নেতৃত্বে একটি দল নবজাতকের জন্য কিছু উপহারসহ হসপিটালে দেখতে যান।

বাংলাদেশের প্রথম মেট্রোরেলের আগারগাঁও মেট্রোরেল স্টেশনে জন্মগ্রহণকারী শিশু

Dhaka Mass Rapid Transit Development Project (Line-6)

সার্বিক ও পর্যায়ভিত্তিক অগ্রগতি

উত্তরা উত্তর থেকে কমলাপুর পর্যন্ত ২১.২৬ কিলোমিটার দীর্ঘ ১৭টি স্টেশন বিশিষ্ট ঘন্টায় ৬০ হাজার যাত্রী পরিবহনে সক্ষম দ্রুতগামী, নিরাপদ, নির্ভরযোগ্য, শীতাতপ নিয়ন্ত্রিত, সময়-সাশ্রয়ী, বিদ্যুৎ চালিত, পরিবেশবান্ধব ও দূরনিয়ন্ত্রিত অত্যাধুনিক প্রযুক্তিনির্ভর স্মার্ট MRT Line-6 বা বাংলাদেশের প্রথম মেট্রোরেলের নির্মাণ কাজ early commissioning এর লক্ষ্যমাত্রা অর্জনে পুরোদমে এগিয়ে চলছে। ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত MRT Line-6 এর উত্তরা উত্তর হতে মতিঝিল পর্যন্ত অংশের বাস্তব গড় অগ্রগতি ৯৫.৩৯%। তন্মধ্যে উত্তরা উত্তর হতে আগারগাঁও অংশের পূর্ত কাজের অগ্রগতি ১০০%। আগারগাঁও থেকে মতিঝিল অংশের পূর্ত কাজের অগ্রগতি ৯৫.২০%। মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত অংশের পূর্ত কাজের অগ্রগতি ০৭.৫০%। ইলেকট্রিক্যাল ও মেকানিক্যাল সিস্টেম এবং রোলিং স্টক (রেলকোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ কাজের সমন্বিত অগ্রগতি ৯০.২৪%।

এই লাইনের সংশোধিত রুট এ্যালাইনমেন্ট

উত্তরা ৩য় পর্ব - পল্লবী - রোকেয়া সরণির পশ্চিম পার্শ্ব দিয়ে খামারবাড়ী হয়ে ফার্মগেট - হোটেল সোনারগাঁও - শাহবাগ - টিএসসি - দোয়েল চত্বর - তোপখানা রোড - মতিঝিল - জসিম উদ্দিন রোডের প্রথম অংশ হয়ে দক্ষিণ দিক দিয়ে সার্কুলার রোড সংলগ্ন কমলাপুর রেলওয়ে স্টেশন এলাকা।

MRT Line-6 এর সঙ্গে অন্যান্য MRT Lines-এর আন্তঃলাইন সংযোগ

এমআরটি লাইন-৬ এর মিরপুর-১০ স্টেশনে এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট, কারওয়ান বাজার স্টেশনে এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট এবং কমলাপুর স্টেশনে এমআরটি লাইন-১, এমআরটি লাইন-২ ও এমআরটি লাইন-৪ এর সঙ্গে আন্তঃলাইন সংযোগ বা Interchange থাকবে। এই আন্তঃলাইন সংযোগসমূহ ব্যবহার করে এক লাইনের যাত্রী অন্য লাইন ব্যবহার করে সহজে ও স্বাচ্ছন্দে ঢাকা মহানগরী ও পাশ্ববর্তী এলাকায় প্রধান প্রধান স্থানে যাতায়াত করতে পারবেন।

বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেলের রুট এ্যালাইনমেন্ট ও স্টেশনের অবস্থান

প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি

Dhaka Mass Rapid Transit Development Project (Line-6) মোট ৯টি প্যাকেজে মাধ্যমে বাস্তবায়ন করা হচ্ছে। ইতোমধ্যে ৮টি প্যাকেজের নির্মাণ ও সরবরাহ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। প্যাকেজ-০৯ এর আওতায় Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর জন্য Enterprise Resource Management System (ERMS) সংগ্রহের উদ্যোগ প্রক্রিয়াধীন আছে। ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি ক্রমান্বয়ে নিম্নে প্রদান করা হল:

প্যাকেজ-০১ (ডিপো এলাকার ভূমি উন্নয়ন): এই প্যাকেজের বাস্তব কাজ গত ৮ সেপ্টেম্বর ২০১৬ তারিখ শুরু হয়ে নির্ধারিত সময়ের ০৯ (নয়) মাস পূর্বে গত ৩১ জানুয়ারি ২০১৮ তারিখ সমাপ্ত হয়েছে। এতে সরকারের ৭০ কোটি ৫৮ লক্ষ টাকা সাশ্রয় হয়েছে। এই প্যাকেজের বাস্তব অগ্রগতি ১০০%।

৩১ জানুয়ারি ২০১৮ তারিখ সমাপ্ত উত্তরা ডিপো এলাকার ভূমি উন্নয়ন কাজ

প্যাকেজ-০২ (ডিপো এলাকার পূর্ত কাজ): এই প্যাকেজের বাস্তব কাজ ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ শুরু হয়েছে। ডিপোর অভ্যন্তরে নির্মাণের জন্য নির্ধারিত মোট ৫২টি অবকাঠামোরই নির্মাণ কাজ গত ২০ জুন ২০২২ তারিখ পরিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে। অবকাঠামোগুলো হল: ১. Stabling Shed ২. Heavy Cleaning Shed ৩. Blow Down Plant Area ৪. OCS Car & Track M/C Shed & Workshop ৫. PSI/OCS Stores & Office, P/WAY Stores/Office ৬. PSI/OCS Stores (Open), P/WAY Stores (Open) ৭. P/Way Store (Shed) ৮. Under Floor Wheel Lathe Shed ৯. Workshop ১০. Shunting Vehicle Shed ১১. Capital Spare Store ১২. Heavy Material Park (Open) ১৩. Sewerage Treatment Plant ১৪. Effluent Treatment Plant ১৫. Signaling Room ১৬. DG Set (Building Number 30a) ১৭. LT Panel & ASS (Building Number 30b & 30 c) ১৮. DG Set (Building Number 30d) ১৯. LT Panel & ASS (Building Number 30e) ২০. Test Track ২১. Shunting Neck ২২. Coach Unloading Area ২৩. Road Cum Rail Rerailing Vehicle & Rescue Vehicle Shed ২৪. Depot Retaining and Boundary wall. ২৫. Inspection Shed ২৬. IOH & POH Shed ২৭. Auto Train Wash Plant ২৮. Wash Plant Machine Room, Water Recycling Plant, Storage Area ২৯. Rolling Stock Maintenance Office Building ৩০. Depot Canteen ৩১. Central Store, Office of Depot Manager & Line Maintenance Manager ৩২. Vehicle Maintenance Building ৩৩. Air Compressor ৩৪. Oil & Lubricant Store ৩৫. Hazardous Material Store ৩৬. Scrap Yard ৩৭. Used Oil/Grease Sludge Storage ৩৮. Incinerator ৩৯. Pump House, Filter House, U/G Water Storage, U/G Water Reservoir for Fire ৪০. SUB Station & Switch Gear ৪১. Toilet Block ৪২. OCS Sectioning Panels & Switches ৪৩. Administrative Office Building & OCC ৪৪. Training Center ৪৫.

DMTCL Office and Rest Rooms for Essential Staff ৪৬. Parking ৪৭. High Mast Light ৪৮. Security Tower ৪৯. Security & Access Control ৫০. Crew Booking & DCC Office & Equipment Maintenance Building ৫১. Security & Access Control এবং ৫২. Medical Center. এই প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি ১০০%। বর্তমানে Defect Notification Period (DNP) চলছে এবং ১৯ ডিসেম্বর ২০২৩ তারিখ DNP শেষ হবে।

পাখির চোখে বাংলাদেশের প্রথম মেট্রোরেল MRT Line-6 এর উত্তরাস্থ ডিপো

প্যাকেজ-০৩ ও ০৪ (উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত ১১.৭৩ কিলোমিটার ভায়াডাক্ট ও ৯টি স্টেশন নির্মাণ): উভয় প্যাকেজের কাজ ১ আগস্ট ২০১৭ তারিখ শুরু হয়েছে। এই প্যাকেজ দুইটির সমন্বিত বাস্তব অগ্রগতি ১০০%। মাননীয় প্রধানমন্ত্রী গত ২৮ ডিসেম্বর ২০২২ তারিখ সুধী সমাবেশে বাংলাদেশের গর্ব ও আকাঙ্ক্ষার প্রতীক MRT Line-6 এর উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত অংশের শুভ উদ্বোধন করেন। এরই মাধ্যমে বিশ্বের ১৯৩টি দেশের মধ্যে ৬০তম দেশ হিসেবে বাংলাদেশে মেট্রোরেল চালু হয়েছে। বর্তমানে এই অংশে দৈনিক গড়ে ৮০ হাজার দেশী-বিদেশী যাত্রী আনন্দ, উচ্ছ্বাস ও প্রয়োজনে মেট্রো ট্রেন ব্যবহার করে যাতায়াত করছেন।

মেট্রো ট্রেনে যাতায়াতের জন্য আগারগাঁও মেট্রোরেল স্টেশনের Concourse Level-এ যাত্রীদের উপচে পড়া ভিড়

প্যাকেজ-০৫ (আগারগাঁও থেকে কারওয়ান বাজার পর্যন্ত ৩.১৯৫ কিলোমিটার ভায়াডাক্ট এবং বিজয় সরণি, ফার্মগেট ও কারওয়ান বাজার মেট্রোরেল স্টেশন নির্মাণ): এই প্যাকেজের বাস্তব কাজ ০১ আগস্ট ২০১৮ তারিখ শুরু করা হয়েছে। ইতোমধ্যে ভায়াডাক্ট ও স্টেশনসমূহের Roof Sheet স্থাপন পর্যন্ত কাজ সম্পন্ন হয়েছে। এই প্যাকেজের আওতাধীন মেট্রোরেল স্টেশনসমূহের Entry/Exit, Mechanical, Electrical and Plumbing (MEP) ও Architectural কাজ চলমান আছে। এই প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি ৯৫.১২%। স্টেশন ভিত্তিক কাজের অগ্রগতি নিম্নরূপ:

Serial	Name of the Station	Overall Progress (%)	Progress of Entry/Exit only (%)
1.	Bijoy Sarani	96	80
2.	Farmgate	97	70
3.	Karwan Bazar	94	65

নির্মাণাধীন বিজয় সরণি আইকনিক মেট্রোরেল স্টেশন

প্যাকেজ-০৬ (কারওয়ান বাজার থেকে মতিঝিল পর্যন্ত ৪.৯২২ কিলোমিটার ভায়াডাক্ট ও শাহবাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ সচিবালয় ও মতিঝিল মেট্রোরেল স্টেশন নির্মাণ): এই প্যাকেজের বাস্তব কাজ ০১ আগস্ট ২০১৮ তারিখ শুরু করা হয়েছে। ইতোমধ্যে ভায়াডাক্ট ও স্টেশনসমূহের Roof Sheet স্থাপন পর্যন্ত কাজ সম্পন্ন হয়েছে। এই প্যাকেজের আওতাধীন মেট্রোরেল স্টেশনসমূহের Entry/Exit, Mechanical, Electrical and Plumbing (MEP) ও Architectural কাজ চলমান আছে। এই প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি ৯৫.২৩%। আগামী অক্টোবর ২০২৩ মাসে এই অংশে মেট্রো ট্রেনে জনসাধারণ যাতায়াত করতে পারবেন বলে আশা করা যাচ্ছে। স্টেশন ভিত্তিক কাজের অগ্রগতি অপর পৃষ্ঠায় দেয়া হয়েছে:

Serial	Name of the Station	Overall Progress (%)	Progress of Entry/Exit only (%)
1.	Shahbagh	94	72
2.	Dhaka University	98	90
3.	Bangladesh Secretariat	95	65
4.	Motijheel	95	70

নির্মাণাধীন ঢাকা বিশ্ববিদ্যালয় মেট্রোরেল স্টেশন

প্যাকেজ-০৭ (ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম): ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম সরবরাহ ও নির্মাণ কাজ গত ১১ জুলাই ২০১৮ তারিখ শুরু হয়েছে। এই প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি ৯২.৮৫%।

- **উত্তরা ডিপো:** ডিপো এলাকায় রেলওয়ে ট্র্যাক এবং বৈদ্যুতিক স্থাপনা ও যন্ত্রপাতি স্থাপনের কাজ সম্পন্ন করে চালু করা হয়েছে।
- **উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত অংশ:** ভায়াডাক্টে উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত সম্পূর্ণ অংশে রেল লাইন, Overhead Catenary System, সিগন্যালিং সিস্টেমের ইকুইপমেন্ট এবং অটোমেটিক ফেয়ার কালেকশন (AFC) ইকুইপমেন্ট স্থাপন ও চালু করা হয়েছে। AFC সার্ভারের সংগে ক্লিয়ারিং হাইজ সার্ভারের ইন্টিগ্রেশন সম্পন্ন করে ৯টি স্টেশনের AFC সিস্টেম চালু আছে।
- **আগারগাঁও থেকে মতিঝিল পর্যন্ত অংশ:** মতিঝিল রিসিভিং সাব-স্টেশন (RSS) এর ভবন নির্মাণ সম্পন্ন করে যাবতীয় বৈদ্যুতিক সরঞ্জামাদি স্থাপন এবং ৩৩ কেভি ও ১৩২ কেভি ক্যাবল লেইং-এর কাজ সম্পন্ন হয়েছে। আগারগাঁও থেকে মতিঝিল পর্যন্ত সম্পূর্ণ অংশে রেল লাইন এবং OCS ওয়্যারিং সম্পন্ন হয়েছে। এই অংশের স্টেশনসমূহে স্থাপিতব্য ০৭টি ASS ও ০৩টি TSS এর বৈদ্যুতিক সরঞ্জামাদি স্থাপন, টেস্টিং ও কমিশনিং সম্পন্ন হয়েছে। স্টেশনসমূহের Platform Screen Doors (PSD), Signalling and Telecommunication System, Lifts এবং Escalators স্থাপনের কাজ চলছে।

মতিঝিল রিসিভিং সাব-স্টেশন (RSS) এ স্থাপিত বৈদ্যুতিক যন্ত্রপাতির একাংশ

প্যাকেজ-০৮ [রোলিং স্টক (রেল কোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ]: এই প্যাকেজের বাস্তব কাজ ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ শুরু করা হয়েছে। সংগৃহীতব্য ২৪টি ট্রেন সেটের মধ্যে ২৪টি ট্রেন সেটই ইতোমধ্যে ঢাকার উত্তরাস্থ ডিপোতে পৌঁছেছে। ট্রেন ও স্থাপনার রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় ডিপো ইকুইপমেন্ট উত্তরা ডিপোতে সরবরাহ ও স্থাপনের কাজ চলমান আছে। এই প্যাকেজের বাস্তব অগ্রগতি ৮৭.৫০%।

ফার্মগেইট থেকে কারওয়ান বাজার এবং বিপরীতমুখী মেট্রো ট্রেন চলাচল পরীক্ষণ

প্যাকেজ-০৯ Enterprise Resource Management System (ERMS): ডিএমটিসিএল এর অফিস ব্যবস্থাপনা অটোমেশন করার নিমিত্ত Enterprise Resource Management System (ERMS) সংগ্রহের জন্য গত ১১ মে ২০২৩ তারিখে EOI আহ্বান করা হয়েছে। গত ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত ১৬টি প্রতিষ্ঠান টেন্ডার ডকুমেন্ট ক্রয় করেছে। টেন্ডার ডকুমেন্ট জমা দেওয়ার শেষ তারিখ ০৮ আগস্ট ২০২৩। পর্যায়ক্রমে ডিএমটিসিএল এর আওতায় বাস্তবায়নাধীন এমআরটি লাইনসমূহ চালু হলে সকল লাইনের অফিস ব্যবস্থাপনা এই ERMS এর মাধ্যমে অটোমেশন করার সুযোগ রাখা আছে।

MRT Line-6 এর মতিঝিল থেকে কমলাপুর অংশের বাস্তবায়ন অগ্রগতি

মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন অনুসরণে MRT Line-6 মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত ১.১৬ কিলোমিটার বর্ধিত করার নিমিত্ত গত ০১ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ ঠিকাদারী প্রতিষ্ঠান কাজ শুরু করেছে। এই অংশে ১৭২টি পাইল, ৬১টি পাইল ক্যাপ, ৩৯টি পিয়ার ও ৩০টি স্টেশন কলাম নির্মাণ এবং ৩০৫টি প্রিকাস্ট সেগমেন্ট কাস্টিং এর জন্য নির্ধারিত আছে। তন্মধ্যে ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত ৪৬টি পাইল ও ৭টি পাইল ক্যাপ নির্মাণ এবং উত্তরা কন্সট্রাকশন ইয়াঁডে ভায়াডাক্টের ৫টি প্রিকাস্ট সেগমেন্ট কাস্টিং সম্পন্ন হয়েছে। পূর্ত কাজের অগ্রগতি ০৭.৫০%।

MRT Line-6 এর মতিঝিল থেকে কমলাপুর অংশের চলমান নির্মাণ কাজ

MRT Line-6 মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত বর্ধিত করার নিমিত্ত ১.৮৭৫৯০ একর ভূমি অধিগ্রহণ সম্পন্ন হয়েছে। ভূমি অধিগ্রহণে ক্ষতিগ্রস্ত ব্যক্তির মধ্যে গত ২৪ মে ২০২৩ তারিখ থেকে পুনর্বাসন সহায়তার চেক বিতরণ শুরু করা হয়েছে। ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত ৩০৬ জন ক্ষতিগ্রস্ত ব্যক্তির মধ্যে মোট ৩৩ কোটি ৫৯ লক্ষ ২৩ হাজার ৬৬৫ টাকার পুনর্বাসন সহায়তার চেক প্রকল্প এলাকায় বিতরণ করা হয়েছে।

গত ২৪ মে ২০২৩ তারিখ MRT Line-6 এর মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত বর্ধিতাংশের পুনর্বাসন সহায়তার চেক বিতরণ

Metro Rail Exhibition & Information Center (MREIC)

অত্যাধুনিক গণপরিবহন হিসেবে মেট্রোরেল সম্পর্কে জনসাধারণকে সম্যক ধারণা প্রদানের লক্ষ্যে MRT Line-6 এর উত্তরা ডিপো এলাকায় Metro Rail Exhibition & Information Center (MEIC) বা মেট্রোরেল প্রদর্শনী ও তথ্য কেন্দ্র নির্মাণ করা হয়েছে। গত ০৬ সেপ্টেম্বর ২০২২ তারিখ মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় মেট্রোরেল প্রদর্শনী ও তথ্য কেন্দ্রের শুভ উদ্বোধন করেন। এই সেন্টারে মেট্রো ট্রেনের Mock Up, মূল মেট্রো ট্রেন সেটের সঙ্গে সামঞ্জস্য রেখে স্বয়ংক্রিয়ভাবে চলাচলে সক্ষম ০২ সেট Mini মেট্রো ট্রেন, মেট্রো স্টেশনের সঙ্গে মিল রেখে Ticket Office Machine (TOM), Ticket Vending Machine (TVM) এবং Smart Card Based স্বয়ংক্রিয় প্রবেশ এবং বহির্গমন গেইট স্থাপন করা হয়েছে। মেট্রোরেলের অভ্যন্তরে ও মেট্রোরেল স্টেশনে যাত্রীগণের করণীয় এবং বর্জনীয় বিষয়সমূহ সম্বলিত এ্যানিমেটেড কার্টুন প্রদর্শন করা হচ্ছে। এ্যানিমেটেড কার্টুন ভিডিওটি ডিএমটিসিএল এর ওয়েবসাইট www.dmtcl.gov.bd এর Video Gallery-তে আপলোড করা আছে। এই বিষয়ে **মেট্রোগার্ল স্কুলে যায় মেট্রোরেলে চড়ে** শিরোনামে একটি কার্টুন পুস্তিকা মূদ্রণ করে দর্শনার্থীগণের মধ্যে বিতরণও করা হচ্ছে। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা এবং বিভিন্ন শ্রেণি পেশার জনসাধারণ মেট্রোরেল প্রদর্শনী ও তথ্য কেন্দ্র নিয়মিত পরিদর্শন করে থাকেন। মেট্রোরেল প্রদর্শনী ও তথ্য কেন্দ্র পরিদর্শনের সময়সূচি (**পরিশিষ্ট-ছ**) তে দেয়া আছে।

০৬ সেপ্টেম্বর ২০২২ তারিখ মাননীয় মন্ত্রী সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় মেট্রোরেল প্রদর্শনী ও তথ্য কেন্দ্রের শুভ উদ্বোধন করেন

Memorial Monument

গত ০১ জুলাই ২০১৬ তারিখ ঢাকার গুলশান হলি আর্টিজান রেস্টুরেন্টে এক অনাকাঙ্ক্ষিত ঘটনায় ০৭(সাত) জন জাপানী নাগরিক নিহত হন। তন্মধ্যে ৫(পাঁচ) জন পুরুষ ও ২(দুই) জন মহিলা। নিহত জাপানী নাগরিকগণ পরামর্শক হিসেবে Preparatory Study of Dhaka Mass Rapid Transit Development Project এ বাংলাদেশে কর্মরত ছিলেন। নিহত জাপানী নাগরিকগণ হলেন: HASHIMOTO Hideki, KUROSAKI Nobuhiro, OGASAWARA Koyo, OKAMURA Makoto, SAKAI Yuko, SHIMODAIRA Rui এবং TANAKA Hiroshi. সরকার নিহত এই ০৭(সাত) জন জাপানী নাগরিকের স্মরণে Metro Rail Exhibition and Information Center-এ Memorial Monument স্থাপন করেছে। প্রতিবছর জাপান ও বাংলাদেশ সরকার যৌথভাবে নিহতদের স্মরণে স্থাপিত Memorial Monument-এ পুষ্পস্তবক অর্পণ করে থাকে। এমআরটি লাইন-১ এবং এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট এর নতুন বাজার মেট্রোরেল স্টেশন চালুর পর এই Memorial Monument নতুন বাজার মেট্রোরেল স্টেশনে স্থানান্তর করার পরিকল্পনা রয়েছে। উল্লেখ্য, নতুন বাজার মেট্রোরেল স্টেশনে এমআরটি লাইন-১ এবং এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট এর মধ্যে আন্তঃলাইন সংযোগ রয়েছে।

গত ২৪ জুলাই ২০২২ তারিখ বাংলাদেশ এবং জাপান সরকার যৌথভাবে গুলশান হলি আর্টিজান রেস্টুরেন্টে এক অনাকাঙ্ক্ষিত ঘটনায় নিহত জাপানী পরামর্শকগণের স্মরণে স্থাপিত Memorial Monument-এ পুষ্পস্তবক অর্পণ করে

Safety Management System of MRT Line-6

MTR Line-6 এর সিস্টেম ও যাত্রীদের Safety নিশ্চিত করার লক্ষ্যে JICA এর সরাসরি অর্থায়নে The Project on Technical Assistance for Mass Rapid Transit Safety Management System of MTR Line-6 বাস্তবায়নাধীন আছে। এই প্রকল্পের আওতায় মেট্রোরেলের Safety Management System (SMS) এর উপর ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত ডিএমটিসিএল এবং সংশ্লিষ্ট অংশীজন সমন্বয়ে দেশে ০৬ ব্যাচে ১১০ জনকে এবং বিদেশে ০৩ ব্যাচে ৩৪ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ প্রাপ্তগণের ৫৬ জনের সমন্বয়ে ২টি ইমারজেন্সি ড্রিল করা হয়েছে। Safety Policy for Dhaka Metro Rail প্রণয়নের নিমিত্ত দুটি কর্মশালা অনুষ্ঠিত হয়। দুইটি কর্মশালার সুপারিশের ভিত্তিতে Safety Policy চূড়ান্ত করে গত ২৭ নভেম্বর ২০২২ তারিখ প্রকাশ করা হয়েছে (পরিশিষ্ট-জ)। প্রণীত Safety Policy নিয়মিত চর্চা ও সংরক্ষণের জন্য ডিএমটিসিএল এর সকল কর্মচারিকে ছোট আকারে প্রিন্ট করে প্রদান করা হয়েছে। উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত প্রতিটি মেট্রোরেল স্টেশনের দৃশ্যমান স্থানে Safety Policy প্রদর্শনও করা হয়েছে।

Safety Management System (SMS) এর উপর দেশে প্রদত্ত প্রশিক্ষণসমূহ

প্রশিক্ষণের ধরন	তারিখ	অংশগ্রহণকারী	প্রশিক্ষণ প্রদানকারী
এমআরটি সেফটি ম্যানেজমেন্ট সিস্টেম - এডভান্স বিষয়াবলী	০৮ - ০৯ অক্টোবর ২০২১ ২১ অক্টোবর ২০২১ ২৪ অক্টোবর ২০২১	০৩টি ব্যাচে ডিএমটিসিএল এর মোট ৫৫ জন কর্মকর্তা	জাইকা এক্সপার্ট টিম
এমআরটি সেফটি ম্যানেজমেন্ট সিস্টেম - মৌলিক বিষয়াবলী	০২ - ০৩ জুলাই ২০২১ ০৯ - ১০ জুলাই ২০২১ ১৬ - ১৭ জুলাই ২০২১	০৩টি ব্যাচে ডিএমটিসিএল এর মোট ৫৫ জন কর্মকর্তা	জাইকা এক্সপার্ট টিম

গত ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত এই প্রকল্পের Joint Coordination Committee (JCC) এর ৩টি সভা অনুষ্ঠিত হয়েছে। তন্মধ্যে সর্বশেষ সভা গত ০৭ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ বাংলাদেশে অনুষ্ঠিত হয়েছে।

গত ০৭ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ বাংলাদেশে অনুষ্ঠিত Joint Coordination Committee (JCC) এর ৩য় সভা

Safety Management System (SMS) এর উপর বিদেশে প্রদত্ত প্রশিক্ষণসমূহ

প্রশিক্ষণের ধরণ	তারিখ	অংশগ্রহণকারী	প্রশিক্ষণের স্থান	প্রশিক্ষণ প্রদানকারী
এমআরটি সেফটি ম্যানেজমেন্ট সিস্টেম - মৌলিক বিষয়াবলী	২১ - ৩০ সেপ্টেম্বর ২০২২	মোট ১৩ জন কর্মকর্তা	ওসাকা, জাপান	জাইকা এক্সপার্ট টিম
এমআরটি সেফটি ম্যানেজমেন্ট সিস্টেম - মৌলিক বিষয়াবলী	২৪ অক্টোবর - ০৩ নভেম্বর ২০২২	মোট ১৫ জন কর্মকর্তা	ওসাকা, জাপান	জাইকা এক্সপার্ট টিম
এমআরটি সেফটি ম্যানেজমেন্ট সিস্টেম - এডভান্সড বিষয়াবলী	১৫ - ২১ মার্চ ২০২৩	মোট ০৬ জন কর্মকর্তা	জাকার্তা ইন্দোনেশিয়া	জাইকা এক্সপার্ট টিম

গত ৩০ সেপ্টেম্বর ২০২২ তারিখ জাপানের ওসাকাতে অবস্থিত JICA Kansai Center-এ মেট্রোরেলের Safety Management System এর উপর মৌলিক প্রশিক্ষণে অংশগ্রহণকারী বাংলাদেশ দল এবং জাইকা এক্সপার্ট টিম

Transit Oriented Development (TOD) Hub

বিভিন্ন দেশের মেট্রোরেল পরিচালনার অভিজ্ঞতা থেকে দেখা যায় যে, শুধুমাত্র ভাড়ার আয় হতে লাভজনকভাবে মেট্রোরেল পরিচালনা করা যায় না। মেট্রোরেল পরিচালনাকারী কোম্পানিগুলো মেট্রোরেল পরিচালনার পাশাপাশি মেট্রোরেলের আন্তঃলাইন সংযোগ স্টেশন, ডিপো ও প্রধান প্রধান স্টেশন সংলগ্ন এলাকায় ক্রমান্বয়ে Transit Oriented Development (TOD) Hub গড়ে তোলার উদ্যোগ গ্রহণ করে। এই বাস্তবতায় MRT Line-6 এর উত্তরা সেন্টার স্টেশন সংলগ্ন এলাকায় TOD Hub নির্মাণের নিমিত্ত **রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) হতে ৩২.২৭৭ একর** ভূমির বরাদ্দ যথাযথ প্রক্রিয়ায় গ্রহণ করা হয়েছে। এরই ধারাবাহিকতায় রাজউক এর একটি প্রকল্পের আওতায় MRT Line-6 এর উত্তরা সেন্টার মেট্রোরেল স্টেশন সংলগ্ন এলাকায় TOD নির্মাণের জন্য নির্ধারিত ভূমিকে Green Field হিসেবে চিহ্নিত করা হয়েছে। প্রকল্পটির আওতায় ইতোমধ্যে TOD এর Draft Concept Plan প্রস্তুত করা হয়েছে। প্রণীত Draft Concept Plan এর উপর ভিত্তি করে বিস্তারিত নকশা প্রণয়নের জন্য স্থাপত্য অধিদপ্তর কাজ করছে।

উত্তরা সেন্টার মেট্রোরেল স্টেশন সংলগ্ন এলাকায় TOD Hub নির্মাণের খসড়া Master Plan

Station Plaza

Dhaka MRT Network-এর প্রতিটি লাইনের প্রধান প্রধান মেট্রোরেল স্টেশন সংলগ্ন এলাকায় উড়ালে ও পাতালে সুবিধাজনক স্থানে ন্যূনতম ৪টি করে Station Plaza গড়ে তোলার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এরই ধারাবাহিকতায় MRT Line-6 এর উত্তরা উত্তর, আগারগাঁও, ফার্মগেট ও কমলাপুর মেট্রোরেল স্টেশন সংলগ্ন এলাকায় Station Plaza নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণের কার্যক্রম এবং বিভিন্ন সংস্থার ভূমি হস্তান্তরের মাধ্যমে প্রাপ্তির কার্যক্রম চলমান আছে। ইতোমধ্যে Station Plaza সমূহের Layout Plan প্রস্তুত করা হয়েছে। MRT Line-6 এর উত্তরা উত্তর ও কমলাপুর মেট্রোরেল টার্মিনাল স্টেশনদ্বয়ে দীর্ঘ মেয়াদে গাড়ি পার্কিং এর ব্যবস্থা রাখার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। Dhaka Mass Rapid Transit Development Project (Line-6) এর ডিপিপি এর ২য় সংশোধনীতে ৪টি Station Plaza নির্মাণের জন্য প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখা হয়েছে।

Layout Plan of Agargaon Metro Rail Station Plaza

আগারগাঁও মেট্রোরেল স্টেশন সংলগ্ন এলাকায় Station Plaza নির্মাণের Layout Plan

সড়কের মিডিয়ানের উভয় পার্শ্বের Hard Barrier প্রত্যাহার

MRT Line-6 এর নির্মাণ কাজে নিয়োজিত জনবলের ও পথচারীদের নিরাপত্তা নিশ্চিত করতে রুট এল্যাইনমেন্টে অবস্থিত সড়কের মিডিয়ানের উভয় পার্শ্ব মিলে ১৩ মিটার সড়ক Hard Barrier দিয়ে Occupy করা হয়েছিল। সড়কের উপর হতে Hard Barrier প্রত্যাহার করা হয়েছে। রুট এল্যাইনমেন্টে অবস্থিত সড়কে স্টেইনলেস স্টিল দিয়ে মিডিয়ান তৈরী করে দেয়া হয়েছে। মিডিয়ানে রোপিতব্য সৌন্দর্য বর্ধন গাছের স্থায়ীত্ব রক্ষার্থে পলি মাটি দ্বারা মিডিয়ান ভরে দেয়া হয়েছে। ইতোমধ্যে উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত অংশে মিডিয়ানে গাছ লাগানো হয়েছে। আগারগাঁও থেকে মতিঝিল অংশে মিডিয়ানে গাছ লাগানো হচ্ছে।

এমআরটি লাইন-৬ এর আগারগাঁও থেকে মতিঝিল পর্যন্ত রুট এ্যালাইনমেন্ট বরাবর সড়কের Hard Barrier প্রত্যাহার করে স্টেইনলেস স্টিল দিয়ে নতুন মিডিয়ান তৈরী করে মিডিয়ানের অভ্যন্তরে সৌন্দর্য বর্ধনের নিমিত্ত বৃক্ষরোপন

গত ০২ জুন ২০২৩ তারিখ MRT Line-6 এর রুট এ্যালাইনমেন্টের মিডিয়ানের Steel Barrier এর অভ্যন্তরে অবৈধভাবে অবস্থানকারীদের অপসারণ অভিযান

এমআরটি লাইন-৬ এর আওতায় বৃক্ষরোপণ কর্মসূচি

সবুজায়নের মাধ্যমে অক্সিজেনের সরবরাহ বৃদ্ধি, সৌন্দর্য বর্ধন ও দৃষ্টিনন্দন মহানগরী গড়ে তোলার লক্ষ্যে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এমআরটি লাইন-৬ এর উত্তরা ডিপো এবং রুট এ্যালাইনমেন্টের মিডিয়ানে বৃক্ষরোপণের জন্য কর্মসূচি গ্রহণ করে তা বাস্তবায়ন করছে। এই লক্ষ্যে ইতোমধ্যে উত্তরাস্থ ডিপো এলাকায় ২৫,৬০৫টি বৃক্ষরোপণ করা হয়েছে এবং ১৮,৮৫৭ বর্গ মিটার ঘাস লাগানো হয়েছে। এরই ধারাবাহিকতায় উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত এমআরটি লাইন-৬ এর রুট এ্যালাইনমেন্ট বরাবর সড়ক মিডিয়ানে ৫,৭৪৭টি Main Plant এবং ২৪,৭১৮টি Side Plant চলমান বর্ষা মৌসুমেই রোপণের পরিকল্পনা রয়েছে। দ্বিতীয় ধাপে আগারগাঁও থেকে কারওয়ান বাজার পর্যন্ত এমআরটি লাইন-৬ এর রুট এ্যালাইনমেন্ট বরাবর সড়ক মিডিয়ানে ১,১৪২টি Main Plant এবং ৮,৫৩২টি Side Plant রোপণের পরিকল্পনা রয়েছে। তৃতীয় ধাপে কারওয়ান বাজার থেকে মতিঝিল পর্যন্ত এমআরটি লাইন-৬ এর রুট এ্যালাইনমেন্ট বরাবর সড়ক মিডিয়ানে ২,৫৮৬টি Main Plant এবং ১৩,১৭৭টি Side Plant রোপণের পরিকল্পনা রয়েছে। উল্লেখ্য যে, এমআরটি লাইন-৬ নির্মাণকালে রুট এ্যালাইনমেন্টের মিডিয়ান হতে সর্বমোট ৩,৮৭৭টি গাছ কর্তন করা হয়েছিল। অদূর ভবিষ্যতে মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত রুট এ্যালাইমেন্টের মিডিয়ানে, ৪টি Station Plaza ও ১টি Transit Oriented Development (TOD) Hub এ বৃক্ষরোপণ কর্মসূচি গ্রহণ করা হবে।

এমআরটি লাইন-৬ এর উত্তরা ডিপোতে রোপিত বৃক্ষের বর্তমান অবস্থা

Panel of Experts

বাংলাদেশের প্রথম মেট্রোরেল নির্মাণে উদ্ভূত বড় চ্যালেঞ্জসমূহ উত্তরণে প্রয়োজনীয় কারিগরি নির্দেশনা প্রদানের জন্য Panel of Experts (PoEs) রয়েছে। এমআরটি লাইন-৬ এর Panel of Experts (PoEs) এর বর্তমান চেয়ারম্যান Dr. M. Shamim Z. Basunia, PEng Professor Emeritus, Department of Civil Engineering, University of Asia Pacific. PoEs এর বৈদেশিক সদস্য হিসেবে দায়িত্ব পালন করছেন জাপানের Chuo University এর আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন Professor Kenji Ishihara. দেশী সদস্য Professor Dr. A. M. M. Safiullah মারা যাওয়ায় তদস্থলে একজন দেশী সদস্য নিয়োগের উদ্যোগ প্রক্রিয়াধীন আছে। প্রয়োজন অনুযায়ী Panel of Experts সরেজমিনে পরিদর্শন ও যথাযথ পরীক্ষা-নিরীক্ষা করে পরামর্শ প্রদান করে থাকেন।

Project Implementation Committee (PIC) সভা

Dhaka Mass Rapid Transit Development Project (Line-6) বাস্তবায়নে উদ্ভূত চ্যালেঞ্জসমূহ নিরসনের জন্য সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি ২০১৬ অনুযায়ী Project Implementation Committee (PIC) এর সভা অনুষ্ঠিত হয়ে থাকে। ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত মোট ৮(আট)টি Project Implementation Committee (PIC) এর সভা অনুষ্ঠিত হয়েছে। এরই ধারাবাহিকতায় গত ১৫ মে ২০২৩ তারিখ সর্বশেষ ও অষ্টম PIC সভা অনুষ্ঠিত হয়। উল্লেখ্য, প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম, ষষ্ঠ ও সপ্তম PIC সভা যথাক্রমে গত ১৯ নভেম্বর ২০১৪ তারিখ, ২৭ ডিসেম্বর ২০১৬ তারিখ, ২৯ মার্চ ২০১৮ তারিখ, ২৬ জুন ২০১৯ তারিখ, ০৫ জানুয়ারি ২০২০ তারিখ, ২১ সেপ্টেম্বর ২০২০ তারিখ এবং গত ০১ ডিসেম্বর ২০২১ তারিখ অনুষ্ঠিত হয়েছে।

MRT Line-6 এর ভূমি অধিগ্রহণ

ক) **উত্তরা উত্তর মেট্রোরেল স্টেশনের ভূমি অধিগ্রহণ**

MRT Line-6 এর উত্তরা উত্তর মেট্রোরেল স্টেশন সংলগ্ন দিয়াবাড়ি মৌজার ০.৩৫৪ একর ব্যক্তি মালিকানাধীন ভূমি জনস্বার্থে অধিগ্রহণের লক্ষ্যে জেলা প্রশাসক, ঢাকা কর্তৃক এলএ কেইস নম্বর-০৩.১৫.০৯/২০১৯-২০২০ রুজু করা হয়। ইতোমধ্যে এই এলএ কেইস এর বিপরীতে জেলা প্রশাসক, ঢাকাকে সমুদয় অর্থ বাবদ দুই কিস্তিতে ১৭,৮৮,২৭,৫৯৪.৯২ টাকা পরিশোধ করা হয়েছে। গত ১৯ ডিসেম্বর ২০২১ তারিখ অধিগ্রহণকৃত ০.৩৫৪ একর ভূমির দখল গ্রহণ করা হয়েছে। গত ২১ এপ্রিল ২০২২ তারিখ ভূমি অধিগ্রহণের গেজেট প্রকাশিত হয়েছে। অধিগ্রহণকৃত ভূমির নামজারির নিমিত্ত মিরপুর সার্কেল-এ Online-এ আবেদন করা হয়েছে। নামজারি কার্যক্রম চলমান রয়েছে।

খ) **পল্লবী মেট্রোরেল স্টেশনের ভূমি অধিগ্রহণ**

MRT Line-6 এর পল্লবী মেট্রোরেল স্টেশন এলাকায় পথচারীদের যাতায়াতের সুবিধার্থে ফুটপাত নির্মাণের জন্য চাকুলী মৌজায় ০.০০৪০৩ একর এবং উত্তর সেনাপাড়া পর্বতা মৌজায় ০.০১৪৯৭ একর মোট ০.০১৯০ একর ভূমি অধিগ্রহণের নিমিত্ত এলএ কেইস নম্বর ০৩.১৫.১৬/২০২১-২০২২ রুজু করা হয়েছে। এরই ধারাবাহিকতায় গত ২৫ মে ২০২৩ তারিখ ৫,৩১,৩৩,৪১৬.৩৬ টাকার প্রাক্কলন পাওয়া গিয়েছে। প্রাক্কলিত অর্থ গত ২৯ মে ২০২৩ তারিখ জেলা প্রশাসক, ঢাকার অনুকূলে জমা প্রদান করা হয়েছে। বর্তমানে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন ২০১৭ এর ধারা-৮ এর (৩) (ক) অনুযায়ী ভূমি অধিগ্রহণের ফলে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের ক্ষতিপূরণ গ্রহণের জন্য নোটিশ জারী করা হয়েছে এবং ক্ষতিপূরণ প্রদানের কার্যক্রম চলমান রয়েছে।

গ) **মিরপুর-১০ মেট্রোরেল স্টেশনের ভূমি অধিগ্রহণ**

MRT Line-6 এর মিরপুর-১০ মেট্রোরেল স্টেশনে পথচারীদের যাতায়াতের সুবিধার্থে ফুটপাত নির্মাণের জন্য ঢাকা মেট্রোপলিটন এলাকার মিরপুর থানাধীন সেনপাড়া পর্বতা মৌজার ০.০২৫৯৭ একর ভূমি অধিগ্রহণের নিমিত্ত এলএ কেইস নম্বর: ০৩-১৫-০৮/২০২১-২০২২ রুজু হয়েছে। এরই ধারাবাহিকতায় গত ০২ এপ্রিল ২০২৩ তারিখ ২৭৮,৫১,০৩,২৭৬/৬৩ টাকার প্রাক্কলন পাওয়া গিয়েছে। প্রাক্কলিত অর্থ ইতোমধ্যেই জেলা প্রশাসকের অনুকূলে জমা প্রদান করা হয়েছে। বর্তমানে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন ২০১৭ এর ধারা-৮ এর (৩) (ক) অনুযায়ী ভূমি অধিগ্রহণের ফলে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের ক্ষতিপূরণ গ্রহণের জন্য নোটিশ জারী করা হয়েছে এবং ক্ষতিপূরণ প্রদানের কার্যক্রম চলমান রয়েছে।

ঘ) কাজীপাড়া মেট্রোরেল স্টেশনের ভূমি অধিগ্রহণ

MRT Line-6 এর কাজীপাড়া মেট্রোরেল স্টেশনে পথচারীদের যাতায়াতের সুবিধার্থে ফুটপাত নির্মাণের জন্য ঢাকা মেট্রোপলিটন এলাকার মিরপুর থানাধীন সেনপাড়া পর্বতা মৌজার ০.১৬০৫৩ একর ভূমি অধিগ্রহণের লক্ষ্যে এলএ কেইস নম্বর: ০৩-১৫-০৮/২০২১-২০২২ রুজু করা হয়েছে। এরই ধারাবাহিকতায় গত ০২ এপ্রিল ২০২৩ তারিখ ২৭৮,৫১,০৩,২৭৬/৬৩ টাকার প্রাক্কলন পাওয়া গিয়েছে। প্রাক্কলিত অর্থ ইতোমধ্যেই জেলা প্রশাসকের অনুকূলে জমা প্রদান করা হয়েছে। বর্তমানে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন ২০১৭ এর ধারা-৮ এর (৩) (ক) অনুযায়ী ভূমি অধিগ্রহণের ফলে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের ক্ষতিপূরণ গ্রহণের জন্য নোটিশ জারী করা হয়েছে এবং ক্ষতিপূরণ প্রদানের কার্যক্রম চলমান রয়েছে।

ঙ) শেওড়াপাড়া মেট্রোরেল স্টেশনের ভূমি অধিগ্রহণ

MRT Line-6 এর শেওড়াপাড়া মেট্রোরেল স্টেশনে পথচারীদের যাতায়াতের সুবিধার্থে ফুটপাত নির্মাণের জন্য ঢাকা মেট্রোপলিটন এলাকার মিরপুর থানাধীন সেনপাড়া পর্বতা মৌজার ০.১৮৫৪৯ একর ভূমি অধিগ্রহণের নিমিত্ত এলএ কেইস নম্বর: ০৩-১৫-০৮/২০২১-২০২২ রুজু করা হয়েছে। গত ০২ এপ্রিল ২০২৩ তারিখ ২৭৮,৫১,০৩,২৭৬/৬৩ টাকার প্রাক্কলন পাওয়া গিয়েছে। প্রাক্কলিত অর্থ ইতোমধ্যেই জেলা প্রশাসকের অনুকূলে জমা প্রদান করা হয়েছে। বর্তমানে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন ২০১৭ এর ধারা-৮ এর (৩) (ক) অনুযায়ী ভূমি অধিগ্রহণের ফলে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের ক্ষতিপূরণ গ্রহণের জন্য নোটিশ জারী করা হয়েছে এবং ক্ষতিপূরণ প্রদানের কার্যক্রম চলমান রয়েছে।

মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত এমআরটি লাইন-৬ বর্ধিতকরণের জন্য ভূমি অধিগ্রহণ

ঢাকা মেট্রোপলিটন এলাকার মতিঝিল থানাধীন উত্তর ব্রাহ্মণচিরণ মৌজার ১.৬৮৯২ একর এবং মতিঝিল মৌজার ০.১৮৬৭ একর সর্বমোট ১.৮৭৫৯০ একর ব্যক্তি মালিকাধীন ভূমি অধিগ্রহণের লক্ষ্যে জেলা প্রশাসক, ঢাকা কর্তৃক এলএ কেইস নম্বর: ০৩.১৫.১৮/২০২১-২২ এর মাধ্যমে অধিগ্রহণ সম্পন্ন হয়েছে। অধিগ্রহণকৃত ভূমির নামজারির নিমিত্ত মতিঝিল সার্কেল-এ Online-এ আবেদন করা হয়েছে। নামজারি কার্যক্রম চলমান রয়েছে।

হস্তান্তরের মাধ্যমে MRT Line-6 নির্মাণে ভূমি ব্যবহারের সম্মতি

ক) মিরপুর-১১ মেট্রোরেল স্টেশনে হস্তান্তরের মাধ্যমে ভূমি প্রাপ্তির কার্যক্রমের অগ্রগতি

MRT Line-6 এর মিরপুর-১১ মেট্রোরেল স্টেশন এলাকায় পথচারীদের যাতায়াতের সুবিধার্থে ফুটপাত নির্মাণের জন্য গৃহায়ণ ও গণপূর্ত বিভাগের নামে রেকর্ডভুক্ত ০.০৪১২৭ একর ভূমি ডিএমটিসিএল এর অনুকূলে জনস্বার্থে হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের মাধ্যমে গত ২০ মার্চ ২০২২ তারিখ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। হস্তান্তর প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করার লক্ষ্যে গত ২৮ এপ্রিল ২০২২ তারিখ সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সভাপতিত্বে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। এরই ধারাবাহিকতায় গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় হতে গত ১০ মে ২০২২ তারিখ গণপূর্ত অধিদপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে। গত ২৫ আগস্ট ২০২২ তারিখ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের সমন্বয়ে দ্বিতীয় আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। গণপূর্ত অধিদপ্তর থেকে ০৮ সেপ্টেম্বর ২০২২ তারিখ গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রতিবেদন প্রেরণ করা হয়েছে এবং প্রতিবেদনে বলা হয়েছে যে, বর্ণিত ভূমির মালিকানা গণপূর্ত অধিদপ্তরের নয়, জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের, অথচ ভূমির পর্চার দৃষ্টে দেখা যায়, জমির মালিকানা গৃহায়ণ ও গণপূর্ত অধিদপ্তরের। এ বিষয়ে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ে কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।

খ) মিরপুর-১০ মেট্রোরেল স্টেশনে হস্তান্তরের মাধ্যমে ভূমি প্রাপ্তির কার্যক্রমের অগ্রগতি

MRT Line-6 এর মিরপুর-১০ মেট্রোরেল স্টেশনে যাত্রীদের লিফট, এস্কেলেটর ও সিঁড়িতে নিরাপদে ও স্বাচ্ছন্দ্যে উঠা-নামা এবং পথচারিদের নির্বিঘ্নে যাতায়াতের সুবিধার্থে মেট্রোরেল স্টেশনের পূর্ব পার্শ্বে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর জোন অফিস এলাকায় ফুটপাত সংলগ্ন ভূমি ব্যবহারের সম্মতি প্রদানের নিমিত্ত গত ০৯ নভেম্বর ২০২১ তারিখ প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সঙ্গে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। এরই ধারাবাহিকতায় বিষয়টি নিষ্পত্তির লক্ষ্যে মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন গত ২০ ফেব্রুয়ারি ২০২২ তারিখ সাইট পরিদর্শন করেছেন। এই পরিদর্শনের পর্যবেক্ষণের নিরিখে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন বরাবর গত ১০ মার্চ ২০২২ তারিখ সংশোধিত প্রস্তাব প্রেরণ করা হয়েছে। হস্তান্তর প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করার লক্ষ্যে গত ২৮ এপ্রিল ২০২২ তারিখ সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সভাপতিত্বে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত অনুসরণে হস্তান্তরের কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।

গ) আগারগাঁও মেট্রোরেল স্টেশনে হস্তান্তরের মাধ্যমে ভূমি প্রাপ্তির কার্যক্রমের অগ্রগতি

MRT Line-6 এর আগারগাঁও মেট্রোরেল স্টেশন এলাকায় পথচারীদের যাতায়াতের সুবিধার্থে ফুটপাথ নির্মাণের জন্য ভূমি ব্যবহারের অনুমতি প্রদানের নিমিত্ত সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের মাধ্যমে গত ১৩ জানুয়ারি ২০২১ তারিখ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়। গত ০৭ মার্চ ২০২১ তারিখ গণপূর্ত অধিদপ্তর হতে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে মতামত প্রেরণ করা হয়েছে। গত ৩১ মে ২০২১ তারিখ প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তরকে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় হতে মতামতসহ পুনরায় প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছে। হস্তান্তর প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করার লক্ষ্যে গত ২৮ এপ্রিল ২০২২ তারিখ এবং গত ২৫ আগস্ট ২০২২ তারিখ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের সমন্বয়ে দুইটি আন্তঃমন্ত্রণালয় সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। সর্বশেষ সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত আছে।

ঘ) মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত এমআরটি লাইন-৬ বর্ধিতকরণের জন্য হস্তান্তরের মাধ্যমে ভূমি প্রাপ্তির কার্যক্রমের অগ্রগতি

অধিগ্রহণের পরও প্রয়োজনীয় ৪.০৫৮১৫ একর ভূমি সরকারি বিভিন্ন সংস্থা যেমন: জেলা প্রশাসক, ঢাকা; বাংলাদেশ রেলওয়ে; গণপূর্ত অধিদপ্তর এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এর মালিকানাধীন হওয়ায় হস্তান্তরের মাধ্যমে গ্রহণের নিমিত্ত সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের মাধ্যমে গত ১২ আগস্ট ২০২১ তারিখ জেলা প্রশাসক, ঢাকা; রেলপথ মন্ত্রণালয়; গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। পত্রসমূহের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সংস্থাসমূহের প্রতিনিধিগণ ইতোমধ্যে প্রস্তাবিত ভূমি সরেজমিনে পরিদর্শন করেছেন। ইতোমধ্যে গণপূর্ত অধিদপ্তরের নামে রেকর্ডভুক্ত ০.৫৩০৫০ একর ভূমি জনস্বার্থে ব্যবহারের অনুমতি পাওয়া গিয়েছে। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের নামে রেকর্ডভুক্ত ০.১১৮৬৫০ একর ভূমিসহ ২.৬২৭৮ একর ভূমি ব্যবহারের বিষয়ে মাননীয় মেয়র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এঁর মৌখিক সম্মতি পাওয়া গিয়েছে। জেলা প্রশাসক, ঢাকার নামে রেকর্ডভুক্ত ০.৬২৭৬ একর ভূমি প্রতীকী মূল্যে ডিএমটিসিএল-এর অনুকূলে বরাদ্দ প্রস্তাবের জন্য সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, মতিঝিল সার্কেল-এ মিস নথি রুজু করা হয়েছে। বাংলাদেশ রেলওয়ের মালিকানাধীন ২.৭৮১৪ একর ভূমি ডিএমটিসিএল-এর অনুকূলে বরাদ্দের লক্ষ্যে প্রধান ভূ-সম্পত্তি কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে পূর্বাঞ্চল কার্যালয়, চট্টগ্রামে ভূমির মূল্য নির্ধারণ কার্যক্রম চলমান রয়েছে।

২০২২-২০২৩ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬) এর ২০২২-২০২৩ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি)-তে বরাদ্দকৃত অর্থের বিপরীতে ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত আর্থিক অগ্রগতি ৯৯.৯৬%। উল্লেখ্য যে, ২০২০-২০২১ অর্থবছরের আরএডিপি-তে বরাদ্দকৃত অর্থের বিপরীতে আর্থিক অগ্রগতি ছিল ৭৭.৩১% এবং ২০২১-২০২২ অর্থবছরের আরএডিপি-তে বরাদ্দকৃত অর্থের বিপরীতে আর্থিক অগ্রগতি ছিল ১০০.০৩%। ২০২২-২০২৩ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি)-তে বরাদ্দকৃত অর্থের বিপরীতে ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

কোটি টাকায়

খাত	এডিপি বরাদ্দ	ব্যয়	অগ্রগতি (%)
ডিপিএ	১৮০০.০০	১৮০৪.৭৫	১০০.২৬%
জিওবি	১২৪৯.০০	১২৪২.৯১	৯৯.৫১%
মোট	**৩০৪৯.০০**	**৩০৪৭.৬৬**	**৯৯.৯৬%**

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬) এর অডিট আপত্তি ও নিষ্পত্তির অগ্রগতি

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর আওতায় বাস্তবায়নাধীন ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬) এর কার্যক্রম পর্যালোচনা করে ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত মোট ৭৫টি অডিট আপত্তি Foreign Aided Project Audit Directorate (FAPAD) কর্তৃক উত্থাপন করা হয়। তন্মধ্যে সাধারণ আপত্তি ৩৪টি এবং অগ্রিম আপত্তি ৪১টি। ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত মোট ৪৪টি আপত্তি নিষ্পত্তি হয়েছে। তন্মধ্যে সাধারণ আপত্তি ২৬টি এবং অগ্রিম আপত্তি ১৫টি ও ২টির আংশিক নিষ্পত্তি হয়েছে। অবশিষ্ট মোট ৩২টি ও ২টির আংশিক আপত্তি নিষ্পত্তির কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। তন্মধ্যে সাধারণ আপত্তি ০৮টি এবং অগ্রিম আপত্তি ২৪টি ও ২টির আংশিক (**পরিশিষ্ট-ঝ**)।

নিবিড় পরিবীক্ষণ

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬) ২০১২-২০২৫ মেয়াদে বাস্তবায়নের জন্য গ্রহণ করা হলেও বিশেষ উদ্যোগে রাতে ও দিনে কাজ করে নির্ধারিত সময়ের পূর্বে Early Commissioning এর লক্ষ্যে অর্জনে নির্মাণ কাজ পুরোদমে এগিয়ে চলছে। এই লক্ষ্য অর্জনে প্রকল্প এলাকার সন্নিকটে প্রকল্প টিমের অবস্থান ও নির্মাণ কাজ পরিবীক্ষণের নিমিত্ত প্রধান কার্যালয়ের পাশাপাশি উত্তরা, আগারগাঁও, ফার্মগেট ও গাবতলীতে অস্থায়ী কার্যালয় স্থাপন করা হয়েছে। নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান এবং ঠিকাদারী প্রতিষ্ঠানের কার্যালয়ও সংশ্লিষ্ট প্যাকেজের অস্থায়ী কার্যালয়ে স্থাপন নিশ্চিত করা হয়েছে। সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ওবায়দুল কাদের এমপি গত ০৬ সেপ্টেম্বর ২০২২ তারিখ এমআরটি লাইন-৬ এর উত্তরা ডিপো এলাকায় স্থাপিত মেট্রোরেল প্রদর্শনী ও তথ্য কেন্দ্র পরিদর্শন করে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করেন।

মাননীয় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী জনাব ওবায়দুল কাদের এমপি গত ০৬ সেপ্টেম্বর ২০২২ তারিখ মেট্রোরেল প্রদর্শনী ও তথ্য কেন্দ্র পরিদর্শন করছেন

জনাব এম. এ. মান্নান এমপি, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় গত ০৫ জুন ২০২৩ তারিখ মেট্রোরেলে আগারগাঁও থেকে উত্তরা উত্তর পর্যন্ত এবং বিপরীতক্রমে নিজস্ব উদ্যোগে ভ্রমণ করেন। তিনি মেট্রোরেলে যাতায়াতের সময় সহযাত্রীদের সঙ্গে মতবিনিময় করেন। তিনি স্টেশনের স্বয়ংক্রিয় ডিজিটাল ডিসপ্লে এবং মেট্রো ট্রেনের অভ্যন্তরের স্বয়ংক্রিয় ঘোষণার উপর দুইটি পর্যবেক্ষণ প্রদান করেন। পর্যবেক্ষণ অনুযায়ী কারিগরি দিক বিশ্লেষণ করে প্রকল্প কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছে।

জনাব এম. এ. মান্নান এমপি, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় স্ব উদ্যোগে মেট্রোরেলে ভ্রমণ করেন

জনাব এ বি এম আমিন উল্লাহ নুরী, সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ নিয়মিত মেট্রোরেল প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি সরেজমিনে পরিদর্শন করে থাকেন। এরই অংশ হিসেবে গত ১৭ নভেম্বর ২০২২ তারিখ MRT Line-6 এর উত্তরা উত্তর মেট্রোরেল স্টেশনের নির্মাণ কাজের অগ্রগতি পরিদর্শন করেন।

জনাব এ বি এম আমিন উল্লাহ নুরী, সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক উত্তরা উত্তর মেট্রোরেল স্টেশন পরিদর্শন

জনাব আবুল কাশেম মোঃ মহিউদ্দিন, সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) এঁর নেতৃত্বে একটি টিম ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর আওতায় বাস্তবায়নাধীন ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬) এর নির্মাণ কাজ গত ২৬ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ পরিদর্শন করেন। এই সময়ে তিনি উত্তরা ডিপো, আগারগাঁও ও উত্তরা উত্তর মেট্রোরেল স্টেশন পরিদর্শন করেন এবং মেট্রো ট্রেনে আগারগাঁও থেকে উত্তরা উত্তর মেট্রোরেল স্টেশনে এবং বিপরীতক্রমে যাতায়াত করেন। পরিদর্শন শেষে গত ২৮ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ পর্যবেক্ষণসহ একটি পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করেন। আইএমইডি থেকে প্রাপ্ত পরিদর্শন প্রতিবেদনের সুপারিশের উপর প্রকৃত অবস্থা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আইএমইডি-কে অবহিত করা হয়েছে।

জনাব আবুল কাশেম মোঃ মহিউদ্দিন, সচিব, আইএমইডি কর্তৃক গত ২৬ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ উত্তরা ডিপো পরিদর্শন

জনাব এম, এ, এন, ছিদ্দিক, ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল কর্মসূচি দিয়ে নিয়মিত এবং আকস্মিকভাবে মেট্রোরেল প্রকল্প এলাকা পরিদর্শন করে থাকেন। এরই ধারাবাহিকতায় গত ০৯ জানুয়ারি ২০২৩ তারিখ বাংলাদেশ সচিবালয়ের অভ্যন্তরে MRT Line-6 এর Entry/Exit নির্মাণের জন্য প্রস্তাবিত স্থান এবং উদ্ভূত চ্যালেঞ্জ নিরসনে বাংলাদেশ সচিবালয় মেট্রোরেল স্টেশন পরিদর্শন করেন। তিনি গত ০৪ মে ২০২৩ তারিখ নির্মানাধীন মতিঝিল মেট্রোরেল স্টেশন থেকে বিজয় সরণি মেট্রোরেল স্টেশন পর্যন্ত সকল মেট্রোরেল স্টেশনের বাস্তবায়ন কাজের অগ্রগতি সরেজমিনে পরিদর্শন করেন।

ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল গত ০৯ জানুয়ারি ২০২৩ তারিখ বাংলাদেশ সচিবালয় মেট্রোরেল স্টেশনের নির্মাণ কাজ পরিদর্শন করেন

গত ০৪ মে ২০২৩ তারিখ ডিএমটিসিএল এর ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক মতিঝিল মেট্রোরেল স্টেশন থেকে বিজয় সরণি মেট্রোরেল স্টেশন পর্যন্ত সকল মেট্রোরেল স্টেশনের বাস্তবায়ন কাজের অগ্রগতি সরেজমিনে পরিদর্শনের অংশ হিসেবে মতিঝিল মেট্রেরেল স্টেশন পরিদর্শন

জনাব মোঃ আফতাবউদ্দিন তালুকদার, প্রকল্প পরিচালক, MRT Line-6 প্রতি সপ্তাহে প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা করে সরেজমিনে বাস্তব অবস্থা পর্যবেক্ষণ করেন। এতে বাস্তবায়নে উদ্ভূত ছোট ছোট চ্যালেঞ্জের তাৎক্ষণিক সমাধান দেয়া সম্ভব হয়। প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার অংশ হিসেবে গত ১৫ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ প্রকল্প পরিচালক, MRT Line-6 ফার্মগেটস্থ সাইট অফিসের সভাকক্ষে প্যাকেজ CP-05 এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা করেন। তিনি যখন প্রয়োজন তখন MRT Line-6 এর নির্মাণ কাজ নিয়মিত সরেজমিনে পরিদর্শন করে প্রয়োজনীয় নির্দেশনাও প্রদান করে থাকেন।

গত ১৫ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ প্রকল্প পরিচালক, MRT Line-6 ফার্মগেটস্থ সাইট অফিসের সভাকক্ষে প্যাকেজ CP-05 এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা করেন

গত ১৪ অক্টোবর ২০২২ তারিখ Mr. Takeo OCHI, Director, JICA Training Centre, Hokkaido, Japan এবং Mr. ABE Masanori, Urban and Regional Development Group, Infrastructure Management Department, JICA যৌথভাবে এমআরটি লাইন-৬ এর উত্তরা উত্তর মেট্রোরেল স্টেশন পরিদর্শন করেন।

JICA এর Training Centre এবং Urban and Regional Development Group কর্তৃক যৌথভাবে MRT Line-6 এর উত্তরা উত্তর মেট্রোরেল স্টেশন পরিদর্শন

Dhaka Mass Rapid Transit Development Project (Line-1)

২০২৬ সালের ডিসেম্বর মাসের মধ্যে নির্মাণের জন্য নির্ধারিত বিমানবন্দর থেকে কমলাপুর পর্যন্ত ১৯.৮৭২ কিলোমিটার পাতাল মেট্রোরেল লাইন ও ১২টি পাতাল মেট্রোরেল স্টেশন বিশিষ্ট বিমানবন্দর রুট এবং নতুন বাজার থেকে পিতলগঞ্জ ডিপো পর্যন্ত ১১.৩৬৯ কিলোমিটার উড়াল মেট্রোরেল লাইন এবং ৭টি উড়াল ও ২টি পাতাল মেট্রোরেল স্টেশন বিশিষ্ট পূর্বাচল রুট সমন্বয়ে মোট ৩১.২৪১ কিলোমিটার দীর্ঘ বাংলাদেশের প্রথম পাতাল মেট্রোরেল MRT Line-1 এর নির্মাণ কাজ লক্ষ্যমাত্রা অনুযায়ী এগিয়ে চলছে। বিমানবন্দর রুটেই বাংলাদেশে প্রথম পাতাল বা আন্ডারগ্রাউন্ড মেট্রোরেল নির্মিত হতে যাচ্ছে। পূর্বাচল রুটের নদ্দা ও নতুন বাজার স্টেশনদ্বয় বিমানবন্দর রুটের অংশ হিসেবে পাতালে নির্মিত হবে। নদ্দা ও নতুন বাজার স্টেশনের আন্তঃরুট সংযোগ থাকবে। এই আন্তঃরুট সংযোগ ব্যবহার করে বিমানবন্দর রুট থেকে পূর্বাচল রুটে এবং পূর্বাচল রুট থেকে বিমানবন্দর রুটে যাওয়া যাবে। ২০২৬ সালের ডিসেম্বর মাসে MRT Line-1 চালু হলে এর উভয় রুট ব্যবহার করে দৈনিক ১০ লক্ষ ১৭ হাজার যাত্রী যাতায়াত করতে পারবেন।

MRT Line-1 এর রুট এ্যালাইনমেন্ট

কমলাপুর থেকে বিমানবন্দর পর্যন্ত বিমানবন্দর রুটের এ্যালাইনমেন্ট হল: বিমানবন্দর - বিমানবন্দর টার্মিনাল ৩ - খিলক্ষেত - নদ্দা - নতুন বাজার - উত্তর বাড্ডা - বাড্ডা - আফতাব নগর - রামপুরা - মালিবাগ - রাজারবাগ - কমলাপুর

নতুন বাজার থেকে পিতলগঞ্জ ডিপো পর্যন্ত পূর্বাচল রুটের এ্যালাইনমেন্ট হল: নতুন বাজার - নদ্দা - জোয়ার সাহারা - বোয়ালিয়া - মস্তুল - শেখ হাসিনা ক্রিকেট স্টেডিয়াম - পূর্বাচল সেন্টার - পূর্বাচল পূর্ব - পূর্বাচল টার্মিনাল - পিতলগঞ্জ ডিপো

MRT Line-1 এর উভয় রুটের এ্যালাইনমেন্ট ও স্টেশনের অবস্থান

MRT Line-1 এর সঙ্গে অন্যান্য MRT Lines-এর আন্তঃলাইন সংযোগ

এমআরটি লাইন-১ ও এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট এর নতুন বাজার স্টেশনে আন্তঃলাইন সংযোগ থাকবে। এমআরটি লাইন-১ ও এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট এর আফতাব নগর স্টেশনে আন্তঃলাইন সংযোগ থাকবে। উপরন্তু কমলাপুর স্টেশনে এমআরটি লাইন-১, এমআরটি লাইন-২, এমআরটি লাইন-৪ এবং এমআরটি লাইন-৬ এর মধ্যে আন্তঃলাইন সংযোগ থাকবে।

MRT Line-1 এর নির্মাণ কাজ তত্ত্বাবধানের জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ

Dhaka Mass Rapid Transit Development Project (Line-1) এর নির্মাণ কাজ তত্ত্বাবধানের জন্য পরামর্শক প্রতিষ্ঠান Nippon Koei Co., Ltd. (Japan) JV এর সঙ্গে গত ২৩ অক্টোবর ২০২২ তারিখ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এই চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে মাননীয় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী প্রত্যক্ষ করেন।

মাননীয় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী মহোদয়ের উপস্থিতিতে গত ২৩ অক্টোবর ২০২২ তারিখ MRT Line-1 এর নির্মাণ কাজ তত্ত্বাবধানের জন্য পরামর্শক প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তি স্বাক্ষর

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক MRT Line-1 এর নির্মাণ কাজের শুভ উদ্বোধন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী গত ০২ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলার পূর্বাচল নতুন শহর প্রকল্পের ৪ নম্বর সেক্টরের ১০৪ নম্বর সড়কের জনতা উচ্চ বিদ্যালয় সংলগ্ন রাজউকের কমার্শিয়াল প্লট মাঠে সুধী সমাবেশে বাংলাদেশের প্রথম পাতাল মেট্রোরেল MRT Line-1 এর নির্মাণ কাজের শুভ উদ্বোধন করেন।

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বাংলাদেশের প্রথম পাতাল মেট্রোরেল MRT Line-1 এর নির্মাণ কাজের শুভ উদ্বোধন

MRT Line-1 এর বাস্তবায়ন অগ্রগতি

MRT Line-1 এর বিমানবন্দর রুট এবং পূর্বাচল রুটের সকল বিস্তারিত Study, Survey, Basic Design, Detailed Design ও ডিপোর ভূমি অধিগ্রহণ সম্পন্ন হয়েছে। MRT Line-1 এর নির্মাণ কাজ মোট ১২টি প্যাকেজের মাধ্যমে বাস্তবায়ন করা হচ্ছে। ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত প্যাকেজ ভিত্তিক বাস্তবায়ন অগ্রগতির বিস্তারিত নিম্নরূপ:

- **প্যাকেজ-০১** এর আওতায় পিতলগঞ্জ ডিপোর ভূমি উন্নয়ন কাজ শুরু করার নিমিত্ত গত ২৩ নভেম্বর ২০২২ তারিখে ঠিকাদারী প্রতিষ্ঠান Tokyu Construction Co., Ltd (Japan) and Max Infrastructure Limited (Bangladesh) Joint Venture এর সঙ্গে চুক্তি স্বাক্ষরিত হয়।

পিতলগঞ্জ ডিপোর ভূমি উন্নয়ন সংক্রান্ত প্যাকেজ সিপি-০১ এর ঠিকাদারী প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তি স্বাক্ষর

গত ০১ মার্চ ২০২৩ তারিখ থেকে নিয়োজিত ঠিকাদারী প্রতিষ্ঠান কাজ শুরু করেছে। ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত ভূমি উন্নয়ন কাজের বাস্তবায়ন অগ্রগতি ২৫%।

পাখির চোখে MRT Line-1 এর ডিপোর ভূমি উন্নয়ন কার্যক্রম

❖ **প্যাকেজ-০২** এর আওতায় ডিপোর অবকাঠামো নির্মাণ কাজ শুরু করার নিমিত্ত গত ১৫ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ প্রাক-যোগ্যতার আবেদন আহ্বান করা হয়। গত ১৪ জুন ২০২৩ তারিখ প্রাপ্ত আবেদনসমূহ উন্মুক্ত করা হয়। দাখিলকৃত আবেদনসমূহ মূল্যায়নের কাজ চলছে।

❖ **প্যাকেজ-০৩** এর আওতায় কমলাপুর থেকে রামপুরা পর্যন্ত পাতাল লাইন ও ৪টি মেট্রোরেল স্টেশন (কমলাপুর, রাজারবাগ, মালিবাগ ও রামপুরা) নির্মাণের নিমিত্ত প্রাক-যোগ্যতা সম্পন্ন হয়েছে। খসড়া দরপত্র দলিল JICA এর সম্মতির জন্য প্রেরণ করা হয়েছে। JICA এর সম্মতি প্রাপ্তির পর দরপত্র আহ্বান করা হবে।

❖ **প্যাকেজ-০৪** এর আওতায় রামপুরা থেকে নতুন বাজার পর্যন্ত পাতাল লাইন ও ৪টি মেট্রোরেল স্টেশন (আফতাব নগর, বাড্ডা, উত্তর বাড্ডা, নতুন বাজার) নির্মাণের নিমিত্ত প্রাক-যোগ্যতা সম্পন্ন হয়েছে। খসড়া দরপত্র দলিল JICA এর সম্মতির জন্য প্রেরণ করা হয়েছে। JICA এর সম্মতি প্রাপ্তির পর দরপত্র আহ্বান করা হবে।

❖ **প্যাকেজ-০৫** এর আওতায় নতুন বাজার থেকে পূর্বাচল রুটের উড়াল অংশের শুরু পর্যন্ত পাতাল লাইন ও ১টি মেট্রোরেল স্টেশন (নদ্দা) নির্মাণের নিমিত্ত প্রাক-যোগ্যতা সম্পন্ন হয়েছে। JICA'র নিকট থেকে মূল দরপত্র দলিলের উপর গত ০৪ জুন ২০২৩ তারিখ সম্মতি পাওয়া গিয়েছে। গত ২৬ জুন ২০২৩ তারিখ দরপত্র আবেদন আহ্বান করা হয়েছে। আগামী ৩০ অক্টোবর ২০২৩ তারিখ দরপত্র আবেদন উন্মুক্ত করার জন্য নির্ধারিত আছে।

❖ **প্যাকেজ-০৬** এর আওতায় নদ্দা থেকে বিমানবন্দর পর্যন্ত পাতাল লাইন ও ৩টি মেট্রোরেল স্টেশন (খিলক্ষেত, বিমানবন্দর টার্মিনাল-৩ ও বিমানবন্দর) নির্মাণের নিমিত্ত প্রাক-যোগ্যতা সম্পন্ন হয়েছে। খসড়া দরপত্র দলিল JICA এর সম্মতির জন্য গত ০৬ জুন ২০২৩ তারিখ প্রেরণ করা হয়েছে। JICA এর সম্মতি প্রাপ্তির পর দরপত্র আহ্বান করা হবে।

❖ **প্যাকেজ-০৭** এর আওতায় পূর্বাচল রুটের উড়াল অংশের শুরু হতে বালু নদীর শুরু পর্যন্ত উড়াল লাইন ও ৩টি মেট্রোরেল স্টেশন (জোয়ার সাহারা, বোয়ালিয়া ও মস্তুল) নির্মাণের নিমিত্ত প্রাক-যোগ্যতার আবেদন গত ০৮ জুন ২০২৩ তারিখ উন্মুক্ত করা হয়েছে । মূল্যায়ন কার্যক্রম চলমান আছে।

❖ **প্যাকেজ-০৮** এর আওতায় বালু নদীর পর থেকে পিতলগঞ্জ ডিপো পর্যন্ত উড়াল লাইন ও ৪টি মেট্রোরেল স্টেশন (শেখ হাসিনা ক্রিকেট স্টেডিয়াম, পূর্বাচল সেন্টার, পূর্বাচল পূর্ব ও পূর্বাচল টার্মিনাল) নির্মাণের নিমিত্ত প্রাক-যোগ্যতার আবেদন গত ১২ জুন ২০২৩ তারিখ উন্মুক্ত করা হয়েছে। মূল্যায়ন কার্যক্রম চলমান আছে।

❖ **প্যাকেজ-০৯** এর আওতায় Track Works & Electrical Facilities কাজের প্রাক-যোগ্যতা সম্পন্ন হয়েছে। খসড়া দরপত্র দলিল প্রস্তুত করা হয়েছে। সহসাই JICA'র সম্মতির জন্য প্রেরণ করা হবে।

❖ **প্যাকেজ-১০** এর আওতায় Signal System, Telecommunication System, Enterprise Resource Management System and Platform Screen Doors সংগ্রহ ও স্থাপনের প্রাক-যোগ্যতা সম্পন্ন হয়েছে। খসড়া দরপত্র দলিল প্রস্তুত করা হয়েছে। সহসাই JICA'র সম্মতির জন্য প্রেরণ করা হবে।

❖ **প্যাকেজ-১১** এর আওতায় Automatic Fare Collection System (AFC) সংগ্রহ ও স্থাপনের প্রাক-যোগ্যতা সম্পন্ন হয়েছে। খসড়া দরপত্র দলিল প্রস্তুত করা হয়েছে। সহসাই JICA'র সম্মতির জন্য প্রেরণ করা হবে।

❖ **প্যাকেজ-১২** এর আওতায় Procurement of Rolling Stock and Equipment of Depot এর নিমিত্ত গত ০৩ মে ২০২৩ তারিখে প্রাক-যোগ্যতার আবেদনসমূহ উন্মুক্ত করা হয়েছে। আবেদনসমূহের মুল্যায়ন কার্যক্রম চলমান আছে। মূল্যায়ন শেষে JICA'র সম্মতির জন্য প্রেরণ করা হবে।

MRT Line-1 এর ভূমি অধিগ্রহণ

❖ MRT Line-1 এর ডিপো ও ডিপো এক্সেস করিডোর নির্মাণের জন্য জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ-এর এল,এ কেস নম্বর ১০/১৯-২০ অনুযায়ী রূপগঞ্জ উপজেলার পিতলগঞ্জ ও ব্রাহ্মণখালী মৌজায় মোট ৯২.৭২২৫ একর ভূমি অধিগ্রহণ সম্পন্ন হয়েছে।

❖ MRT Line-1 এর বাড্ডা রিসিভিং সাব স্টেশন নির্মাণের নিমিত্ত ঢাকা জেলার গুলশান থানার তেজগাঁও সার্কেলের আওতাধীন বাড্ডা মৌজায় ০.০৬৮২ একর ভূমি অধিগ্রহণের জন্য যথাযথ পদ্ধতি অনুসরণ করে গত ২৬ জুন ২০২২ তারিখ জেলা প্রশাসক, ঢাকা কর্তৃক এলএ কেইস নম্বর-০৩.১৫.১৪/২০২১-২০২২ রুজু করা হয়। এই এলএ কেইসের বিপরীতে অগ্রিম বাবদ ২০ কোটি ২৫ লক্ষ ৬৫২.৫৮ টাকার চেক জেলা প্রশাসক, ঢাকাকে প্রদান করা হয়েছে। এরই ধারাবাহিকতায় অধিগ্রহণের ধাপ অতিক্রম করে এলএ কেইস নম্বর-০৩.১৫.১৪/২০২১-২০২২ এর রোয়েদাদ পাওয়া গিয়েছে। বাড্ডা রিসিভিং সাব স্টেশনের জন্য ০.০৬৮২ একর ভূমি অধিগ্রহণের পরেও আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত মোতাবেক প্রস্তাবিত আরো ০.৬০৬৮ একর ভূমি অধিগ্রহণের প্রস্তাব কেন্দ্রীয় ভূমি বরাদ্দ কমিটির সভায় অনুমোদনের জন্য ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে গত ১৯ জুন ২০২৩ তারিখ ১৩৮তম কেন্দ্রীয় ভূমি বরাদ্দ কমিটির সভায় এই ভূমি অধিগ্রহণের প্রস্তাব অনুমোদিত হয়।

❖ ১২ (বারো)টি পাতাল মেট্রোরেল স্টেশনের মধ্যে নদ্দা, নতুনবাজার ও উত্তর বাড্ডা এই ০৩ (তিন)টি পাতাল মেট্রোরেল স্টেশনের ২.৩০৭০ একর ভূমি অধিগ্রহণের নিমিত্ত যথাযথ পদ্ধতি অনুসরণ করে গত ২৮ মার্চ ২০২৩ তারিখ কেন্দ্রীয় ভূমি বরাদ্দ কমিটির অনুমোদনের জন্য প্রস্তাব ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। গত ১৫ মে ২০২৩ তারিখ সম্ভাব্যতা যাচাইয়ের জন্য ভূমি মন্ত্রণালয় হতে জেলা প্রশাসক, ঢাকাকে পত্র দেওয়া হয়েছে এবং গত ১১ জুন ২০২৩ তারিখ সম্ভাব্যতা যাচাই করা হয়েছে।

❖ ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) এর ডিপো ও ডিপো এক্সেস করিডোরের Resettlement Action Plan (RAP-I of MRT Line-1) ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড এর গত ১৪ নভেম্বর ২০২২ তারিখের ৪৮তম বোর্ড সভায় অনুমোদন হওয়ার পর Joint Verification Committee (JVC), Property Valuation Assessment Committee (PVAC), Local Grievances Redress Committee (LGRC) এবং Project Level Grievances Redress Committee (PGRC) কমিটিসমূহ গঠনপূর্বক তা অফিস আদেশ আকারে জারি করা হয়েছে। গত ০৬ জুন ২০২৩ তারিখে যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক ৪৯ (উনপঞ্চাশ) জন ক্ষতিগ্রস্তের অনুকূলে পুনর্বাসন সুবিধার চেক প্রদান করা হয়েছে। বাকি ক্ষতিগ্রস্তদের অনুকূলে পুনর্বাসন সুবিধার চেক প্রদান কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

ডিপো ও ডিপো এক্সেস করিডোরের ভূমি অধিগ্রহণের ফলে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের পুনর্বাসন সহায়তার চেক বিতরণ

হস্তান্তরের মাধ্যমে MRT Line-1 নির্মাণে ভূমি ব্যবহারের সম্মতি

MRT Line-1 এর পিতলগঞ্জ ডিপোর এক্সেস করিডোরের বর্ধিতাংশ নির্মাণের জন্য ১.৩২৫০ একর ভূমি বিভাগীয়ভাবে হস্তান্তরের প্রস্তাব যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। ভূমি মন্ত্রণালয় গত ২৫ অক্টোবর ২০২১ তারিখ বিভাগীয় হস্তান্তর প্রস্তাবের উপর মতামত প্রদানের জন্য সুরক্ষা সেবা বিভাগ; গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় এবং জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ বরাবর পত্র প্রেরণ করে। তদপ্রেক্ষিতে গত ১৪ ডিসেম্বর ২০২১ তারিখ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর নিয়ন্ত্রণকারী সুরক্ষা সেবা বিভাগ হতে ডিএমটিসিএল-এর অনুকূলে অনাপত্তি পাওয়া গিয়েছে। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ কর্তৃক গত ২৩ নভেম্বর ২০২১ তারিখ ভূমি মন্ত্রণালয়ে মতামত প্রেরণ করা হয়। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) কর্তৃক গত ২৮ এপ্রিল ২০২২ তারিখের মতামতের প্রেক্ষিতে অনাপত্তি প্রদানের জন্য বর্তমানে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন আছে। গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় জানিয়েছে যে, এই ভূমি হস্তান্তরের জন্য রাজউক এর বোর্ড মিটিং-এ অনুমোদন প্রয়োজন। বোর্ড মিটিং-এর অনুমোদনের পর পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

MRT Line-1 এর পরিসেবা স্থানান্তর

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) এর ১২টি পাতাল মেট্রোরেল স্টেশনের পরিসেবা স্থানান্তরের কাজ বাংলাদেশ সেনাবাহিনীর ২৪ ইঞ্জিনিয়ারিং কন্সট্রাকশন বিগ্রেড এর মাধ্যমে অর্পিত ক্রয়কার্য পদ্ধতিতে সম্পন্ন করার নিমিত্ত গত ১৪ জুন ২০২৩ তারিখ এমআরটি লাইন-১ এর প্রকল্প কর্তৃপক্ষ এবং ২৪ ইঞ্জিনিয়ারিং কন্সট্রাকশন বিগ্রেড এর মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়।

অর্পিত ক্রয়কার্য পদ্ধতিতে ১২টি পাতাল মেট্রোরেল স্টেশনের পরিসেবা স্থানান্তরের নিমিত্ত এমআরটি লাইন-১ এর প্রকল্প কর্তৃপক্ষ এবং ২৪ ইঞ্জিনিয়ারিং কন্সট্রাকশন বিগ্রেড এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর

Transit Oriented Development (TOD) Hub নির্মাণ

সরকারের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ অনুসরণে বাস্তবায়নাধীন প্রতিটি এমআরটি লাইনের রুট এ্যালাইনমেন্টে ন্যূনতম একটি করে TOD Hub নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এই লক্ষ্যমাত্রা অর্জনে MRT Line-1 এর আওতায় TOD Hub নির্মাণের জন্য প্রয়োজনীয় ভূমি অনুসন্ধান করা হচ্ছে। প্রাথমিকভাবে শেখ হাসিনা ক্রিকেট স্টেডিয়াম স্টেশন সংলগ্ন রাজউক মালিকানাধীন ১৫ একর ভূমি, পূর্বাচল টার্মিনাল স্টেশন সংলগ্ন রাজউক মালিকানাধীন ৩ একর ভূমি, পূর্বাচল টার্মিনাল স্টেশন সংলগ্ন ব্যক্তি মালিকানাধীন ৩ একর ভূমি এবং আফতাবনগর স্টেশন সংলগ্ন ৬ একর ভূমি মোট ২৭ একর ভূমি অধিগ্রহণ/বিভাগীয় হস্তান্তরের মাধ্যমে গ্রহণের বিষয়টি বিবেচনায় রাখা হয়েছে।

Station Plaza নির্মাণ

সরকারের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ অনুসরণে বাস্তবায়নাধীন প্রতিটি এমআরটি লাইনের রুট এ্যালাইনমেন্টে ন্যূনতম ৪টি করে Station Plaza নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এরই ধারাবাহিকতায় এমআরটি লাইন-১ এর উভয় রুটের রুট এ্যালাইনমেন্ট সংলগ্ন এলাকায় ন্যূনতম ৪টি Station Plaza নির্মাণের জন্য প্রয়োজনীয় ভূমি অধিগ্রহণ/বিভাগীয় হস্তান্তরের মাধ্যমে প্রাপ্তির বিষয়টি অনুসন্ধান করা হচ্ছে।

MRT Line-1 এর সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) এর ২০২২-২০২৩ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি)-তে বরাদ্দকৃত অর্থের বিপরীতে ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত আর্থিক অগ্রগতি **৯৯.৮৮%**। উল্লেখ্য যে, ২০২০-২০২১ অর্থ বছরের আরএডিপি-তে বরাদ্দকৃত অর্থের বিপরীতে আর্থিক অগ্রগতি ছিল ৯৯.৯৮% এবং ২০২১-২০২২ অর্থ বছরের আরএডিপি-তে বরাদ্দকৃত অর্থের বিপরীতে আর্থিক অগ্রগতি ছিল ৯৯.৯৭%। ২০২২-২০২৩ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি)-তে বরাদ্দকৃত অর্থের বিপরীতে ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

কোটি টাকায়

খাত	আরএডিপি বরাদ্দ	ব্যয়	অগ্রগতি %
ডিপিএ	২১০.০০	২০৯.৮৫	৯৯.৯৩
জিওবি	৩২৩.৪৪	৩২২.৯৪	৯৯.৮৫
মোট	**৫৩৩.৪৪**	**৫৩২.৭৯**	**৯৯.৮৮**

MRT Line-1 [E/S] এর সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির অগ্রগতি

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) [ই/এস] এর ২০২২-২০২৩ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি)-তে বরাদ্দকৃত অর্থের বিপরীতে ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত আর্থিক অগ্রগতি **৯৮.৭৮%**। উল্লেখ্য যে, ২০২০-২০২১ অর্থ বছরের আরএডিপি-তে বরাদ্দকৃত অর্থের বিপরীতে আর্থিক অগ্রগতি ছিল **৯৯.৮২**% এবং ২০২১-২০২২ অর্থ বছরের আরএডিপি-তে বরাদ্দকৃত অর্থের বিপরীতে আর্থিক অগ্রগতি ছিল **৯৯.১৭**%। ২০২১-২০২২ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দকৃত অর্থের বিপরীতে ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

কোটি টাকায়

খাত	আরএডিপি বরাদ্দ	ব্যয়	অগ্রগতি %
ডিপিএ	৬০.০০	৫৯.১১	৯৮.৫২
জিওবি	২৬.৮৪	২৬.৬৭	৯৯.৩৭
মোট	**৮৬.৮৪**	**৮৫.৭৮**	**৯৮.৭৮**

MRT Line-1 [E/S] এর Project Completion Report (PCR)

Technical Assistance for Dhaka Mass Rapid Transit Development Project (Line-1) [E/S] টেকনিক্যাল এ্যাসিসট্যান্স ফর ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) [ই/এস] প্রকল্পটি ২০২২-২০২৩ অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত ছিল এবং সফলভাবে এই কারিগরি প্রকল্পটি সমাপ্ত করা হয়েছে। সহসাই এই কারিগরি প্রকল্পটির Project Completion Report (PCR) দাখিল করা হবে। এই প্রকল্পের বাস্তবায়ন বিবরণী নিম্নে দেয়া হল:

লক্ষ টাকায়

বিবরণ	মোট	জিওবি	প্রকল্প সাহায্য
প্রকল্পের প্রাক্কলিত ব্যয়	৫৯,২৭৫.২১	১৮,৭৪৮.৪১	৪০,৫২৬.৮০
প্রকল্প শুরু থেকে ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয়	৫৭,৮৩৩.৫৬	১৮,০৪৩.৮২	৩৯,৭৮৯.৭৪
অগ্রগতি (%)	৯৭.৫৭	৯৬.২৪	৯৮.১৮

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) [ই/এস] এর অডিট আপত্তি ও নিষ্পত্তির অগ্রগতি

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর আওতায় বাস্তবায়নাধীন ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) [ই/এস] এর কার্যক্রম পর্যালোচনা করে ২০২১-২০২২ অর্থবছরে ২টি সাধারণ অডিট আপত্তি উত্থাপিত হয়েছে। উত্থাপিত অডিট আপত্তির জবাব গত ২২ মে ২০২৩ তারিখ ফাপাডে প্রেরণ করা হয়েছে। ফাপাডে আপত্তি নিষ্পত্তির কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।

Dhaka Mass Rapid Transit Development Project (Line-5): Northern Route

২০২৮ সালের মধ্যে হেমায়েতপুর হতে আমিন বাজার পর্যন্ত ও নতুন বাজারের পর হতে ভাটারা পর্যন্ত ৬.৫০ কিলোমিটার উড়াল ও আমিন বাজার হতে নতুন বাজার পর্যন্ত ১৩.৫০ কিলোমিটার পাতাল সমন্বয়ে ২০ কিলোমিটার দীর্ঘ ও ১৪টি স্টেশন (পাতাল ৯টি এবং উড়াল ৫টি) বিশিষ্ট MRT Line-5: Northern Route প্রকল্পটি ০১ জুলাই ২০১৯ হতে ৩১ ডিসেম্বর ২০২৮ মেয়াদে প্রায় ৪১ হাজার ২৩৯ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে অনুমোদিত হয়েছে। ইতোমধ্যে Feasibility Study ও Basic Design সম্পন্ন হয়েছে। বর্তমানে Detailed Design এর কাজ শেষ পর্যায়ে রয়েছে। হেমায়েতপুর ডিপোর ভূমি অধিগ্রহণ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। আগামী অক্টোবর ২০২৩ মাসে মাননীয় প্রধানমন্ত্রী MRT Line-5: Northern Route এর নির্মাণ কাজের শুভ উদ্বোধন করবেন বলে আশা করা যাচ্ছে। এই মেট্রোরেল লাইন আমিন বাজার এবং গাবতলীর মধ্যবর্তী স্থান তুরাগ নদীর ৩০ মিটার নিচ দিয়ে অতিক্রম করবে। এই মেট্রোরেল লাইনের কচুক্ষেত এবং বনানী মেট্রোরেল স্টেশন পাতালে ঢাকা সেনানিবাসের নিচ দিয়ে সংযুক্ত হবে। এটিই হবে ঢাকা মহানগরীর প্রথম পূর্ব-পশ্চিম MRT Corridor এবং বাংলাদেশের দ্বিতীয় পাতাল মেট্রোরেল। ২০২৮ সালের ডিসেম্বর মাসে MRT Line-5: Northern Route চালু হলে এই মেট্রোরেল লাইনে দৈনিক ১২ লক্ষ ৩০ হাজার যাত্রী যাতায়াত করতে পারবেন।

MRT Line-5: Northern Route-এর রুট এ্যালাইনমেন্ট হল: হেমায়েতপুর - বলিয়ারপুর - বিলামালিয়া - আমিনবাজার - গাবতলী - দারুস সালাম - মিরপুর ১ - মিরপুর ১০ - মিরপুর ১৪ - কচুক্ষেত - বনানী - গুলশান ২ - নতুন বাজার - ভাটারা।

MRT Line-5: Northarn Route এর রুট এ্যালাইনমেন্ট ও স্টেশনের অবস্থান

MRT Line-5: Northern Route এর সঙ্গে অন্যান্য MRT Lines-এর আন্তঃলাইন সংযোগ

এমআরটি লাইন-৫: নর্দার্ন রুটের গাবতলী স্টেশনে এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট এবং এমআরটি লাইন-২ এর সঙ্গে আন্তঃলাইন সংযোগ থাকবে। এমআরটি লাইন-৫: নর্দার্ন রুটের মিরপুর-১০ ও নতুন বাজার স্টেশনে যথাক্রমে এমআরটি লাইন-৬ এবং এমআরটি লাইন-১ এর আন্তঃলাইন সংযোগ থাকবে।

প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি

Dhaka Mass Rapid Transit Development Project (Line-5): Northern Route এর নির্মাণ কাজ মোট ১০টি প্যাকেজের মাধ্যমে বাস্তবায়ন করা হচ্ছে। প্যাকেজগুলোর বাস্তবায়ন অগ্রগতির সংক্ষিপ্ত বিবরণ অপর পৃষ্ঠায় দেয়া হয়েছে:

প্যাকেজ CP-01 (হেমায়েতপুর ডিপোর ভূমি উন্নয়ন): এই প্যাকেজের মাধ্যমে হেমায়েতপুর ডিপোর ভূমি উন্নয়নের নিমিত্ত গত ২৩ মে ২০২৩ তারিখ ঠিকাদারী প্রতিষ্ঠান TOA-Spectra JV এর সঙ্গে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। চুক্তি মূল্যে টাকায় ১১৮৯,০০,০০,০৫৩/-। তন্মধ্যে জাইকার সহায়তার পরিমাণ ১০২৮,৮৮,০৪,৮০৬ টাকা এবং বাংলাদেশ সরকার এর অনুদান ১৬০,১১,৯৫,২৪৭ টাকা। ডিপো নির্মাণের জন্য ইতোমধ্যে ৯৯.২৫ একর ভূমি অধিগ্রহণ করা হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান মাঠ পর্যায়ে জনবল ও যন্ত্রপাতি মবিলাইজেশন শুরু করেছে।

গত ২৩ মে ২০২৩ তারিখ প্যাকেজ CP-01 এর ঠিকাদারী প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তি স্বাক্ষর

প্যাকেজ CP-02 (ডিপো এলাকার পূর্ত কাজ ও ভবন নির্মাণ): এই প্যাকেজের মাধ্যমে ডিপোর স্থাপনা নির্মাণ এর লক্ষ্যে প্রাক যোগ্যতা যাচাই এর জন্য প্রস্তাব আহ্বান করে গত ২৬ এপ্রিল ২০২৩ তারিখ বিজ্ঞাপন প্রকাশ করা হয়েছে। আগামী ১৪ জুলাই ২০২৩ তারিখ প্রস্তাব দাখিলের জন্য নির্ধারিত আছে। এই প্যাকেজের দরপত্র দলিল প্রণয়নের কার্যক্রম শেষ পর্যায়ে রয়েছে।

প্যাকেজ CP-03 (হেমায়েতপুর হতে ভাটারা পর্যন্ত উড়াল মেইন লাইন ও স্টেশন নির্মাণ): এই প্যাকেজের মাধ্যমে হেমায়েতপুর হতে আমিনবাজার ও নতুনবাজার হতে ভাটারা পর্যন্ত এলিভেটেড লাইন ও স্টেশন নির্মাণ এর লক্ষ্যে প্রাক যোগ্যতার প্রস্তাবসমূহ মূল্যায়ন শেষে অনুমোদনের জন্য জাইকার নিকট গত ১০ এপ্রিল ২০২৩ তারিখ প্রেরণ করা হয়েছে। এই প্যাকেজের দরপত্র দলিল প্রণয়নের কার্যক্রম শেষ পর্যায়ে রয়েছে।

প্যাকেজ CP-04 (আমিন বাজার হতে মিরপুর-১ স্টেশন পর্যন্ত পাতাল মেইন লাইন ও স্টেশন নির্মাণ): এই প্যাকেজের মাধ্যমে আমিনবাজার ট্রানজিশন হতে মিরপুর-১ পর্যন্ত পাতাল টানেল ও স্টেশন নির্মাণ এর লক্ষ্যে প্রাক যোগ্যতার প্রস্তাবসমূহ গত ৩০ এপ্রিল ২০২৩ তারিখে উন্মুক্ত করা হয়েছে। প্রাপ্ত প্রস্তাবসমূহ মূল্যায়ন শেষে জাইকার নিকট অনুমোদনের জন্য প্রেরণ করা হবে। এই প্যাকেজের দরপত্র দলিল প্রণয়নের কার্যক্রম শেষ পর্যায়ে রয়েছে।

প্যাকেজ CP-05 (মিরপুর ১ থেকে কচুক্ষেত স্টেশন পর্যন্ত পাতাল মেইন লাইন ও স্টেশন নির্মাণ): এই প্যাকেজের মাধ্যমে মিরপুর-১ ট্রানজিশন হতে কচুক্ষেত পর্যন্ত পাতাল টানেল ও স্টেশন নির্মাণ এর লক্ষ্যে প্রাক যোগ্যতার প্রস্তাবসমূহ মূল্যায়ন শেষে অনুমোদনের জন্য জাইকার নিকট গত ০৬ এপ্রিল ২০২৩ তারিখ প্রেরণ করা হয়েছে। এই প্যাকেজের দরপত্র দলিল প্রণয়নের কার্যক্রম শেষ পর্যায়ে রয়েছে।

প্যাকেজ CP-06 (কচুক্ষেত হতে ভাটারা স্টেশন পর্যন্ত পাতাল মেইন লাইন ও স্টেশন নির্মাণ): এই প্যাকেজের মাধ্যমে কচুক্ষেত ট্রানজিশন হতে নতুনবাজার পর্যন্ত পাতাল টানেল ও স্টেশন নির্মাণের লক্ষ্যে প্রাক যোগ্যতার প্রস্তাবসমূহ মূল্যায়ন শেষে অনুমোদনের জন্য জাইকার নিকট গত ০৫ মার্চ ২০২৩ তারিখ প্রেরণ করা হয়েছে। এই প্যাকেজের দরপত্র দলিল প্রণয়নের কার্যক্রম শেষ পর্যায়ে রয়েছে।

প্যাকেজ CP-07 (ই এন্ড এম সিস্টেম, সিগন্যাল সিস্টেম, টেলিকমিউনিকেশন সিস্টেম, প্ল্যাটফর্ম স্ক্রিন ডোরস্ ও এন্টারপ্রাইজ রিসোর্স ম্যানেজমেন্ট সিস্টেম): এই প্যাকেজের মাধ্যমে সিগন্যাল সিস্টেম, টেলিকমিউনিকেশন সিস্টেম, ইলেক্ট্রিফিকেশন সিস্টেম, এন্টারপ্রাইজ রিসোর্স ম্যানেজমেন্ট সিস্টেম ও প্ল্যাটফরম স্ক্রিন ডোরস স্থাপনের জন্য ইতোমধ্যে প্রাক যোগ্যতা যাচাই এর জন্য প্যাকেজের প্রাক-যোগ্যতার দলিল প্রস্তুত করে উন্নয়ন সহযোগী সংস্থার নিকট প্রেরণ করা হয়েছে। সহসাই প্রাক যোগ্যতার আবেদন আহ্বান করা যাবে বলে আশা করা যাচ্ছে। এই প্যাকেজের দরপত্র দলিল প্রণয়নের কার্যক্রম শেষ পর্যায়ে রয়েছে।

প্যাকেজ CP-08 (রোলিং স্টক ও ডিপো ইকুইপমেন্ট): এই প্যাকেজের মাধ্যমে রোলিং স্টক ও ডিপো ইকুইপমেন্ট সরবরাহের লক্ষ্যে প্রাক-যোগ্যতার দলিল চূড়ান্ত হয়েছে। সহসাই উন্নয়ন সহযোগী সংস্থার নিকট প্রেরণ করা হবে বলে আশা করা যাচ্ছে। এই প্যাকেজের দরপত্র দলিল প্রণয়নের কার্যক্রম শেষ পর্যায়ে রয়েছে।

প্যাকেজ CP-09 (ডিপো ও মেইন লাইন এর ট্র্যাক ওয়ার্কস): এই প্যাকেজের মাধ্যমে ডিপো ও মেইন লাইন এর ট্র্যাক ওয়ার্কস কাজের জন্য প্রাক-যোগ্যতার দলিল প্রস্তুত করে উন্নয়ন সহযোগী সংস্থার নিকট গত ২৬ জানুয়ারি ২০২৩ তারিখ প্রেরণ করা হয়েছে। সহসাই প্রাক যোগ্যতার আবেদন আহ্বান করা যাবে বলে আশা করা যাচ্ছে। এই প্যাকেজের দরপত্র দলিল প্রণয়নের কার্যক্রম শেষ পর্যায়ে রয়েছে।

প্যাকেজ CP-10 (অটোমেটিক ফেয়ার কালেকশন সিস্টেম): এই প্যাকেজের মাধ্যমে অটোমেটিক ফেয়ার কালেকশন সিস্টেম স্থাপনের লক্ষ্যে প্রাক-যোগ্যতার দলিল প্রস্তুতকরণের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। চূড়ান্ত হওয়ার পর উন্নয়ন সহযোগী সংস্থার নিকট প্রেরণ করা হবে বলে আশা করা যাচ্ছে। এই প্যাকেজের দরপত্র দলিল প্রণয়নের কার্যক্রম শেষ পর্যায়ে রয়েছে।

MRT Line-5: Northern Route-এর ভূমি অধিগ্রহণ

MRT Line-5: Northern Route-এর হেমায়েতপুর ডিপো ও ডিপো এক্সেস করিডোর নির্মাণের জন্য ঢাকা জেলার সাভার উপজেলার বিলামালিয়া ও কোন্ডা মৌজায় মোট ৯৯.২৫ একর ভূমি অধিগ্রহণের নিমিত্ত জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা কর্তৃক এলএ কেইস নম্বর-০৩.১৫.১৭/২০২০-২০২১ রুজু করা হয়। এরই ধারাবাহিকতায় ধাপভিত্তিক পদক্ষেপ গ্রহণ করে গত ২০ অক্টোবর ২০২২ তারিখ ৯৯.২৫ একর ভূমির গেজেট প্রকাশিত হয়েছে। অধিগ্রহণকৃত ভূমির নামজারী করে ভূমি অধিগ্রহণ সম্পন্ন করা হয়েছ।

এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট এর হেমায়েতপুর ডিপোর Layout Plan

MRT Line-5: Northern Route-এর হেমায়েতপুর থেকে ভাটারা পর্যন্ত ১৪টি মেট্রোরেল স্টেশন ও ইস্টার্ন ট্রানজিশন সেকশন নির্মাণের জন্য মোট ১১.১০০১ একর ভূমি অধিগ্রহণের কাজ বিভিন্ন পর্যায়ে চলমান আছে।

০৯ জানুয়ারি ২০২৩ তারিখ এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট এর পাতল মেট্রোরেল স্টেশনসমূহের Entry/Exit এবং Mechanical Shaft ইত্যাদি নির্মাণের জন্য নির্ধারিত ভূমি প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক সরেজমিনে পরিদর্শন

এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট এর সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫): নর্দার্ন রুট এর ২০২২-২০২৩ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি)-তে বরাদ্দকৃত অর্থের বিপরীতে ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত আর্থিক অগ্রগতি **৯৭.৯৯%**। উল্লেখ্য যে, ২০২০-২০২১ অর্থ বছরের আরএডিপি-তে বরাদ্দকৃত অর্থের বিপরীতে আর্থিক অগ্রগতি ছিল ৯৬.৪৬% এবং ২০২১-২০২২ অর্থ বছরের আরএডিপি-তে বরাদ্দকৃত অর্থের বিপরীতে আর্থিক অগ্রগতি ছিল ৯৯.৭২%। ২০২২-২০২৩ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি)-তে বরাদ্দকৃত অর্থের বিপরীতে ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

কোটি টাকায়

খাত	আরএডিপি বরাদ্দ	ব্যয়	অগ্রগতি %
ডিপিএ	২৭৫.০০	২৭০.১৭	৯৮.২৪%
জিওবি	৮১.০৯	৭৮.৭৭	৯৭.১৪%
মোট	**৩৫৬.০৯**	**৩৪৮.৯৪**	**৯৭.৯৯%**

MRT Line-5: Northern Route এর Transit Oriented Development (TOD) Hub

সরকারের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ অনুসরণে বাস্তবায়নাধীন প্রতিটি এমআরটি লাইনের রুট এ্যালাইনমেন্টে ন্যূনতম একটি করে TOD Hub নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এই লক্ষ্যমাত্রা অর্জনে এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট এর গাবতলী মেট্রোরেল স্টেশন সংলগ্ন এলাকায় TOD Hub নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এরই ধারাবাহিকতায় রাজউক এর একটি প্রকল্পের আওতায় এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট এর গাবতলী মেট্রোরেল স্টেশন সংলগ্ন এলাকায় TOD নির্মাণের জন্য নির্ধারিত ভূমিকে Brown Field হিসেবে চিহ্নিত করা হয়েছে। গাবতলী মেট্রোরেল স্টেশন সংলগ্ন নির্ধারিত ভূমিতে TOD নির্মাণের জন্য এই প্রকল্পের আওতায় Concept Plan/Master Plan, Real Estate Development/Management Plan, Basic infrastructure Plan, Parking Policy in TOD Area, Guidelines for Urban design with community facilities, Preliminary Financial Assessment, Strategic Environmental Assessment (SEA) ইত্যাদি করা হবে। প্রকল্পটির আওতায় ইতোমধ্যে TOD এর Draft Concept Plan প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

Station Plaza নির্মাণ

সরকারের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ অনুসরণে বাস্তবায়নাধীন প্রতিটি এমআরটি লাইনের রুট এ্যালাইনমেন্টে ন্যূনতম ৪টি করে Station Plaza নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এরই ধারাবাহিকতায় এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট এর রুট এ্যালাইনমেন্ট সংলগ্ন এলাকায় ন্যূনতম ৪টি Station Plaza নির্মাণের জন্য প্রয়োজনীয় ভূমি অধিগ্রহণ/বিভাগীয় হস্তান্তরের মাধ্যমে প্রাপ্তির বিষয়টি অনুসন্ধান করা হচ্ছে।

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫): নর্দার্ন রুট এর অডিট আপত্তি ও নিষ্পত্তির অগ্রগতি

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর আওতায় বাস্তবায়নাধীন ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫): নর্দার্ন রুট এর কার্যক্রম পর্যালোচনা করে ২০২১-২০২২ অর্থবছরে ২টি অগ্রিম এবং ১টি সাধারণ অডিট আপত্তি উত্থাপিত হয়েছে। অগ্রিম অনুচ্ছেদ-০১ ও অনুচ্ছেদ-০২ নিষ্পত্তির লক্ষ্যে ব্রডশীট জবাব গত ২৯ মে ২০২৩ তারিখ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করা হয়েছে। বিষয়টি বর্তমানে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রক্রিয়াধীন আছে। উত্থাপিত সাধারণ অডিট আপত্তির ব্রডশীট জবাব গত ২৯ মে ২০২৩ তারিখ ফাপাডে প্রেরণ করা হয়েছে।

Dhaka Mass Rapid Transit Development Project (Line-5): Southern Route [PRF]

২০৩০ সালের মধ্যে গাবতলী থেকে আফতাব নগর পশ্চিম পর্যন্ত ১৩.১০ কিলোমিটার পাতাল এবং আফতাব নগর সেন্টার থেকে দাশেরকান্দি পর্যন্ত ৪.১০ কিলোমিটার উড়াল মোট ১৭.২০ কিলোমিটার দীর্ঘ এবং ১৫টি স্টেশন (পাতাল ১১টি এবং উড়াল ৪টি) বিশিষ্ট মেট্রোরেল নির্মাণের নিমিত্ত Feasibility Study ও Engineering Design সম্পন্ন হয়েছে। Feasibility Study এর ভিত্তিতে বিনিয়োগ প্রকল্পের ডিপিপি গত ২২ মার্চ ২০২৩ তারিখ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করা হয়। গত ১৩ জুন ২০২৩ তারিখ প্রেরিত DPP’র উপর Project Scrutiny Committee (PSC) এর সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সুপারিশ অনুযায়ী বর্তমানে DPP পুনর্গঠনের কাজ চলছে। ২০৩০ সালের ডিসেম্বর মাসে MRT Line-5: Southern Route চালু হলে এই লাইনে দৈনিক প্রায় ৮ লক্ষ যাত্রী যাতায়াত করতে পারবেন। এটি হবে ঢাকা মহানগরীর দ্বিতীয় পূর্ব-পশ্চিম MRT Corridor.

MRT Line-5: Southern Route-এর রুট এ্যালাইনমেন্ট হল: গাবতলী - টেকনিক্যাল - কল্যাণপুর - শ্যামলী - কলেজ গেইট - আসাদ গেইট - রাসেল স্কয়ার - কারওয়ান বাজার - হাতিরঝিল - তেজগাঁও - আফতাবনগর - আফতাবনগর সেন্টার - আফতাবনগর পূর্ব - নাছিরাবাদ - দাশেরকান্দি।

MRT Line-5: Southern Route এর এ্যালাইনমেন্ট ও স্টেশনের অবস্থান

MRT Line-5: Southern Route এর সঙ্গে অন্যান্য MRT Lines-এর আন্তঃলাইন সংযোগ

এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট এর সঙ্গে কারওয়ান বাজার মেট্রোরেল স্টেশনে এমআরটি লাইন-৬ এর, আফতাব নগর মেট্রোরেল স্টেশনে এমআরটি লাইন-১ এর এবং গাবতলী মেট্রোরেল স্টেশনে এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট ও এমআরটি লাইন-২ এর আন্তঃলাইন সংযোগ থাকবে।

এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট-এর ভূমি অধিগ্রহণ

এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট-এর Depot, Depot Access Corridor, Route Alignment, Water Retention Area, Transit Oriented Development (TOD) Hub, Station Plaza, Multi-Purpose Park, Green Area, Entry/Exit নির্মাণের জন্য স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন ২০১৭ এর ধারা-৪ এর উপধারা-১২ অনুসরণে ঢাকা জেলার ০৫টি মৌজায় ৩২৩.২৪৬৬ একর ভূমির ক্রয়-বিক্রয় ও ভূমিতে নতুন অবকাঠামো তৈরির উপর নিয়ন্ত্রণ আরোপ করার জন্য জেলা প্রশাসক, ঢাকার নিকট প্রস্তাব প্রেরণের নিমিত্ত সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগকে অনুরোধ করে পত্র প্রেরণ করা হয়। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ গত ০৩ নভেম্বর ২০২২ তারিখ জেলা প্রশাসক, ঢাকা বরাবর পত্র প্রেরণ করে। জেলা প্রশাসক, ঢাকা গত ১৭ নভেম্বর ২০২২ তারিখ সংশ্লিষ্ট সকলকে বিবেচনাধীন ভূমির ক্রয়-বিক্রয় ও ভূমিতে নতুন অবকাঠামো তৈরির উপর নিয়ন্ত্রণ আরোপ করার জন্য নির্দেশনা প্রদান করেছেন।

২০২২-২০২৩ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫): সাউদার্ন রুট এর ২০২২-২০২৩ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি)-তে বরাদ্দকৃত অর্থের বিপরীতে ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত আর্থিক অগ্রগতি ৯৯.৬২%। উল্লেখ্য যে, ২০২০-২০২১ অর্থ বছরের আরএডিপি-তে বরাদ্দকৃত অর্থের বিপরীতে আর্থিক অগ্রগতি ছিল ৫২.০৮% এবং ২০২১-২০২২ অর্থ বছরের আরএডিপি-তে বরাদ্দকৃত অর্থের বিপরীতে আর্থিক অগ্রগতি ছিল ৯৯.৪৪%। ২০২২-২০২৩ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি)-তে বরাদ্দকৃত অর্থের বিপরীতে ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি অপর পৃষ্ঠায় দেয়া হয়েছে:

কোটি টাকায়

খাত	আরএডিপি বরাদ্দ	ব্যয়	অগ্রগতি %
ডিপিএ	৯৫.০০	৯৪.৯৬	৯৯.৯৬
জিওবি	৪৩.৯৯	৪৩.৫০	৯৮.৮৯
মোট	**১৩৮.৯৯**	**১৩৮.৪৬**	**৯৯.৬২**

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫): সাউদার্ন রুট এর অডিট আপত্তি ও নিষ্পত্তির অগ্রগতি

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর আওতায় বাস্তবায়নাধীন ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫): নর্দার্ন রুট এর কার্যক্রম পর্যালোচনা করে ২০২১-২০২২ অর্থবছরে ২টি সাধারণ অডিট আপত্তি উত্থাপিত হয়েছে। নিষ্পত্তির লক্ষ্যে জবাব প্রস্তুত প্রক্রিয়াধীন আছে।

MRT Line-2

সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুযায়ী ২০৩০ সালের মধ্যে গাবতলী থেকে নিউমার্কেট-গুলিস্তান-কমলাপুর-সাইনবোর্ড হয়ে নারায়ণগঞ্জ জেলা সদর পর্যন্ত সম্ভাব্য মেইন লাইন এবং গুলিস্তান থেকে সদরঘাট পর্যন্ত ব্রাঞ্চ লাইন সমন্বয়ে প্রায় ৩৫ কিলোমিটার দীর্ঘ MRT Line-2 নির্মাণের নিমিত্ত Feasibility Study করার জন্য উন্নয়ন সহযোগী সংস্থা অনুসন্ধান করা হচ্ছে। ডিপো ও ডিপো এক্সেস করিডোর এবং কন্সস্ট্রাকশন ইয়ার্ড নির্মাণের জন্য ঢাকা জেলার ডেমরা এলাকায় মাতুয়াইল ও দামড়িপাড়া মৌজায় গ্রীন মডেল টাউন এবং আমুলিয়া মডেল টাউন এর মধ্যবর্তী স্থানে মোট ৬৫ (পঁয়ষট্টি) হেক্টর ভূমি চিহ্নিত করা হয়েছে এবং Detailed Area Plan (DAP) 2016-2035 এ অন্তর্ভুক্ত করার জন্য সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের মাধ্যমে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর নিকট প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

MRT Line-2 এর সম্ভাব্য রুট এ্যালাইমেন্ট

মেইন লাইন: গাবতলী - ঢাকা উদ্যান - মোহাম্মদপুর বাস স্ট্যান্ড - ঝিগাতলা - সাইন্স ল্যাবরেটরি - নিউমার্কেট - আজিমপুর - পলাশী - ঢাকা মেডিকেল কলেজ - গুলিস্তান - মতিঝিল - কমলাপুর - মান্ডা - দক্ষিণগাঁও - দামড়িপাড়া - সাইনবোর্ড - ভূইঘর - জালকুড়ি - নারায়ণগঞ্জ জেলা সদর

ব্রাঞ্চ লাইন: গুলিস্তান - নয়া বাজার - সদরঘাট

MRT Line-2 এর সম্ভাব্য রুট এ্যালাইনমেন্ট এবং স্টেশনের সম্ভাব্য অবস্থান

MRT Line-4

২০৩০ সালের মধ্যে কমলাপুর থেকে সাইনবোর্ড হয়ে নারায়ণগঞ্জ জেলার মদনপুর পর্যন্ত উড়াল ও পাতাল সমন্বয়ে প্রায় ১৬ কিলোমিটার দীর্ঘ MRT Line-4 নির্মাণের নিমিত্ত Feasibility Study করার জন্য উন্নয়ন সহযোগী সংস্থা অনুসন্ধান করা হচ্ছে।

MRT Line-4 এর সম্ভাব্য রুট এ্যালাইমেন্ট

কমলাপুর - সায়েদাবাদ - যাত্রাবাড়ী - শনির আখড়া - সাইনবোর্ড - চট্টগ্রাম রোড - কাঁচপুর - মদনপুর

MRT Line-4 এর সম্ভাব্য রুট এ্যালাইনমেন্ট এবং স্টেশনের সম্ভাব্য অবস্থান

Separate Bridge Project DPP প্রস্তুত

MRT Line-6 এর Defect Notification Period (DNP) এবং Maintenance Support Services (MSS) এর কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত MRT Line-6 এর অনুমোদিত দ্বিতীয় সংশোধিত DPP এর পৃষ্ঠা নম্বর-২ এর নোট-৩ এ Separate Bridge Project DPP প্রস্তুতের নির্দেশনা রয়েছে। এই নির্দেশনা অনুযায়ী Separate Bridge Project DPP প্রস্তুতের উদ্যোগ প্রক্রিয়াধীন আছে।

Dhaka Mass Transit Company Limited (DMTCL)

স্বতন্ত্র বিশেষায়িত MRT Police Force গঠন

গত ১৬ সেপ্টেম্বর ২০১৯ তারিখ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে গণভবনে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ এবং এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠিত সভায় মাননীয় প্রধানমন্ত্রী ৬টি MRT Line সমন্বয়ে গঠিত MRT Network-এর নিরাপত্তা নিশ্চিত করার নিমিত্ত স্বতন্ত্র বিশেষায়িত MRT Police Force দ্রুত গঠন করতে অনুশাসন প্রদান করেন। এরই ধারাবাহিকতায় গত ২১ মে ২০২৩ তারিখ ০৩টি ক্যাডার পদ ও ২২৮টি নন-ক্যাডারপদ মোট ২৩১টি পদ সৃজন এবং ১৫টি যানবাহন টিওএন্ডইভুক্তকরণের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করা হয়েছে। এরই ধারাবাহিকতায় ১৩ জুন ২০২৩ তারিখ উপ-মহাপুলিশ পরিদর্শক, MRT Police Force পদায়ন করা হয়েছে।

তথ্য প্রযুক্তির উন্নয়ন ও ব্যবহার

Interactive Website

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর একটি সমৃদ্ধ Website (www.dmtcl.gov.bd) রয়েছে। ডিএমটিসিএল-এর কার্যক্রমে জনসম্পৃক্ততা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার জন্য Website-এর সেবা বক্সসমূহ, সচরাচর জিজ্ঞাসিত প্রশ্ন/FAQ এবং জনস্বার্থ সংশ্লিষ্ট সকল তথ্য-উপাত্ত নিয়মিত হালনাগাদ করা হয়। যে কোনো স্থান হতে যে কোনো সময় ডিএমটিসিএল'র কার্যক্রম সম্পর্কে সকলে জানতে পারেন এবং মতামত, অভিযোগ ও পরামর্শ প্রদান করতে পারেন। এই Website-এর Verified Facebook Page, Image Gallery ও Video Gallery তে ডিএমটিসিএল সম্পর্কিত কার্যক্রম, ছবি ও ভিডিও নিয়মিত আপলোড করা হয়ে থাকে। Video Gallery তে YouTube Channel-এর লিংক সংযুক্ত আছে। Facebook Page-মেট্রো ট্রেন পরিচালনা ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি নিয়মিত আপলোড করা হয়ে থাকে। ডিএমটিসিএল সম্পর্কিত গুরুত্বপূর্ণ বিষয়াদি তাৎক্ষণিক গ্রুপভিত্তিক কর্মকর্তাদের অবহিত করার নিমিত্ত DMTCL-SMC, DMTCL, DMTCL-Grade 10 এবং DMTCL-Grade 16 শিরোনামে চারটি Messenger Group রয়েছে। ডিএমটিসিএল সংশ্লিষ্ট সকল আইন, বিধিমালা, নীতিমালা, গাইডলাইনস্, বিভিন্ন প্রকাশনা ইত্যাদিও ওয়েবসাইটে সন্নিবেশ করা আছে। দ্রুত জনসেবা প্রদান ও প্রাপ্তি নিশ্চিত করার লক্ষ্যে ওয়েবসাইটে টোল ফ্রি নাম্বারসমূহ সংযোজন করা হয়েছে। ডিএমটিসিএল ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প কার্যালয়সমূহ ও প্রকল্পসমূহের আওতাধীন সাইট অফিসসমূহ এবং উন্নয়ন সহযোগী সংস্থার সঙ্গে যোগাযোগের ক্ষেত্রে নিয়মিত ই-মেইল ব্যবহার করা হয়ে থাকে। সরকারি webmail-এ ডিএমটিসিএল এর কর্মকর্তাগণের অনুকূলে @dmtcl.gov.bd ডোমেইনের অধীনে ই-মেইল address বরাদ্দ আছে। ডিএমটিসিএল এবং এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের রাজস্ব খাত সংশ্লিষ্ট ক্রয় কার্যক্রম ই-জিপি এর মাধ্যমে সম্পন্ন করা হচ্ছে। সাধারণ Video Conference এর পাশাপাশি Zoom Video Conference এর মাধ্যমে বিভিন্ন সভা, প্রশিক্ষণ, কর্মশালা অনুষ্ঠান ইত্যাদি আয়োজন করা হয়। ডিএমটিসিএল ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প কার্যালয়সমূহকে ডি-নথির আওতায় আনা হয়েছে। কম্পিউটার ভাইরাস সংক্রমণ রোধে ও কাগজের ব্যবহার হ্রাসে ডিএমটিসিএল ও এর আওতাধীন প্রকল্প কার্যালয়সমূহকে LAN ও WAN-এর আওতায় আনা হয়েছে।

Electronic Document Management System (EDMS)

ডিএমটিসিএল, প্রকল্প কর্তৃপক্ষ, পরামর্শক প্রতিষ্ঠান এবং ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহের মধ্যে দ্রুত Project Documents আদান প্রদানের লক্ষ্যে Cloud Based ACONEX সফটওয়্যার ব্যবহার করে ডিএমটিসিএলকে Electronic Document Management System (EDMS) এর আওতায় আনা হয়েছে। এই সফটওয়ারের মাধ্যমে তথ্য-উপাত্ত আদান-প্রদানের ক্ষেত্রে ব্যবহারকারী ও কার্যক্রম নির্দিষ্ট করে দেয়া যায়। প্রবেশাধিকার প্রাপ্ত ব্যবহারকারীগণ এই প্ল্যাটফর্ম ব্যবহার করে নিজেদের ভিতরে তথ্য আদান-প্রদানের মাধ্যমে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করতে পারেন। এটি Cloud Based সুরক্ষিত Construction Project Management সফটওয়ার হওয়ায় বিভিন্ন দেশে মেট্রোরেল নির্মাণের সময় এই সফটওয়ার সফলভাবে ব্যবহার করা হয়েছে। প্রবেশাধিকার প্রাপ্ত তত্ত্বাবধায়নকারী কর্মকর্তাগণ স্বয়ংক্রিয়ভাবে Document এর সাইজ নির্বিশেষে Document সরাসরি দেখতে পারেন বিধায় পরিবীক্ষণ ও সমন্বয় কার্যক্রম সহজে করা যায়।

Communication Based Train Control System (CBTC)

Technical Standards for the Metrorail in Bangladesh 2015 অনুযায়ী বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল Communication Based Train Control System (CBTC) দ্বারা দুরনিয়ন্ত্রিত পদ্ধতিতে স্বয়ংক্রিয়ভাবে পরিচালিত হচ্ছে। CBTC তে Automatic Train Operation (ATO), Automatic Train Protection (ATP), Automatic Train Supervision (ATS) ও Moving Block System (MBS) সংযোজিত আছে। এরই অংশ হিসেবে Public Information System (PIS) এর আওতায় Automatic Next Station Display and Announcement Inside Coach এবং Automatic Display and Announcement of Train Arrival Time in Station চালু আছে। মেট্রোরেলে যাতায়াতকারী যাত্রীদের নিরাপত্তার নিমিত্ত Synchronized Platform Screen Door (PSD) and Train Door এবং Internet Protocol (IP) Camera System চালু আছে। যাত্রীদের নিরবচ্ছিন্ন ও স্বাচ্ছন্দ্যে যাতায়াতের সুবিধার্থে Smart Card Based MRT Pass এবং Automatic Fare Collection (AFC) System চালু করা হয়েছে। Management Information System (MIS) ও Metro Rail Citizen Apps (MRCA) প্রবর্তনের উদ্যোগ প্রক্রিয়াধীন রয়েছে।

Enterprise Resource Management System (ERMS)

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর অফিস, হিসাব ও সম্পদ ব্যবস্থাপনা অটোমেশন করার নিমিত্ত Enterprise Resource Management System (ERMS) সংগ্রহের জন্য গত ১১ মে ২০২৩ তারিখে EOI আহ্বান করা হয়েছে। গত ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত ১৬টি প্রতিষ্ঠান টেন্ডার ডকুমেন্ট ক্রয় করেছে। পর্যায়ক্রমে ডিএমটিসিএল এর আওতায় বাস্তবায়নাধীন এমআরটি লাইনসমূহ চালু হলে সকল লাইনের উপরোল্লিখিত ব্যবস্থাপনা এই ERMS এর মাধ্যমে অটোমেশন করার সুযোগ রাখা আছে।

ডি-নথি

ডিএমটিসিএল ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহে নিয়মিত কর্মকর্তা যোগদান করছেন। যোগদানকৃত সকল কর্মকর্তাকে ডি-নথির আওতায় আনা হচ্ছে। ডি-নথিতে অন্তর্ভুক্তির লক্ষ্যে প্রয়োজনীয় তথ্য সংগ্রহের নিমিত্ত নির্ধারিত ফর্ম প্রস্তুত করে ডিএমটিসিএল ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। নবযোগদানকৃত এবং যাঁরা এখনো ডি-নথি কার্যকমের আওতাভুক্ত হননি তাঁদেরকে ফরম পূরণ করে ডি-নথি কার্যক্রমের আওতাভুক্ত হতে হয়। জুন ২০২৩ মাসে ডিএমটিসিএল কর্তৃক ডি-নথিতে মোট ১০০টি নথি নিষ্পত্তি করা হয়েছে। একই সময়ে ডি-নথিতে ৮৫টি পত্র জারি করা হয়েছে।

MRT Pass

মেট্রোরেলে স্বাচ্ছন্দ্যে যাতায়াতের জন্য Rapid Pass Compatible করে MRT Pass তৈরী করা হয়েছে। এই MRT Pass ব্যবহার করে যাত্রীগণ মেট্রোরেল ছাড়াও যাতে বিভিন্ন পরিবহন মাধ্যম যেমন-বাস র‍্যাপিড ট্রানজিট, বাংলাদেশ রেলওয়ে, বিআরটিসি'র বাস, বিআইডব্লিউটিসি'র নৌ-যান ও চুক্তিবদ্ধ বেসরকারি বাসে স্বাচ্ছন্দ্যে ও নিরবচ্ছিন্নভাবে ভ্রমণ করতে পারেন তার সুযোগ রাখা হয়েছে। MRT Line-6 এর উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত অংশে MRT Pass ব্যবহার করে যাত্রীগণ লাইনে দাঁড়ানো ছাড়াই স্বাচ্ছন্দ্যে মেট্রো ট্রেনে যাতায়াত করছেন। যে কোনো মেট্রোরেল স্টেশনের অতিরিক্ত ভাড়া আদায় অফিস (EFO) অথবা ডিএমটিসিএল এর ওয়েবসাইট www.dmtcl.gov.bd হতে MRT Pass Registration Form সংগ্রহ করে পূরণ করতে হয়। পূরণকৃত ফর্ম ও নির্ধারিত প্রাথমিক মূল্য ৫০০/- টাকা (তন্মধ্যে নিরাপত্তা জামানত ২০০/- টাকা ও ব্যবহারযোগ্য অর্থের পরিমাণ ৩০০/- টাকা।) পরিশোধ করে EFO হতে MRT Pass ক্রয় করা যায়। MRT Pass এর মেয়াদ ১০ বছর এবং সর্বোচ্চ ১০ হাজার টাকা পর্যন্ত রিচার্জ/টপআপ করা যায়। মেট্রোরেলের প্রতিটি স্টেশনে প্রয়োজনীয় সংখ্যক Ticket Vending Machine (TVM) এবং Ticket Office Machine (TOM) আছে। Ticket Vending Machine (TVM) হতে স্বংয়ক্রিয়ভাবে Single Journey Ticket (SJT)/একক যাত্রার টিকেট ক্রয় করা যায়। Ticket Office Machine (TOM) হতে টিকেট বিক্রয় কর্মীর সহায়তায়ও Single Journey Ticket (SJT)/একক যাত্রার টিকেট ক্রয় করা যায়। উভয় Machine হতে যাত্রীগণ MRT Pass রিচার্জ করছেন। একক যাত্রার টিকেটের মেয়াদ টিকেট ক্রয়ের তারিখের রাত ১২:০০ ঘটিকা পর্যন্ত কার্যক্রর থাকে। Mobile Apps এবং Web Application ব্যবহার করে যাতে MRT Pass যেনো সহজেই রিচার্জ করা যায় সেই বিষয়ে উদ্যোগ প্রক্রিয়াধীন আছে। Single Journey Ticket (SJT) এর স্থলে অদূর ভবিষ্যতে Smart Phone based Mobile QR Ticket এবং Near-field Communication (NFC) Ticket প্রবর্তনের উদ্যোগ প্রক্রিয়াধীন আছে।

ইলেকট্রনিক গভর্নমেন্ট প্রকিউরমেন্ট (ই-জিপি) পোর্টাল

ডিএমটিসিএল এবং এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের রাজস্ব খাত সংশ্লিষ্ট ক্রয় প্রক্রিয়া ই-জিপি এর মাধ্যমে সম্পন্ন করার নিমিত্ত ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-কে গত ০৫ নভেম্বর ২০১৯ তারিখ ইলেকট্রনিক গভর্নমেন্ট প্রকিউরমেন্ট (ই-জিপি) পোর্টালে অন্তর্ভুক্ত করা হয়েছে। কার্যকরভাবে ই-জিপি ব্যবহার করার নিমিত্ত ডিএমটিসিএল ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহে কর্মরত কর্মকর্তাদের পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬; পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এবং Bangladesh e-Government Procurement (e-GP) Guidelines 2011 এর উপর নিয়মিত প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। বর্তমানে ডিএমটিসিএল এবং এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের রাজস্ব খাত সংশ্লিষ্ট ক্রয় প্রক্রিয়া ই-জিপি এর মাধ্যমে সম্পন্ন করা হচ্ছে।

মেট্রোরেল লাইসেন্স

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর আওতায় বাস্তবায়নাধীন MRT Line-6 বা বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল নির্মাণ, পরিচালনা ও ব্যবস্থাপনার নিমিত্ত সরকার গত ০৩ জুন ২০১৯ তারিখ ডিএমটিসিএল এর অনুকূলে মেট্রোরেল লাইসেন্স নম্বর-০১/২০১৯ ইস্যু করেছে। MRT Line-1 নির্মাণ, রক্ষণাবেক্ষণ, পরিচালনা ও ব্যবস্থাপনা এবং MRT Line-1 এর রুট এ্যালাইনমেন্টে Station Plaza ও Transit Oriented Development (TOD) Hub নির্মাণ ও পরিচালনার নিমিত্ত সরকার গত ২৬ নভেম্বর ২০২০ তারিখ ডিএমটিসিএল এর অনুকূলে মেট্রোরেল লাইসেন্স নম্বর-০২/২০২০ ইস্যু করেছে। MRT Line-5: Northern Route এর বিপরীতে ডিএমটিসিএল এর অনুকূলে লাইসেন্স ইস্যুর নিমিত্ত গত ০৯ ডিসেম্বর ২০২০ তারিখ আবেদন দাখিল করা হয়েছে। বিষয়টি এখনও ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) এর নিকট প্রক্রিয়াধীন আছে। MRT Line-5: Southern Route এর বিপরীতে ডিএমটিসিএল এর অনুকূলে লাইসেন্স ইস্যুর নিমিত্ত গত ০৭ ফেব্রুয়ারি ২০২২ তারিখ আবেদন দাখিল করা হয়েছে। বিষয়টি বর্তমানে ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) এর নিকট প্রক্রিয়াধীন আছে।

মেট্রোরেল আইন ২০১৫ সংশোধন

মেট্রোরেল আইন ২০১৫ সংশোধনের নিমিত্ত MRT Line-1[E/S] কর্তৃক একটি Individual Consultant ফার্ম নিয়োগ করা হয়। Individual Consultant ফার্ম কর্তৃক প্রণীত মেট্রোরেল আইন ২০১৫ সংশোধনের প্রস্তাব MRT Line-1[E/S] কর্তৃক গত ১৩ সেপ্টেম্বর ২০২২ তারিখ ডিএমটিসিএল এর নিকট দাখিল করা হয়েছে। এই প্রেক্ষাপটে মেট্রোরেল আইন ২০১৫ সংশোধন, পরিমার্জন ও হালনাগাদ করে **সরকারি মেট্রোরেল নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও পরিচালনা আইন ২০২৩** এর খসড়া প্রণয়নের নিমিত্ত গত ৩০ অক্টোবর ২০২২ তারিখ গঠিত কমিটির নিকট প্রেরণ করা হয়েছে। গঠিত কমিটি কর্তৃক মেট্রোরেল আইন ২০১৫ সংশোধন, পরিমার্জন ও হালনাগাদ করে সরকারি মেট্রোরেল নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও পরিচালনা আইন ২০২৩ এর খসড়া প্রস্তুতের কার্যক্রম চলমান আছে।

ডিএমটিসিএল-এর কর্মচারী চাকরি বিধিমালা

টেকনিক্যাল এ্যাসিসট্যান্স ফর ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) [ই/এস]-এর আওতায় ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর কর্মচারী চাকরি বিধিমালার খসড়া Individual Consultant নিয়োগ করে তৈরী করা হয়েছে। কিন্তু এমআরটি লাইন-৬ এর প্রথম অংশ পরিচালন ও রক্ষণাবেক্ষণ পর্যায়ে প্রতিয়মান হয়েছে যে, বাস্তবতার নিরিখে এই খসড়া বিধিমালার আওতায় প্রণীত সংগঠনিক কাঠামোতে উল্লেখযোগ্য পরিবর্তন/সংশোধন/পরিমার্জন করা প্রয়োজন। এই পরিপ্রেক্ষিতে খসড়া বিধিমালাতেও ব্যাপক পরিবর্তন আনতে হবে। এই প্রেক্ষাপটে ডিএমটিসিএল এর কর্মচারী চাকরি বিধিমালা ২০২৩ এর খসড়ায় প্রয়োজনীয় সংশোধনী আনার জন্য একটি কমিটি গঠনের উদ্যোগ প্রক্রিয়াধীন আছে।

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর জনবল

Dhaka Mass Transit Company Limited (DMTCL)-এর অনুমোদিত জনবলের সংখ্যা ১৯২০। বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল সুষ্ঠুভাবে পরিচালনা ও রক্ষণাবেক্ষণের নিমিত্ত ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত ৪১১ জন জনবল নিয়োগ প্রদান করা হয়েছে। তন্মধ্যে সরাসরি নিয়োগ, চুক্তিভিত্তিক নিয়োগ এবং MRT Line-6 এ কর্মরত ৯ম ও ১০ম গ্রেডের জনবল রয়েছে। তন্মধ্যে গ্রেড-৯ ও তদুর্ধ্ব গ্রেডের জনবলের সংখ্যা ৩৬ জন। এই নিয়োগ প্রদানের জন্য ৯টি নিয়োগ বিজ্ঞপ্তি এবং ৪টি বিশেষ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। এছাড়াও আউটসোর্সিং পদ্ধতিতে ৩৩২ জন জনবল নিয়োজিত আছে। ২০২২-২০২৩ অর্থবছরে ডিএমটিসিএল ও এর আওতায় বস্তবায়নাধীন প্রকল্পসমূহে কোম্পানি গ্রেড-৯ ও তদুর্ধ্ব পর্যায়ে যাঁরা দায়িত্ব পালন করেছেন তাঁদের তালিকা **পরিশিষ্ট-ঞ** তে দেয়া হয়েছে।

MRT Line-6 বা বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেলের ভাড়া

মেট্রোরেল আইন ২০১৫ এর ষষ্ঠ অধ্যায়ের ধারা-১৭, ১৮ ও ১৯ এবং মেট্রোরেল বিধিমালা ২০১৬ এর ৪র্থ অধ্যায়ের বিধি-২১ ও ২২ তে মেট্রোরেলের ভাড়া নির্ধারণের বিষয়ে নির্দেশনা রয়েছে। এরই ধারাবাহিকতায় গত ০৮ সেপ্টেম্বর ২০২২ তারিখ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ MRT Line-6 এর ভাড়া নির্ধারণের নির্দেশনা জারি করে **(পরিশিষ্ট-ট)**। এরই ধারাবাহিকতায় ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) স্টেশন ভিত্তিক ভাড়ার তালিকা প্রণয়ন করে **(পরিশিষ্ট-ঠ)** প্রত্যেকটি মেট্রোরেল স্টেশনে এবং ডিএমটিসিএল এর ওয়েবসাইটে প্রকাশ করে। যাত্রীদের ভাড়া পরিশোধের সুবিধার্থে গত ২৮ মে ২০২৩ **ঢাকা মেট্রোরেলের ভাড়া আদায় নির্দেশিকা** প্রণয়ন করে ডিএমটিসিএল ওবেয়সাইটে প্রকাশ করেছে **(পরিশিষ্ট-ড)**।

মেট্রোরেলে যাতায়াতকারী যাত্রীগণের জন্য বিশেষ ছাড়

যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাগণ বৈধ পরিচয়পত্র প্রদর্শন করে মেট্রোরেলে বিনা ভাড়ায় ভ্রমণ করতে পারেন। ৯০ সেন্টিমিটার পর্যন্ত উচ্চতার শিশু অভিভাবকের সঙ্গে বিনা ভাড়ায় ভ্রমণ করতে পারে। বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিগণ বৈধ পরিচয়পত্র প্রদর্শন করে একক যাত্রার টিকেটে ১৫% ছাড় পেয়ে থাকেন। MRT Pass ব্যবহার করে মেট্রোরেলে যাতায়াত করলে যাত্রীগণ ১০% ছাড় পেয়ে থাকেন।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

মন্ত্রিপরিষদ বিভাগ এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের মধ্যে সম্পাদিত APA (ডিএমটিসিএল অংশ)

২০২২-২০২৩ অর্থ বছরে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং মন্ত্রিপরিষদ বিভাগের মধ্যে সম্পাদিত APA অনুযায়ী ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) অংশের ৮টি সূচক নির্ধারিত ছিল। ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় দেখা যায় যে, ৮টি সূচকের মধ্যে সকল সূচকের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত হয়েছে।

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং ডিএমটিসিএল এর মধ্যে সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

২০২২-২০২৩ অর্থ বছরে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর মধ্যে সম্পাদিত APA অনুযায়ী ২২টি সূচক নির্ধারিত ছিল। ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় দেখা যায় যে, সকল সূচকের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত হয়েছে।

APA অনুযায়ী ডিএমটিসিএল এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০২২-২০২৩ এ মোট ১৮টি সূচক নির্ধারিত ছিল। ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা করে দেখা যায়, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার প্রতিটি কোয়ার্টারের শতভাগ লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। উল্লেখ্য যে, ডিএমটিসিএল ২০১৮-২০১৯, ২০১৯-২০২০, ২০২০-২০২১ এবং ২০২১-২০২২ অর্থ বছরেও জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার শতভাগ লক্ষ্যমাত্রা অর্জন করেছিল।

APA অনুযায়ী ডিএমটিসিএল এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা

২০২২-২০২৩ অর্থবছরে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর মধ্যে সম্পাদিত APA অনুযায়ী **ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা** অংশে ১২টি সূচকের মধ্যে ডিএমটিসিএল এর জন্য ৭টি সূচক প্রযোজ্য ছিল। ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় দেখা যায় যে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা অংশে ডিএমটিসিএল এর জন্য নির্ধারিত ৭টি সূচকের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত হয়েছে।

APA অনুযায়ী ডিএমটিসিএল এর তথ্য অধিকার বিষয়ক বার্ষিক কর্মপরিকল্পনা

২০২২-২০২৩ অর্থবছরে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর মধ্যে সম্পাদিত APA অনুযায়ী **তথ্য অধিকার** বিষয়ে ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা অংশে ৭টি সূচক নির্ধারিত ছিল। ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় দেখা যায় যে, নির্ধারিত ৭টি সূচকেরই শতভাগ লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।

APA অনুযায়ী ডিএমটিসিএল এর অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা

২০২২-২০২৩ অর্থ বছরে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর মধ্যে সম্পাদিত APA অনুযায়ী **অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন কর্ম-পরিকল্পনা** অংশে ৬টি সূচক নির্ধারিত ছিল। ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত নির্ধারিত ৬টি সূচকেরই লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত হয়েছে।

APA অনুযায়ী ডিএমটিসিএল এর সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা

২০২২-২০২৩ অর্থবছরে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর মধ্যে সম্পাদিত APA অনুযায়ী **সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্ম-পরিকল্পনা** অংশে ৬টি সূচক নির্ধারিত ছিল। ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত নির্ধারিত ৬টি সূচকেরই লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত হয়েছে।

APA অনুযায়ী ডিএমটিসিএল এর মাস ভিত্তিক সমন্বিত প্রকৃত অর্জন

২০২২-২০২৩ অর্থ বছরে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর মধ্যে সম্পাদিত APA অনুযায়ী আবশ্যিক অংশে ৫টি সূচক নির্ধারিত ছিল। ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত নির্ধারিত ৫টি সূচকেরই লক্ষ্যমাত্রার শতভাগ অর্জিত হয়েছে।

APA অনুযায়ী ডিএমটিসিএল এর প্রশিক্ষণ ক্যালেন্ডার-২০২২-২০২৩ এর বাস্তবায়ন অগ্রগতি

২০২২-২০২৩ অর্থ বছরে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর মধ্যে সম্পাদিত APA অনুযায়ী মোট ১৭টি প্রশিক্ষণ/কর্মশালা/অবহিতকরণ সভা আয়োজনের জন্য নির্ধারিত ছিল। ২০২২-২০২৩ অর্থ বছরে নির্ধারিত সকল প্রশিক্ষণ/কর্মশালা/অবহিতকরণ সভা সফলভাবে সম্পন্ন হয়েছে **(পরিশিষ্ট-ঢ)**।

২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর

গত ১২ জুন ২০২৩ তারিখ ডিএমটিসিএল এবং এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের মধ্যে ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করা হয়।

ডিএমটিসিএল এর ব্যবস্থাপনা পরিচালক এবং প্রকল্প পরিচালকগণের মধ্যে ২০০২৩-২০২৪ অর্থ বছরের APA স্বাক্ষর

গত ১২ জুন ২০২৩ তারিখ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং ডিএমটিসিএল এর মধ্যে ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করা হয়।

সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল এর মধ্যে ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর

জনাব এম, এ, এন, ছিদ্দিক, ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-কে সংস্থা প্রধান হিসেবে ২০২২-২০২৩ অর্থ বছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়েছে। এই অর্জনে টিম ডিএমটিসিএল গর্বিত।

জনাব এম, এ, এন, ছিদ্দিক, ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল-কে সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক কর্তৃক ২০২২-২০২৩ অর্থ বছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান

মাসিক সমন্বয় সভা

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের প্রশাসনিক ও প্রকল্প বাস্তবায়ন সংশ্লিষ্ট কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল এর সভাপতিত্বে মাসিক সমন্বয় সভা নিয়মিত অনুষ্ঠিত হয়। প্রতিমাসের প্রথম বুধবার মাসিক সমন্বয় সভার জন্য নির্ধারণ করা আছে। ২০২২-২০২৩ অর্থ বছরে ১২ মাসে ১২টি মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় চ্যালেঞ্জসমূহ চিহ্নিত করে উত্তরণের উপায় নির্ধারণ করা হয় ও তদভিত্তিতে চ্যালেঞ্জসমূহকে opportunity-তে রূপান্তর করা হয়। সভায় কর্মকর্তাগণের জবাবদিহিতাও নিশ্চিত করা হয়। এমআরটি লাইন-৬ এর উত্তরা উত্তর থেকে আগারগাঁও অংশ গত ২৮ ডিসেম্বর ২০২২ তারিখ মাননীয় প্রধানমন্ত্রী শুভ উদ্বোধন করেন। এরই ধারাবাহিকতায় গত ২৯ ডিসেম্বর ২০২২ তারিখ থেকে এই অংশের মেট্রো ট্রেনের বাণিজ্যিক চলাচল শুরু হয়েছে। এই প্রেক্ষাপটে আগামী অর্থবছর থেকে ত্রৈমাসিক ভিত্তিতে ডিএমটিসিএল-এর আওতায় পরিচালনাধীন এমআরটি লাইন-৬ এর পরিচালন ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত সমন্বয় সভার আয়োজন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

গত ২২ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ উত্তরাস্থ ডিএমটিসিএল এর সভা কক্ষে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভা

সিটিজেন চার্টার

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর সিটিজেন চার্টার ওয়েবসাইটে আপলোড করা আছে। প্রতি বছর সেবার পরিধি বৃদ্ধি বা পরিবর্তনের সঙ্গে সামঞ্জস্য রেখে সিটিজেন চার্টার হালনাগাদ করা হয়। ২০২২-২০২৩ অর্থবছরের সিটিজেন চার্টার হালনাগাদ করে ডিএমটিসিএল এর ওয়েবসাইটের Citizen’s Charter সেবা বক্সে আপলোড করা আছে। সিটিজেন চার্টার অনুযায়ী সেবা গ্রহীতাগণ যাতে সেবা গ্রহণ করতে পারেন সে জন্য ডিএমটিসিএল সদা সচেষ্ট রয়েছে। ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিভিন্ন ভাষণে সরকারি কর্মচারিদের দায়িত্ব পালনে যেসকল অনুশাসন প্রদান করেছেন সেইগুলো অনুসরণ করে থাকে। যেমন-

- **“সমস্ত সরকারি কর্মচারীকেই আমি অনুরোধ করি, যাদের অর্থে আমাদের সংসার চলে, তাদের সেবা করুন। যাদের জন্য, যাদের অর্থে আজকে আমরা চলছি, তাদের যাতে কষ্ট না হয়, তার দিকে খেয়াল রাখুন। যারা অন্যায় করবে, আপনারা অবশ্যই তাদের কঠোর হস্তে দমন করবেন। কিন্তু সাবধান, একটা নিরপরাধ লোকের ওপরও যেন অত্যাচার না হয়।”**
- **“আপনাদের কাছে আমার আবেদন রইলো, আমার অনুরোধ রইলো, আমার আদেশ রইলো, আপনারা মানুষের সেবা করুন।”**
- **“সকল সময়ে জনগণের সেবা করিবার চেষ্টা করা প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত সকল ব্যক্তির কর্তব্য।”**

মানব সম্পদ উন্নয়ন

নবযোগদানকৃত কর্মকর্তাগণের ওরিয়েন্টেশন প্রোগ্রাম

মেট্রোরেল সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ডিএমটিসিএল ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহে সরাসরি নিয়োগকৃত এবং চুক্তিতে ও প্রেষণে নিযুক্ত কর্মকর্তাগণের জন্য নিয়মিত বিরতিতে ওরিয়েন্টেশন প্রোগ্রামের আয়োজন করা হয়ে থাকে। এরই ধারাবাহিকতায় চুক্তিতে ও প্রেষণে নিয়োজিত কর্মকর্তাগণের জন্য গত ০৩ নভেম্বর ২০২২ তারিখ হতে ০২ (দুই) সপ্তাহ ব্যাপী ওরিয়েন্টেশন প্রোগ্রামের আয়োজন করা হয়। সরাসরি নিয়োগকৃত ৯ম গ্রেডের কর্মকর্তাগণের জন্য MRT Training Center-এ গত ১২-২৫ জুন ২০২৩ তারিখ সময়ে ওরিয়েন্টেশন প্রোগ্রামের আয়োজন করা হয়েছে। এই উভয় ওরিয়েন্টেশন প্রোগ্রামে অংশগ্রহণকারী কর্মকর্তাগণকে এমআরটি নেটওয়ার্ক, বাস্তবায়নাধীন নেটওয়ার্কের বাস্তবায়ন অগগ্রতি, বাস্তবায়ন ও পরিচালন চ্যালেঞ্জসমূহ, এমআরটি সিস্টেম ইত্যাদি সম্পর্কে সম্যক ধারণা প্রদান করা হয়। এই ওরিয়েন্টেশন প্রোগ্রামে বিভিন্ন লাইনের রুট এ্যালানমেন্ট, এমআরটি লাইন-৬ এর ডিপো এলাকা এবং এমআরটি লাইন-৬ এর মেট্রোরেল স্টেশনসমূহ সরজমিনে পরিদর্শনও অন্তর্ভুক্ত ছিল।

গত ০৩ নভেম্বর ২০২২ তারিখ চুক্তিতে ও প্রেষণে নিযুক্ত কর্মকর্তাগণের ওরিয়েন্টেশন প্রোগ্রাম

সমসাময়িক বিষয়ে লার্নিং সেশনে

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের বাস্তবায়ন সংশ্লিষ্ট কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত বার্ষিক কর্মসম্পাদান চুক্তি অনুযায়ী নির্ধারিত সংখ্যক সমসাময়িক বিষয়ে লার্নিং সেশনের আয়োজন করা হয়। এরই ধারাবাহিকতায় ২০২২-২০২৩ অর্থ বছরে ডিএমটিসিএল সমসাময়িক বিষয়ে ১০(দশ)টি লার্নিং সেশনের আয়োজন করে **(পরিশিষ্ট-গ)**। এই সকল লার্নিং সেশনে ডিএমটিসিএল ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের কর্মকর্তাগণের বিদেশ সফরের উপর অর্জিত জ্ঞান, অভিজ্ঞতা ও বাংলাদেশের প্রেক্ষপটে শিক্ষণীয় বিষয় PowerPoint Presentation এর মাধ্যমে অন্যান্য সহকর্মীগণকে অবহিত করা হয়। প্রতিটি লার্নিং সেশনেই প্রশ্নত্তোর পর্ব থাকে। একজন সঞ্চালক লার্নিং সেশন সমন্বয় করে থাকেন।

সমসাময়িক বিষয়ের উপর আয়োজিত প্রথম, দ্বিতীয়, চতুর্থ ও পঞ্চম লার্নিং সেশন

ইন-হাউজ প্রশিক্ষণ

সকল পর্যায়ের কর্মচারীদের নৈতিকতা, দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২০২২-২০২৩ অর্থবছরে ২০টি প্রশিক্ষণ কর্মসূচীর মাধ্যমে বিশেষজ্ঞ প্রশিক্ষক দ্বারা ৫৩৮ জনকে শ্রেণীকক্ষে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণের মূল বিষয়বস্তু ছিল: অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার; সেবা প্রদান প্রতিশ্রুতি; নৈতিকতা, সুশাসন ও জাতীয় শুদ্ধাচার কৌশল; তথ্য অধিকার; নথি ব্যবস্থাপনা; মেট্রোরেল আইন ২০১৫, মেট্রোরেল বিধিমালা ২০১৬ ও সরকারি চাকরি আইন ২০১৮; পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮; স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন ২০১৭; ডি-নথি; বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ইত্যাদি। ইন-হাউজ প্রশিক্ষণসমূহের সার-সংক্ষেপ **পরিশিষ্ট-ত-**তে দেয়া হল।

ডিএমটিসিএল ও এর আওতায় বাস্তবায়নাধীন কর্মচারিদের ডি-নথি বিষয়ক প্রশিক্ষণ

DMTCL এর MRT Training Center এর মাধ্যমে প্রশিক্ষণ

DMTCL এর একটি অত্যাধুনিক MRT Training Center রয়েছে। প্রশিক্ষণার্থীগণের প্রশিক্ষণকালীন অবস্থানের জন্য Dormitory আছে। ২০২২-২০২৩ অর্থবছরে MRT Training Center হতে নিম্নে বর্ণিত ৮টি ব্যাচে মোট ২৬০ জন কারিগরি জনবলকে তাত্বিক ও হাতে কলমে স্বল্প ও দীর্ঘ মেয়াদী প্রশিক্ষণ দেয়া হয়েছে:

ক্রম	প্রশিক্ষণের শিরোনাম	সময়কাল	প্রশিক্ষণার্থীর সংখ্যা
১.	Training for Customer Relation Assistant (CRA) Batch-1	02 -16 January 2023	৩৪
২.	Training for Skilled Maintainer	26 - 28 February 2023	৩০
৩.	Training for Station Controller	22 November 2022-20 March 2023	২৬
৪.	Training for Ticket Machine Operator (TMO)	13-21 March 2023	৬৯
৫.	Training for Customer Relation Assistant (CRA) Batch-2	03 - 28 May 2023	৩১
৬.	Training for Train Operator	06 April-28 May 2023	০৮
৭.	Training for Section Engineer (Signalling & Telecom)	31 May-14 June 2023	২০
৮.	Orientation Course for Assistant Engineers of MRT Line-5: Northern Route & MRT Line-5: Southern Route	12-25 June 2023	৪২
		মোট=	২৬০

২৯ ডিসেম্বর ২০২২ তারিখ কাস্টমার রিলেশন এ্যাসিসটেন্টগণকে মেট্রোরেল প্রদর্শনী ও তথ্য কেন্দ্রে হাতে কলমে প্রশিক্ষণ প্রদান

MRT Training Center থেকে নিম্নে বর্ণিত প্রশিক্ষণসমূহ প্রদান করা হয়:

- Rolling Stock (EMU Train Set)
- Signalling System (CBTC)
- Electrical System (Traction Power System)
- P-Way (Railway Track)
- MRT Train Operation
- Building Management System (BMS)
- Supervisory Control and Data Acquisition (SCADA)
- Metro Train Driving Training Using Driving Simulator
- Lift & Escalator
- Metro Rail General Procedure (MRGP)
- Accident, Incidents and Disaster Management System in MRT
- Technical Standards for Metrorail in Bangladesh 2015
- Safety Management System (SMS)
- Fire Detection and Prevention

বিশেষায়িত বৈদেশিক প্রশিক্ষণ

২০২২-২০২৩ অর্থবছরে ডিএমটিসিএল এবং এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের ৬০(ষাট)জন কর্মকর্তা মোট ০৯(নয়)টি বৈদেশিক প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন। প্রশিক্ষণের বিস্তারিত **পরিশিষ্ট-থ**। এই প্রশিক্ষণসমূহ হতে লব্ধ জ্ঞান ডিএমটিসিএল এবং এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহে কর্মরত সংশ্লিষ্টদের মধ্যে আনুষ্ঠানিকভাবে ছড়িয়ে দিয়েছেন।

গত ১৬ মার্চ ২০২৩ তারিখ সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন মেট্রোরেলের একটি পাতাল স্টেশন পরিদর্শন করছেন

হাতে কলমে নিবিড় প্রশিক্ষণ

ডিএমটিসিএল-এর আওতায় নবনিযুক্ত জনবলকে মেট্রোরেল পরিচালনা ও রক্ষণাবেক্ষণ সম্পর্কিত হাতে কলমে প্রশিক্ষণ প্রদানের জন্য এমআরটি লাইন-৬ এর আওতায় চলমান বিভিন্ন কন্ট্রাক্ট প্যাকেজসমূহের অধীন ২০২২-২০২৩ অর্থবছরে ৪৬টি প্রশিক্ষণ প্রোগ্রামের মাধ্যমে ৭০৭ (সাতশত সাত) জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণের এই ধারা অব্যাহত থাকবে।

এমআরটি লাইন-৬ এর কন্ট্রাক্ট প্যাকেজ CP-07 এর আওতায় হাতে কলমে প্রদত্ত নিবিড় প্রশিক্ষণ

বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রশিক্ষণার্থীগণের মাঠ প্রশিক্ষণ

বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রশিক্ষনার্থীগণ মাঠ প্রশিক্ষণের অংশ হিসেবে নিয়মিত মেট্রোরেলের উন্নয়ন কর্মকান্ড পরিদর্শন করে থাকেন। এই সময়ে প্রশিক্ষণার্থীগণকে মেট্রোরেল নেটওয়ার্ক, বাস্তবায়ন অগ্রগতি, বাস্তবায়ন চ্যালেঞ্জসমূহ ও উত্তরণ সম্পর্কে সম্যক ধারণা দেয়া হয়। ২০২২-২০২৩ অর্থ বছরে পাঁচটি মাঠ প্রশিক্ষণের আয়োজন করা হয়েছিল। এই প্রশিক্ষণে বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) এর Advanced Course on Administration & Development (ACAD) এর ১৪১ তম ব্যাচের প্রশিক্ষণার্থীগণ; ৪০ তম বিসিএস (সড়ক ও জনপথ) ক্যাডারে নব যোগদানকৃত কর্মকর্তাদের ওরিয়েন্টেশন প্রোগ্রামে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীগণ; সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের লার্নিং সেশনে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীগণ; National Academy for Planning and Development (NAPD) এর Development Administration এর ৩য় ব্যাচের প্রশিক্ষণার্থীগণ; NAPD এর Project Feasibility Study, EIA & DIA এর ১ম ব্যাচের প্রশিক্ষণার্থীগণ অংশগ্রহণ করেন।

BPATC এর ACAD কোর্সের ১৪১ তম ব্যাচের প্রশিক্ষণার্থীগণ

Disaster Management for Dhaka Metro Rail Network

Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় বাস্তবায়নাধীন অত্যাধুনিক গণপরিবহন ব্যবস্থা হিসেবে Metro Rail ব্যবস্থা দ্রুতগামী, নিরাপদ, নির্ভরযোগ্য, শীতাতপ নিয়ন্ত্রিত, সময় সাশ্রয়ী, বিদ্যুৎচালিত, পরিবেশবান্ধব ও দূরনিয়ন্ত্রিত। এই অত্যাধুনিক Metro Rail ব্যবস্থা প্রধানতঃ উন্নত নকশা, অত্যাধুনিক সরঞ্জামের ব্যবহার এবং যথাপযুক্ত পরিচালনা ও রক্ষণাবেক্ষণের উপর নির্ভরশীল। Metro Rail-এ একটি প্রথা প্রচলিত আছে যে- "শেষ ট্রেন ছাড়ার পর কাজ শুরু হয়"। এর প্রকৃত অর্থ হল- (১) রক্ষণাবেক্ষণ পরিচালনার চেয়ে বেশি গুরুত্বপূর্ণ (২) পরিচালনার চেয়ে রক্ষণাবেক্ষণ বেশি চ্যালেঞ্জিং (৩) যথাযথ রক্ষণাবেক্ষণ ব্যতীত Metro Rail সিস্টেমের নিরাপত্তা নিশ্চিত করা যায় না। এই লক্ষ্যকে সামনে রেখে MRT Line-6 এর পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক **The Accident, Incidents & Disaster Manual** for Dhaka Metro Rail প্রণয়ন করা হয়েছে।

ডিএমটিসিএল এর আওতায় বাস্তবায়নাধীন ৬টি মেট্রোরেলের রং

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর আওতায় বাস্তবায়নাধীন MRT Line-6 এর পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক Dhaka Metro Rail Network এর ৬টি মেট্রোরেলের রং ও রং এর কোড নিম্নোক্তভাবে নির্ধারণ করা হয়েছে:

এমআরটি লাইন	লাইনের রং বাংলা English	কালার কোড					
		Hex	3M	RGB	CYMK	Pantone	রং এর নমুনা
এমআরটি লাইন-৬	সবুজ Green	#006747	3630-6372	R0 G103 B71	C93 M10 Y75 K43	342 C	
এমআরটি লাইন-১	লাল Red	#DA291C	3630-143	R218 G41 B28	C0 M95 Y100 K0	485 C	
এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট	আসমানী Sky Blue	#00B5E2	3630-7413	R0 G181 B226	C75 M0 Y5 K0	306 C	
এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট	কমলা Orange	#FF8200	3630-74	R255 G130 B0	C0 M60 Y100 K0	151 C	
এমআরটি লাইন-২	বেগুনী Purple	#8031A7	VT22753	R128 G49 B167	C69 M99 Y0 K0	527 C	
এমআরটি লাইন-৪	নীল Blue	#003DA5	3630-187	R0 G61 B165	C100 M69 Y0 K4	293 C	

সেমিনার

Start of Operation of MRT Line-6 from Agargaon to Motijheel: Progress, Prospects and Beyond এর উপর গত ১৮ জুন ২০২৩ তারিখ Bangabandhu International Conference Center (BICC)-এ ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর উদ্যোগে একটি সেমিনার অনুষ্ঠিত হয়। এই সেমিনারে সম্মানিত প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী জনাব ওবায়দুল কাদের এমপি; সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব মোঃ আতিকুল ইসলাম। সেমিনারে সম্মানিত অতিথি হিসেবে আরও উপস্থিত ছিলেন His Excellency Mr. IWAMA Kiminori, Ambassador of Japan in Bangladesh এবং Mr. ICHIGUCHI Tomohide, Chief Representative, JICA Bangladesh Office. সেমিনারে সভাপতিত্ব করেন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সচিব জনাব এ বি এম আমিন উল্লাহ নূরী। সেমিনারে Start of Operation of MRT Line-6 from Agargaon to Motijheel: Progress, Prospects and Beyond ডিএমটিসিএল এর ব্যবস্থাপনা পরিচালক জনাব এম, এ, এন, ছিদ্দিক PowerPoint Presentation-এর মাধ্যমে তুলে ধরেন। সেমিনারে এমআরটি লাইন-৬ বাস্তবায়নের সঙ্গে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে যে সকল অংশীজন সম্পৃক্ত ছিলেন তাঁরা সকলেই সেমিনারে অংশগ্রহণ করেন। এমআরটি লাইন-৬ এর আগারগাঁও থকে মতিঝিল অংশের পরিচালন ও রক্ষণাবেক্ষণের সঙ্গে সরাসরি সম্পৃক্ত কর্মকর্তাগণও সেমিনারে অংশগ্রহণ করেন। উল্লেখ্য যে, প্রতি অর্থ বছরে একবার এই ধরণের সেমিনারের আয়োজন করে সকল অংশীজনকে এমআরটি লাইন-৬ এর বাস্তবায়ন কাজের অগ্রগতি, পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজের অগ্রগতি এবং ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কে অবহিত করা হয়।

গত ১৮ জুন ২০২৩ তারিখ BICC-তে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) কর্তৃক আয়োজিত সেমিনার

কর্মশালা

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫): সাউদার্ন রুট এর সঙ্গে সংশ্লিষ্ট এবং উপকারভোগীদের সমন্বয়ে গত ২৬ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ InterContinantal Dhaka তে এক Stakeholders' Workshop অনুষ্ঠিত হয়। এই কর্মশালায় এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট এর সঙ্গে সংশ্লিষ্ট অংশীজন অংশগ্রহণ করেন। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ। কর্মশালায় এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট এর রুট এ্যালাইনমেন্ট, স্টেশনের অবস্থান, নির্মাণ কৌশল ও বর্তমান অগ্রগতি নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান Egis Rail, SMEC International and Oriental Consultants Global (ESO) Consortium কর্তৃক PowerPoint Presentation-এর মাধ্যমে তুলে ধরা হয়। উপস্থিত অংশীজনগণের উত্থাপিত প্রশ্নের উত্তর প্রকল্প কর্তৃপক্ষ ও নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান বিস্তারিতভাবে প্রদান করেন।

গত ২৬ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট কর্তৃক আয়োজিত Stakeholders' Workshop

অংশীজন সভা

ঢাকা ম্যাস র‌্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫): নর্দার্ন রুট এর ডিপো ও ডিপো এক্সেস করিডোর এর ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসন সম্পর্কিত বিলামালিয়া মৌজা অংশের অংশীজনের সমন্বয়ে ঢাকা ম্যাস র‌্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫): নর্দার্ন রুট এর ডিপো এরিয়া, হেমায়েতপুর, সাভার, ঢাকায় গত ২৮ সেপ্টেম্বর ২০২২ তারিখ একটি অংশীজন সভা অনুষ্ঠিত হয়। এই অংশীজন সভায় সভাপতিত্ব করেন জনাব এম, এ, এন, ছিদ্দিক, ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)। এই সভায় উপস্থিত অংশীজন স্ব স্ব অভিমত তুলে ধরে মেট্রোরেল নির্মাণে ভূমি অধিগ্রহণে সার্বিক সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট এর ডিপো ও ডিপো এক্সেস করিডোর এর ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসন সম্পর্কিত অংশীজন সভা

মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন অনুসরণে MRT Line-6 মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত ১.১৬ কিলোমিটার বর্ধিত করার নিমিত্ত গত ১৬ নভেম্বর ২০২২ তারিখ কমলাপুর শেরে বাংলা রেলওয়ে স্কুল এন্ড কলেজে এই বর্ধিতাংশের ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসন সম্পর্কিত অংশীজনের সমন্বয়ে একটি অংশীজন সভা অনুষ্ঠিত হয়। এই অংশীজন সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব এম, এ, এন, ছিদ্দিক, ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)। সভায় উপস্থিত অংশীজন নিজ নিজ অভিমত তুলে ধরে বর্ধিতাংশের ভূমি অধিগ্রহণে সার্বিক সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

গত ১৬ নভেম্বর ২০২২ তারিখ এমআরটি লাইন-৬ মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত বর্ধিতকরণ বিষয়ক অংশীজন সভা

মাননীয় প্রধানমন্ত্রী গত ০২ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ সুধী সমাবেশে বাংলাদেশের প্রথম পাতাল মেট্রোরেল MRT Line-1 এর নির্মাণ কাজের শুভ উদ্বোধন করেছেন। এরই ধারাবাহিকতায় MRT Line-1 এর নির্মাণ কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত ১২টি পাতাল মেট্রোরেল স্টেশন এলাকায় পরিসেবা স্থানান্তর ও নির্মাণকালীন পথচারীদের নিরাপদ ও নির্বিঘ্ন চলাচল নিশ্চিত করার জন্য ট্রাফিক ব্যবস্থাপনা এর উপর গত ০৮ জুন ২০২৩ তারিখ একটি অংশীজন সভা অনুষ্ঠিত হয়। সভায় পরিসেবা স্থানান্তরের কর্মপরিকল্পনা এবং ট্রাফিক ব্যবস্থাপনায় করণীয় সম্পর্কে আলোচনা করা হয়। এই অংশীজন সভায় সভাপতিত্ব করেন জনাব এম, এ, এন, ছিদ্দিক, ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)।

গত ০৮ জুন ২০২৩ তারিখ এমআরটি লাইন-১ এর পাতাল মেট্রোরেল স্টেশনের পরিসেবা স্থানান্তরের অংশীজন সভা

উন্নয়ন সহযোগী সংস্থার সঙ্গে ঋণ চুক্তি স্বাক্ষর

৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর আওতায় বাস্তবায়নধীন MRT Line-6 নির্মাণের নিমিত্ত ০৫(পাঁচ)টি, MRT Line-1 নির্মাণের নিমিত্ত ০৩(তিন)টি এবং MRT Line-5: Northern Route নির্মাণের নিমিত্ত ০৩(তিন)টি মোট ১১(এগার)টি ঋণ চুক্তি বাংলাদেশ সরকার উন্নয়ন সহযোগী সংস্থা Japan International Cooperation Agency (JICA) এর সঙ্গে স্বাক্ষর করেছে। MRT Line-5: Southern Route নির্মাণের নিমিত্ত উন্নয়ন সহযোগী সংস্থা Asian Development Bank (ADB) এর সঙ্গে ১(এক)টি ঋণ চুক্তি স্বাক্ষর করেছে। ঋণ চুক্তির বিবরণ **পরিশিষ্ট-ধ** তে দেয়া হয়েছে।

ডিএমটিসিএল এর ভূ-সম্পত্তি

৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর ভূ-সম্পত্তির পরিমান সর্বমোট **২৮৬.৬৫৯৬৩** একর। তন্মধ্যে MRT Line-6 এবং এর আওতায় Transit Oriented Development (TOD) Hub ও Station Plaza নির্মাণের জন্য মোট ৯৪.৪৩৭১৩ একর ভূমি; MRT Line-1 এর ডিপো এবং ডিপো এক্সেস করিডোর নির্মাণের জন্য ৯২.৯৭২৫ একর ভূমি এবং এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট এর ডিপো ও ডিপো এক্সেস করিডোর নির্মাণের জন্য ৯৯.২৫ একর ভূমি রয়েছে। বিস্তারিত **পরিশিষ্ট-ন** তে দেয়া হয়েছে। ডিএমটিসিএল ভূ-সম্পত্তির ভূমি উন্নয়ন কর নিয়মিত পরিশোধ করে হচ্ছে।

সপ্তাহ, মেলা ও দিবস

শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৩

উর্দুকে পাকিস্তানের একমাত্র রাষ্ট্র ভাষা করার জন্য মুসলিম লীগের চক্রান্তের বিরুদ্ধে জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রস্তাবে ০২ মার্চ ১৯৪৮ তারিখ সর্বোদলীয় রাষ্ট্র ভাষা সংগ্রাম পরিষদ গঠন করা হয়। ১১ মার্চ ১৯৪৮ তারিখ বাংলা ভাষা দাবি দিবস পালন কর হয়। জেলে বন্দি অবস্থাতেই বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৫২ সালের রাষ্ট্র ভাষা আন্দোলনে নিজেকে সক্রিয়ভাবে জড়িয়ে রেখেছিলেন এবং আন্দোলনকে সফল করার জন্য জেল থেকেই পাঠাতেন গুরুত্বপূর্ণ নির্দেশনা। ১৬ ফেব্রুয়ারি ১৯৫২ তারিখ থেকে বঙ্গবন্ধু জেলের ভিতরেই টানা ১১ দিন ধরে আমরণ অনশন করেন। একুশে ফেব্রুয়ারি বাংলাদেশের জনগণের ভাষা আন্দোলনের মর্মন্তুদ ও গৌরবোজ্জল স্মৃতিবিজড়িত একটি দিন। ১৯৫২ সালের এই দিনে (৮ ফাল্গুন ১৩৫৮) বাংলাকে রাষ্ট্রভাষা করার দাবিতে আন্দোলনরত ছাত্রদের উপর পুলিশের গুলিবর্ষণে রফিক, জব্বার, শফিউল, সালাম, বরকত ও আরও অনেকে শহীদ হন। ২০১০ সালে জাতিসংঘ একুশে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা

করে। তখন থেকেই বাংলাদেশসহ বিশ্বের বিভিন্ন দেশে একুশে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে নিয়মিত উদ্‌যাপিত হয়ে আসছে। এরই ধারাবাহিকতায় গত ২১ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এবং এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের কর্মচারীগণের উপস্থিতিতে একুশে ফেব্রুয়ারি ভাষা শহীদদের প্রতি সম্মান জানাতে র‍্যালী যোগে কেন্দ্রীয় শহীদ মিনারে উপস্থিত হয়ে যথাযথ মর্যাদায় শ্রদ্ধাঞ্জলি অর্পণ করা হয়।

শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৩ উপলক্ষ্যে কেন্দ্রীয় শহীদ মিনারে টিম ডিএমটিসিএল এর শোক র‍্যালী

শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৩ উপলক্ষ্যে কেন্দ্রীয় শহীদ মিনারে টিম ডিএমটিসিএল এর শ্রদ্ধাঞ্জলি

উৎসব ও উদযাপন

ঈদ শুভেচ্ছা বিনিময় ২০২৩

গত ২৪ এপ্রিল ২০২৩ তারিখ ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এবং এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের কর্মকর্তাগণ ঈদুল ফিতর ২০২৩ উপলক্ষ্যে পরস্পর ঈদ শুভেচ্ছা বিনিময় করেন।

ঈদুল ফিতর ২০২৩ উপলক্ষ্যে ডিএমটিসিএল আয়োজিত ঈদ শুভেচ্ছা বিনিময়

English New Year 2023

গত ০১ জানুয়ারি ২০২৩ তারিখ ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এবং এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের কর্মচারীগণ এক অনাড়ম্বর কিন্তু আনন্দঘন পরিবেশে English New Year 2023-কে স্বাগতম জানায় এবং ইংরেজি নতুন বছরের শুভেচ্ছা বিনিময় করেন।

অনাড়ম্বর কিন্তু আনন্দঘন পরিবেশে English New Year 2023 উদ্‌যাপন

কর্মচারি কল্যাণ তহবিল

গত ০৫ জুলাই ২০২০ তারিখ ডিএমটিসিএল এর সিনিয়র ম্যানেজমেন্ট গ্রুপের সভার সিদ্ধান্ত অনুযায়ী নভেল করোনা ভাইরাস (COVID-19) মহামারীতে আক্রান্ত ১১-২০ গ্রেডের কর্মচারিদের সহায়তা করার নিমিত্ত ডিএমটিসিএল ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহে ১-১০ গ্রেডের কর্মচারিগণের স্বেচ্ছা অনুদানের মাধ্যমে ২,৮৩,০০০/- টাকার তহবিল সংগ্রহ করে **ডিএমটিসিএল কর্মচারী কল্যাণ তহবিল** গঠন করা হয়েছিল। ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত **ডিএমটিসিএল কর্মচারী কল্যাণ তহবিল** থেকে ১০ জন কর্মচারীকে মোট ২,০৭,৩০০/- টাকা অনুদান প্রদান করা হয়েছে। এই খাতে ৩১ মার্চ ২০২৩ তারিখে ৭৫,৭০০/- টাকা

স্থিতি আছে। বর্তমানে ডিএমটিসিএল ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের ১১-২০ গ্রেডের কর্মচারিগণ অসুস্থতাজনিত চিকিৎসা খরচ নির্বাহের নিমিত্ত **ডিএমটিসিএল কর্মচারী কল্যাণ তহবিল** হতে সহায়তার জন্য আবেদন করছেন। এই প্রেক্ষাপটে DMTCL Quick Response Team ডিএমটিসিএল ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের ১-১০ গ্রেডের কর্মচারিগণের ০১ দিনের বেতনের সমপরিমাণ অর্থ স্বেচ্ছা অনুদানের মাধ্যমে প্রদান করে পুনরায় এই তহবিলে অর্থ সংগ্রহের প্রস্তাব করা হয়। এরই ধারাবাহিকতায় ডিএমটিসিএল ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের ১ থেকে ১০ গ্রেড ভুক্ত ২৭২ জন কর্মচারির নিকট থেকে সর্বমোট ৫,৭১,০৭০/- (পাঁচ লক্ষ একাত্তর হাজার সত্তর) টাকা স্বেচ্ছা অনুদান পাওয়া গিয়েছে। এই অর্থ ডিএমটিসিএল এর কর্মচারী কল্যাণ তহবিলের ব্যাংক হিসেবে (হিসাবের শিরোনাম: DMTCL Karmochari Kallan Tohobil, হিসাব নম্বর-০১১৯৮০১০১৮৭২৯, সোনালী ব্যাংক লিমিটেড, মগবাজার শাখা) জমা প্রদান করা হয়েছে। ডিএমটিসিএল কর্মচারী কল্যাণ তহবিল সঠিকভাবে পরিচালনার জন্য একটি গঠনতন্ত্র প্রস্তুতের কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।

MRT Line-6 এর উত্তরা উত্তর থেকে আগারগাঁও মেট্রোরেল স্টেশন পর্যন্ত পরিচালনার লক্ষ্যে চুক্তিসমূহ

ডিএমটিসিএল ও ডিটিসিএ এর মধ্যে Public Transport Operator (PTO) চুক্তি

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর আওতায় পরিচালনাধীন MRT Line-6 এ MRT/Rapid Pass প্রবর্তন এবং কমিশন ক্লিয়ারিং হাউজের মাধ্যমে নিষ্পত্তির লক্ষ্যে গত ১৯ সেপ্টেম্বর ২০২২ তারিখ ডিএমটিসিএল ও ডিটিসিএ এর মধ্যে Public Transport Operator (PTO) চুক্তি স্বাক্ষরিত হয়।

ডিএমটিসিএল ও ডিটিসিএ এর মধ্যে Public Transport Operator (PTO) চুক্তি স্বাক্ষর

MRT Line-6 এর উত্তরা উত্তর থেকে আগারগাঁও মেট্রোরেল স্টেশন অংশের বাণিজ্যিক স্পেস ভাড়া

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারা নীতিমালা ২০২৩ গত ৩১ জানুয়ারি ২০২৩ তারিখ জারি করা হয়। এরই ধারাবাহিকতায় ডিএমটিসিএল এর বাণিজ্যিক স্পেস ভাড়া প্রদানের নিমিত্ত ১২ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ একটি কমিটি গঠন করা হয়েছে। এরই ধারাবাহিকতায় ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর আওতায় পরিচালনাধীন এবং রক্ষণাবেক্ষণাধীন MRT Line-6 এর উত্তরা উত্তর থেকে আগারগাঁও মেট্রোরেল স্টেশন পর্যন্ত মোট ৯(নয়)টি মেট্রোরেল স্টেশনে এসপায়ার টু ইনোভেট (এটুআই) কর্তৃক DIGIBOX স্থাপনের লক্ষ্যে ডিএমটিসিএল এবং এটুআই এর মধ্যে গত ৩০ এপ্রিল ২০২৩ তারিখ বাণিজ্যিক স্পেস ভাড়ার চুক্তি স্বাক্ষরিত হয়।

ডিএমটিসিএল এবং এটুআই এর মধ্যে বাণিজ্যিক স্পেস ভাড়ার চুক্তি স্বাক্ষর

MRT Line-6 এর মেট্রো ট্রেনের অভ্যন্তরে আলোকিত ও অনালোকিত বিজ্ঞাপন স্পেস ভাড়া/ইজারা

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর আওতায় পরিচালনাধীন এবং রক্ষণাবেক্ষণাধীন MRT Line-6 এর মেট্রো ট্রেনের অভ্যন্তরে আলোকিত ও অনালোকিত বিজ্ঞাপন স্পেস ভাড়া/ইজারা প্রদানের লক্ষ্যে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এবং বিজ্ঞাপন দাতা কোম্পানির মধ্যে MRT Line-6 এর মেট্রো ট্রেনের অভ্যন্তরে আলোকিত ও অনালোকিত বিজ্ঞাপন স্পেস ভাড়া/ইজারা চুক্তির নিমিত্ত একটি খসড়া চুক্তিপত্র, দর প্রস্তাব (Price Quotation), আবেদনপত্র এবং বিজ্ঞপ্তি প্রনয়ণ করে গত ০৪ জুন ২০২৩ তারিখ দরপত্র আহ্বান করা হয়েছে।

ডিএমটিসিএল ও ডিবিবিএল এর মধ্যে ক্যাশ কালেকশন, জমা ও নিষ্পত্তিকরণ সম্পর্কিত চুক্তি

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর আওতায় পরিচালনাধীন MRT Line-6 এর উত্তরা উত্তর থেকে আগারগাঁও মেট্রোরেল স্টেশন পর্যন্ত অংশ পরিচালনা থেকে আয়ের ক্যাশ কালেকশন, জমা ও নিষ্পত্তি (Settlement) করার নিমিত্তে ডিএমটিসিএল ও ডাচ্-বাংলা ব্যাংক লিমিটেড (ডিবিবিএল) এর মধ্যে গত ০৯ মে ২০২৩ তারিখ একটি চুক্তি স্বাক্ষরিত হয়।

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) ও ডিবিবিএল এর মধ্যে চুক্তি স্বাক্ষর

আউটসোর্সিং জনবল নিয়োগের নিমিত্ত ডিএমটিসিএল ও মেসার্স একে ট্রেডার্স লিমিটেড এর মধ্যে চুক্তি

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর আওতায় পরিচালনাধীন এবং রক্ষণাবেক্ষণাধীন MRT Line-6 এর ডিপো এরিয়া, উত্তরা উত্তর থেকে পল্লবী পর্যন্ত ৪(চার)টি মেট্রোরেল স্টেশন, বিদ্যমান স্থাপনাসমূহ ও সংশ্লিষ্ট এলাকাসমূহ আউটসোর্সিং পদ্ধতিতে পরিষ্কার পরিচ্ছন্নতা, নিরাপত্তা বিধান ও আনুসাঙ্গিক অন্যান্য সেবাসমূহ সরবরাহের জন্য ডিএমটিসিএল ও মেসার্স একে ট্রেডার্স লিমিটেড এর মধ্যে গত ২২ মে ২০২৩ তারিখ একটি চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি অনুযায়ী মেসার্স একে ট্রেডার্স লিমিটেড প্রয়োজনীয় সংখ্যক আউটসোর্সিং জনবল সরবরাহ করছে।

ডিএমটিসিএল ও মেসার্স একে ট্রেডার্স লিমিটেড এর মধ্যে চুক্তি স্বাক্ষর

আউটসোর্সিং জনবল নিয়োগের নিমিত্ত ডিএমটিসিএল ও মেসার্স বৈশাখী সিকিউরিটি সার্ভিসেস এর মধ্যে চুক্তি

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর আওতায় পরিচালনাধীন এবং রক্ষণাবেক্ষণাধীন MRT Line-6 এর মিরপুর-১১ মেট্রোরেল স্টেশন থেকে আগারগাঁও মেট্রোরেল স্টেশন পর্যন্ত ৫(পাঁচ)টি মেট্রোরেল স্টেশনের পরিষ্কার পরিচ্ছন্নতা, নিরাপত্তা বিধান ও আনুসাঙ্গিক অন্যান্য সেবাসমূহ সরবরাহের জন্য ডিএমটিসিএল ও মেসার্স বৈশাখী সিকিউরিটি সার্ভিসেস এর মধ্যে গত ২২ মে ২০২৩ তারিখ একটি চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি অনুযায়ী মেসার্স একে ট্রেডার্স লিমিটেড প্রয়োজনীয় সংখ্যক আউটসোর্সিং জনবল সরবরাহ করছে।

ডিএমটিসিএল ও মেসার্স বৈশাখী সিকিউরিটি সার্ভিসেস এর মধ্যে চুক্তি স্বাক্ষর

পুরুস্কার ও সম্মাননা

U.S.-based not-for-profit professional organization গত ০৩ জুন ২০২৩ তারিখ ঢাকায় Project Management Institute (PMI) Bangladesh কর্তৃক আয়োজিত Project Management Regional Conference-এ জনাব এম, এ, এন, ছিদ্দিক, ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-কে Glorious Project Management Award প্রদান করে।

PMI Bangladesh কর্তৃক জনাব এম, এ, এন, ছিদ্দিক, ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল-কে Glorious Project Management Award প্রদান

International Business Magazine **The InCap** এর জানুয়ারি ২০২৩ সংখ্যার প্রচ্ছদে জাতীয় ও আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন ব্যক্তিবর্গের সঙ্গে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পনি লিমিটেড (ডিএমটিসিএল) এর ব্যবস্থাপনা পরিচালক জনাব এম, এ, এন, ছিদ্দিক এঁর ছবি এবং Magazine-এ Dhaka Metro Rail সম্পর্কিত প্রবন্ধ প্রকাশিত হয়েছে।

প্রবন্ধটি পড়তে নিচের লিংকে ক্লিক করুন- https://theincap.com/hello-23-muhammad-abu-nur-siddique/

ডিএমটিসিএল এর অডিট আপত্তি

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর পরিচালন ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম পর্যালোচনা করে গত ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত মোট ০৮টি অডিট আপত্তি পরিবহন অডিট অধিদপ্তর কর্তৃক কর্তৃক উত্থাপন করা হয়। তন্মধ্যে সাধারণ আপত্তি ০৭টি এবং অগ্রিম আপত্তি ০১টি। ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত মোট ০৪টি ও ০১টির আংশিক আপত্তি নিষ্পত্তি হয়েছে। তন্মধ্যে সাধারণ আপত্তি ০৩টি ও ০১টির আংশিক এবং অগ্রিম আপত্তি ০১টি নিষ্পত্তি হয়েছে। অবশিষ্ট মোট সাধারণ ০৩টি ও ০১টির আংশিক আপত্তি নিষ্পত্তির কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। নিরিক্ষা প্রতিবেদন ভিত্তিক অগ্রগতি নিম্নে বিবরণীতে দেয়া হল:

ক্রম	অর্থবছর	অডিট আপত্তির বিবরণ			আপত্তির ধরণ	মন্তব্য
		আপত্তির সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	অনিষ্পন্ন		
১.	২০১৩-২০১৪ হতে ২০২০-২০২১	০৫	০৪টি পূর্ণ ১টির আংশিক	১টির আংশিক	পার্ট A =০১টি পার্ট B =০৪টি	পার্ট B ভুক্ত ১টির আংশিক অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।
২.	২০২১-২০২২	০৩	-	০৩টি পূর্ণ	পার্ট A = নেই পার্ট B =০৩টি	পার্ট B ভুক্ত ০৩টি অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।
মোট=		০৮	০৪টি পূর্ণ ১টির আংশিক	০৩টি পূর্ণ ১টির আংশিক	পার্ট A =০১টি পার্ট B =০৭টি	

পার্ট A = অগ্রিম আপত্তি

পার্ট B = সাধারণ আপত্তি

মেট্রোরেল এর প্রভাব

যানজট নিরসনে মেট্রোরেল: মেট্রোরেলে অল্প সময়ে অধিক সংখ্যায় যাত্রী দ্রুত পরিবহন করা সম্ভব হয়। সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ অনুযায়ী ০৬টি এমআরটি লাইন বা মেট্রোরেল নির্মাণ সম্পন্ন হলে ২০৩০ সালে দৈনিক প্রায় ৫২ লক্ষ ৪০ হাজার জন যাত্রী মেট্রোরেল ব্যবহার করে যাতায়াত করতে পারবেন। এতে লাইনসমূহের রুট এ্যালাইমেন্ট বরাবর সড়কে ছোট ছোট যানবাহনের ব্যবহার ব্যাপকভাবে হ্রাস পেয়ে যানজট নিরসনে ইতিবাচক ভূমিকা রাখবে। গত ২৮ ডিসেম্বর ২০২২ তারিখ মাননীয় প্রধানমন্ত্রী এমআরটি লাইন-৬ এর উত্তরা উত্তর থেকে আগারগাঁও অংশের শুভ উদ্বোধন করেন। ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত এই অংশে প্রতিদিন গড়ে ৮০ হাজার যাত্রী যাতায়াত করেছেন। ফলশ্রুতিতে এই অংশে সড়ক যানবাহনের সংখ্যা কমতে শুরু করেছে। ঢাকা মহানগরীর যাতায়াত ব্যবস্থায় ভিন্ন মাত্রা ও গতি যোগ হচ্ছে। মহানগরবাসীর কর্মঘন্টা সাশ্রয় হতে শুরু করেছে।

ক্রম	লাইনের নাম	সংশোধিত দৈনিক যাত্রী সংখ্যা
১.	এমআরটি লাইন-৬	৬,৭৭,৩০০
২.	এমআরটি লাইন-১	১০,১৭,০০০
৩.	এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট	১২,৩০,০০০
৪.	এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট	৭,৯৪,৭৬৬
৫.	এমআরটি লাইন-২	১০,৮৪,৬০০
৬.	এমআরটি লাইন-৪	৪,৩৬,৯৭৭
মোট=		**৫২,৪০,৬৪৩**

পরিবেশ উন্নয়নে মেট্রোরেল: মেট্রোরেল সম্পূর্ণ বিদ্যুৎ চালিত বিধায় কোনো ধরণের জীবাশ্ম ও তরল জ্বালানী ব্যবহৃত হয় না। ফলে বায়ু দূষণ হওয়ার কোনো সুযোগ নেই। Railway Track এর নিচে Mass Spring System রয়েছে। Continuous Welded Rail ব্যবহার করা হয়। MRT Line-6 এর ভায়াডাক্টের উভয় পার্শ্বে শব্দ প্রতিবন্ধক দেয়াল রয়েছে এবং পাতাল মেট্রোরেলসমূহের টানেল সংলগ্ন মাটি শব্দ প্রতিরোধক হিসেবে কাজ করবে। ফলশ্রুতিতে মেট্রোরেল সার্বিকভাবে শব্দ ও কম্পন দূষণে কোনো নেতিবাচক প্রভাব ফেলে না। সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ অনুযায়ী ০৬টি এমআরটি লাইন বা মেট্রোরেল নির্মাণ সম্পন্ন হলে ২০৩০ সালে বছরে প্রায় ১২ লক্ষ টন কার্বন নিঃসরণ হ্রাস পাবে। বায়ু দুষণ হ্রাসে ব্যাপক ইতিবাচক ভূমিকা রাখবে।

ক্রম	লাইনের নাম	কার্বন নিঃসরণ হ্রাস (টন/বছর)
১.	এমআরটি লাইন-৬	২,০২,৭৬২
২.	এমআরটি লাইন-১	১,৪১,৬৪৮
৩.	এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট	১,৩৯,৩৮১
৪.	এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট	২,০৭,৯৬৪
৫.	এমআরটি লাইন-২	Feasibility Study হওয়ার পর চূড়ান্ত করা হবে।
৬.	এমআরটি লাইন-৪	
	মোট=	**৬,৯১,৭৫৫**

মেট্রোরেলের অর্থনৈতিক প্রভাব: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাজধানী ঢাকা দেশের সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক কর্মকান্ডের কেন্দ্রবিন্দু। দেশের সম্পূর্ণ জিডিপিতে ঢাকার অবদান প্রায় ৩৬ শতাংশ। ঢাকার জনসংখ্যার ঘনত্ব প্রতি বর্গ কিলোমিটারে প্রায় ৫০ হাজার। ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত ঢাকা মহানগরীর নিবন্ধিত যানবাহনের সংখ্যা ২০ লক্ষ ১৯ হাজার ০৯ শত ৪১টি। ঢাকা মহানগরীর সড়ক ঘনত্ব প্রতি বর্গ কিলোমিটারে ৬.১২ কিলোমিটার। এতে মহানগরীর যানজট তীব্র আকার ধারণ করেছে এবং ক্রমাবনতী হচ্ছে। ঢাকা মহানগরীতে যানজট এবং এর ফলশ্রুত প্রভাবে বার্ষিক প্রায় ৩.৮ বিলিয়ন মার্কিন ডলার ক্ষতি হচ্ছে। MRT Line-6 এর সম্পূর্ণ অংশ চালু হওয়ার পর মেট্রোরেল পরিচালনাকালে দৈনিক Travel Time Cost বাবদ প্রায় ৮ কোটি ৩৮ লক্ষ টাকা এবং Vehicle Operation Cost বাবদ প্রায় ১ কোটি ১৮ লক্ষ টাকা সাশ্রয় হবে। সাশ্রয়কৃত অর্থ দেশের অর্থনৈতিক উন্নয়নে ইতিবাচক ভূমিকা রাখবে। GDP Growth Rate বৃদ্ধি পাবে।

কর্মসংস্থান সৃষ্টিতে মেট্রোরেল: অত্যাধুনিক নগর পরিবহন হিসেবে মেট্রোরেল বিভিন্ন প্রকৌশল বিভাগের একটি সমন্বিত কার্যক্রম। ঢাকা মেট্রোরেল নেটওয়ার্ক নির্মাণের নিমিত্ত সরকারের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ বাস্তবায়িত হওয়ার পর শুধু ডিএমটিসিএল এর অধীনে নতুন ১২ হাজার গ্র্যাজুয়েট প্রকৌশলী ও মাঠ প্রকৌশলীদের চাকুরীর সংস্থান হবে। এরই ধারাবাহিকতায় Forward ও Backward Linkage শিল্প স্থাপন ও সেবা কার্যক্রমের মাধ্যমে আরও চারগুণ নতুন কর্মসংস্থান সৃষ্টির সম্ভাবনা রয়েছে। ফলশ্রুতিতে মেট্রোরেল নেটওয়ার্ক নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও পরিচালনার জন্য দেশের অভ্যন্তরে দক্ষ জনশক্তি তৈরী হবে। এই দক্ষ জনশক্তি দেশের চাহিদা পূরণ করেও বিশ্বের বিভিন্ন দেশের সম্প্রসারমান মেট্রোরেলে কাজ করতে পারবেন। এতে বাংলাদেশের Remittance প্রবাহে ইতিবাচক প্রভাব পড়বে।

বিশেষ চাহিদাসম্পন্নদের জন্য মেট্রোরেল: ঢাকা মেট্রোরেলে বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তিদের জন্য উন্নত বিশ্বের ন্যায় প্রয়োজনীয় সুবিধাদি অন্তর্ভুক্ত করা হয়েছে। হুইল চেয়ার ব্যবহারকারীদের জন্য নিম্নতর উচ্চতায় টিকেটিং বুথ, অপেক্ষাকৃত প্রশস্ত স্বয়ংক্রিয় ভাড়া সংগ্রহ গেইট, হুইল চেয়ার ব্যবহারে সামঞ্জস্যপূর্ণ ওয়াশ রুম, মেট্রো ট্রেনের উভয় প্রান্তের কোচের অভ্যন্তরে হুইল চেয়ারের জন্য নির্ধারিত স্থান, হুইল চেয়ার ব্যবহার বান্ধব লিফ্‌ট ইত্যাদি রয়েছে। হুইল চেয়ার ব্যবহারকারী যাত্রীদের স্বাচ্ছন্দ্যে স্টেশনে উঠা-নামার জন্য লিফ্‌টের সম্মুখে ঢালু পথ (Ramp) আছে। দৃষ্টি প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য স্টেশন এলাকায়, লিফ্‌টে এবং ট্রেনের অভ্যন্তরে অডিও ইনফরমেশন সিস্টেম; ব্লাইন্ড স্টিক দ্বারা সহজে অনুধাবনযোগ্য Tactile টাইলস্ দ্বারা নির্মিত আলাদা রংয়ের চলার পথ; লিফ্‌টের অভ্যন্তরে ব্রেইল (Braille) বাটন ইত্যাদি আছে। বাক ও শ্রবণ প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য ভিজুয়াল ডিসপ্লে/মনিটরে সেবা ও চলাচলের দিকনির্দেশনা ইত্যাদি রয়েছে। সুবিধাদির ছবি সম্বলিত বর্ণনা পরিশিষ্ট-দ তে দেয়া হয়েছে।

বয়স্ক, মহিলা ও শিশুদের জন্য মেট্রোরেল: মেট্রোরেলে মহিলা যাত্রীগণের নিরাপদ ও স্বাচ্ছন্দ্য যাতায়াত নিশ্চিত করার জন্য প্রতিটি মেট্রো ট্রেনের সম্মুখভাগে একটি স্বতন্ত্র মহিলা কোচ আছে। এতে প্রতি ট্রেনে প্রতিবার সর্বোচ্চ ৩৭৪ জন মহিলা যাত্রী শিশুসহ যাতায়াত করতে পারেন। মহিলা যাত্রীগণ ইচ্ছা করলে অন্য কোচেও যাতায়াত করতে পারেন। গর্ভবতী মহিলা যাত্রীগণের জন্য মেট্রোরেল স্টেশনে লিফটের ব্যবস্থা আছে এবং মেট্রো ট্রেনে আসন সংরক্ষিত আছে। এতে মহিলা যাত্রীগণ সহজে ও নিরাপদে কর্মক্ষেত্রে ও প্রত্যাশিত স্থানে দ্রুততম সময়ের মধ্যে যাতায়াত করতে পারছেন। মেট্রোরেল স্টেশনসমূহে প্ল্যাটফর্মে মহিলা যাত্রীদের

জন্য পৃথক টয়লেটের ব্যবস্থা আছে এবং এতে শিশুদের ডায়াপার পরিবর্তনের সুবিধা সংযোজিত আছে। বয়স্ক যাত্রীগণের জন্যও মেট্রো ট্রেনের কোচের অভ্যন্তরে আসন সংরক্ষিত রয়েছে। কাজেই মেট্রোরেলে সবাই নিরাপদে ও স্বাচ্ছন্দ্যে যাতায়ত করতে পারছেন।

মেট্রো ট্রেনে সংরক্ষিত মহিলা কোচের দিকনির্দেশনা

পরিশিষ্ট-ক

৩০ জুন ২০২৩ তারিখ ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর পরিচালনা পরিষদ

ক্রম	নাম ও পদবি	পরিচালনা পরিষদে অবস্থান	
১	জনাব এ বি এম আমিন উল্লাহ নূরী সচিব সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ	চেয়ারম্যান	
২	বেগম নীলুফার আহমেদ মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী (সচিব পদমর্যাদায়) প্রধানমন্ত্রীর কার্যালয়	পরিচালক	
৩	জনাব মোহাম্মদ মেহেদী হাসান চৌধুরী অতিরিক্ত এ্যাটর্নি জেনারেল এ্যাটর্নি জেনারেল-এর কার্যালয়	পরিচালক	
৪	জনাব সাবিহা পারভীন নির্বাহী পরিচালক (অতিরিক্ত সচিব) ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)	পরিচালক	
৫	অধ্যাপক ড. মোঃ মিজানুর রহমান অধ্যাপক পুরকৌশল বিভাগ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)	পরিচালক	

ক্রম	নাম ও পদবি	পরিচালনা পরিষদে অবস্থান	
৬	জনাব মুস্তাকীম বিল্লাহ ফারুকী অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) স্থানীয় সরকার বিভাগ	পরিচালক	
৭	জনাব মোহাম্মদ মানজারুল মান্নান অতিরিক্ত সচিব অর্থ বিভাগ	পরিচালক	
৮	জনাব মোঃ ইয়াসীন অতিরিক্ত সচিব রেলপথ মন্ত্রণালয়	পরিচালক	
৯	জনাব মোহা: গোলাম রাব্বানী যুগ্মসচিব (বাজেট) বিদ্যুৎ বিভাগ	পরিচালক	
১০	জনাব মোঃ মনিরুজ্জামান এফসিএ প্রেসিডেন্ট ইনস্টিটিউট অব চার্টার্ড একাউন্টেন্টস অব বাংলাদেশ (আইসিএবি), ঢাকা	পরিচালক	
১১	জনাব এম, এ, এন, ছিদ্দিক ব্যবস্থাপনা পরিচালক ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)	পরিচালক	

পরিশিষ্ট-খ

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর জন্মলগ্ন থেকে ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত সময়ে অনুষ্ঠিত পরিচালনা পরিষদের সভার বিবরণী

ক্রম	বোর্ড সভা	সভার তারিখ
০১	১ম সভা	১৬ নভেম্বর ২০১৪
০২	২য় সভা	২৯ জানুয়ারি ২০১৫
০৩	৩য় সভা	১৬ মার্চ ২০১৫
০৪	৪র্থ সভা	১৬ এপ্রিল ২০১৫
০৫	৫ম সভা	২৮ জুন ২০১৫
০৬	৬ষ্ঠ সভা	২৭ আগস্ট ২০১৫
০৭	৭ম সভা	২৫ নভেম্বর ২০১৫
০৮	৮ম সভা	৩১ ডিসেম্বর ২০১৫
০৯	৯ম সভা	০২ মার্চ ২০১৬
১০	১০ম সভা	১৬ মার্চ ২০১৬
১১	১১তম সভা	১৩ এপ্রিল ২০১৬
১২	১২তম সভা	১৯ মে ২০১৬
১৩	১৩তম সভা	০৩ আগস্ট ২০১৬
১৪	১৪তম সভা	২৫ সেপ্টেম্বর ২০১৬
১৫	১৫তম সভা	১৯ ডিসেম্বর ২০১৬
১৬	১৬তম সভা	২৮ ডিসেম্বর ২০১৬
১৭	১৭তম সভা	১৩ ফেব্রুয়ারি ২০১৭
১৮	১৮তম সভা	০২ এপ্রিল ২০১৭
১৯	১৯তম সভা	১৭ মে ২০১৭
২০	২০তম সভা	১৬ জুলাই ২০১৭
২১	২১তম সভা	১৭ আগস্ট ২০১৭
২২	২২তম সভা	২৭ ডিসেম্বর ২০১৭
২৩	২৩তম সভা	০৪ মার্চ ২০১৮
২৪	২৪তম সভা	০৫ এপ্রিল ২০১৮
২৫	২৫তম সভা	১০ মে ২০১৮
২৬	২৬তম সভা	১২ জুলাই ২০১৮
২৭	২৭তম সভা	২৭ সেপ্টেম্বর ২০১৮
২৮	২৮তম সভা	২২ নভেম্বর ২০১৮
২৯	২৯তম সভা	১০ ডিসেম্বর ২০১৮
৩০	৩০তম সভা	২৬ ডিসেম্বর ২০১৮
৩১	৩১তম সভা	২৭ মার্চ ২০১৯
৩২	৩২তম সভা	২০ জুন ২০১৯
৩৩	৩৩তম সভা	২৯ সেপ্টেম্বর ২০১৯
৩৪	৩৪তম সভা	১৮ নভেম্বর ২০১৯
৩৫	৩৫তম সভা	১৫ ডিসেম্বর ২০১৯
৩৬	৩৬তম সভা	২৩ ডিসেম্বর ২০১৯
৩৭	৩৭তম সভা	০৮ জুন ২০২০
৩৮	৩৮তম সভা	০৬ অক্টোবর ২০২০
৩৯	৩৯ তম সভা	০৯ ডিসেম্বর ২০২০
৪০	৪০তম সভা	২০ ডিসেম্বর ২০২০
৪১	৪১তম সভা	৩০ ডিসেম্বর ২০২০
৪২	৪২তম সভা	২৮ মার্চ ২০২০
৪৩	৪৩তম সভা	৩১ অক্টোবর ২০২১
৪৪	৪৪তম সভা	৩০ নভেম্বর ২০২১
৪৫	৪৫তম সভা	২৯ ডিসেম্বর ২০২১
৪৬	৪৬তম সভা	০৯ জুন ২০২২
৪৭	৪৭তম সভা	০৭ সেপ্টেম্বর ২০২২
৪৮	৪৮তম সভা	১৪ নভেম্বর ২০২২
৪৯	৪৯তম সভা	১৬ নভেম্বর ২০২২
৫০	৫০তম সভা	২০ ডিসেম্বর ২০২২
৫১	৫১তম সভা	২৬ জানুয়ারি ২০২৩
৫২	৫২তম সভা	১৮ এপ্রিল ২০২৩
৫৩	৫৩তম সভা	০৯ মে ২০২৩

<u>**পরিশিষ্ট-গ**</u>

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এ ০১ জুলাই ২০২২ থেকে ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত যাঁরা পরিচালনা পরিষদের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন তাঁদের তালিকা

ক্রম	নাম ও পদবি	পরিচালনা পরিষদে অবস্থান	সময়	
			হতে	পর্যন্ত
১	জনাব এ বি এম আমিন উল্লাহ নুরী সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ	চেয়ারম্যান	০৪ জুন ২০২২	চলমান
২	বেগম নীলুফার আহমেদ মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী (সচিব পদমর্যাদা) প্রধানমন্ত্রীর কার্যালয়	পরিচালক	২৭ মে ২০১৩	চলমান
৩	জনাব মোহাম্মদ মেহেদী হাসান চৌধুরী অতিরিক্ত এ্যাটর্নি জেনারেল এ্যাটর্নি জেনারেল-এর কার্যালয়	পরিচালক	১৪ ফেব্রুয়ারি ২০২১	চলমান
৪	জনাব নীলিমা আখতার নির্বাহী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), ডিটিসিএ	পরিচালক	২৯ নভেম্বর ২০২১	০৬ সেপ্টেম্বর ২০২২
	জনাব সাবিহা পারভীন নির্বাহী পরিচালক (অতিরিক্ত সচিব), ডিটিসিএ		০৭ সেপ্টেম্বর ২০২২	চলমান
৫	অধ্যাপক ড. মোঃ হাদিউজ্জামান পরিচালক এক্সিডেন্ট রিসার্চ ইন্সটিটিউট, বুয়েট	পরিচালক	১২ জানুয়ারি ২০২১	০৯ মে ২০২৩
	অধ্যাপক ড. মোঃ মিজানুর রহমান অধ্যাপক পুরকৌশল বিভাগ, বুয়েট, ঢাকা		১০ মে ২০২৩	চলমান
৬	জনাব মুস্তাকীম বিল্লাহ ফারুকী অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) স্থানীয় সরকার বিভাগ	পরিচালক	০৭ সেপ্টেম্বর ২০২২	চলমান
৭	জনাব বিশ্বজিৎ ভট্টাচার্য্য খোকন এনডিসি অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ	পরিচালক	২৮ ডিসেম্বর ২০২১	০৯ মে ২০২৩
	জনাব মোহাম্মদ মানজারুল মান্নান অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ		১০ মে ২০২৩	চলমান
৮	জনাব মো: ফারুকুজ্জামান অতিরিক্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়	পরিচালক	০৫ ফেব্রুয়ারি ২০২০	০৯ মে ২০২৩
	জনাব মোঃ ইয়াসীন অতিরিক্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়		১০ মে ২০২৩	চলমান
৯	জনাব মোহা: গোলাম রাব্বানী যুগ্মসচিব (বাজেট) বিদ্যুৎ বিভাগ	পরিচালক	২৩ জানুয়ারি ২০১৯	চলমান
১০	জনাব মো: শাহাদাৎ হোসেন এফসিএ প্রেসিডেন্ট, আইসিএবি, ঢাকা	পরিচালক	২৩ জানুয়ারি ২০২২	০৯ মে ২০২৩
	জনাব মোঃ মনিরুজ্জামান এফসিএ প্রেসিডেন্ট, আইসিএবি, ঢাকা		১০ মে ২০২৩	চলমান
১১	জনাব এম, এ, এন, ছিদ্দিক ব্যবস্থাপনা পরিচালক ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড	পরিচালক	২৬ অক্টোবর ২০১৭	চলমান

বিশ্বের যে সকল দেশে মেট্রোরেল চালু আছে মেট্রোরেল উদ্বোধনের সাল অনুযায়ী সেই সকল দেশের তালিকা

